CMYK

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 15 October 2022 ■ আগরতলা ১৫ অক্টোবর, ২০২২ ইং ■ ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## বিজেপির জোটসঙ্গী আইপিএফটি নিশ্চিহ্নের পথে

## বিধায়ক পদে ইস্তফা ধনঞ্জয়ের, যোগ দিচ্ছেন মথায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** ত্রিপুরায় বিধানসভা নির্বাচন ঘনিয়ে আসতেই শাসক জোট শিবিরে ঝড় উঠেছে। আইপিএফটির এক বিধায়ক আজ বিধানসভার সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন। সবচেয়ে চমকের বিষয় হল, তিপরা মথার সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মাকে সাথে নিয়ে ৪৪-রাইমাভ্যালী বিধানসভা কেন্দ্রের আইপিএফটির বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষের কাছে পদত্যাগ পত্র তুলে দিয়েছেন। অধ্যক্ষ রতন চক্রবর্তী জানিয়েছেন, নিয়ম মেনেই বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়েছেন ধনঞ্জয় ত্রিপুরা। সমস্ত কিছু পরীক্ষা-নিরীক্ষার পর তাঁর পদত্যাগ গ্রহণ করা হয়েছে।

প্রসঙ্গত, ২০১৮ সালে ত্রিপুরায় সরকার পরিবর্তন হওয়ার পর থেকে এখন পর্যন্ত বিজেপির পাঁচ জন এবং আইপিএফটির দুইজন বিধায়ক পদত্যাগ করেছেন। তাঁদের মধ্যে প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা ৯-বনমালীপুর কেন্দ্রের বিধায়ক বিপ্লব কুমার দেব রাজ্যসভার সাংসদ নির্বাচিত হওয়ায় বিধানসভার সদস্য পদে পদত্যাগ করেছেন। এদিকে, উপনির্বাচনে একটি আসন কংগ্রেস দখলে নিয়েছে এবং দুইটি আসন বিজেপি দখলে রেখতে পেরেছে। আজ ধনঞ্জয় ত্রিপুরার পদত্যাগে এই মুহূর্তে উপনির্বাচনের প্রয়োজন হবে না। ফলে, সিমনা, করবুক ও বনমালীপুর বিধানসভা কেন্দ্রের পাশাপাশি রাইমাভ্যালী বিধানসভা কেন্দ্রও ২০২৩ বিধানসভা নির্বাচন পর্যন্ত শূন্য থেকে যাবে।



মথা সুপ্রিমো প্রদ্যুৎ কিশোর দেববর্মার উপস্থিতিতে বিধানসভার অধ্যক্ষ রতন চক্রবর্তীর হাতে বিধায়ক পদে ইস্তফাপত্র তুলে দিয়েছেন আইপিএফটির ধনঞ্জয় ত্রিপুরা। ছবি নিজস্ব।

এদিন অধ্যক্ষের কাছে পদত্যাগ পত্র জমা দিয়ে ধনঞ্জয় ত্রিপুরা আইপিএফটির বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগড়ে দিয়েছেন। তাঁর দাবি, আইপিএফটির সাথেই রাজনৈতিক জীবনের সূচনা হয়েছিল। ৮ বছর ওই দলে থেকে জনজাতি কল্যাণের বদলে হতাশ হতে হয়েছে। জনজাতি কল্যাণ এখনো অলীক স্বপ্ন, তাই আইপিএফটি দল ত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছি। সে মোতাবেক বিধানসভার সদস্যপদ থেকে ইস্তফা দিয়েছি।

তিনি আজ আনুষ্ঠানিকভাবে তিপরা মথা দলে যোগ দেবেন। মথা সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মণ এই বিষয়টি নিশ্চিত করেছেন। তাঁর বক্তব্য, আইপিএফটিতে থেকে জনজাতিদের কল্যাণে দাবি আদায় সম্ভব হয়নি। তাই, বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়ে ধনঞ্জয় ত্রিপুরা তিপরা মথা দলে যোগ দেবেন। ইতিপূর্বে আইপিএফটি বিধায়ক পদে পদত্যাগ করে বৃষকেতু দেববর্মাও তিপরা ☛ ৬ এর পাতায় দেখুন

## ইউজিটির ২৫৬ জনের অফার জমা নিল শিক্ষা দপ্তর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** অর্থ দপ্তর থেকে অনুমোদন পাওয়ার পর টেট থেকে প্রদেয় তালিকা অনুযায়ী পুজোর আগেই জি টি এবং ইউ জি টি-দের অফার ছাড়া হয়।

শুক্রবার সারা রাজ্যের ইউ জি টি-র ২৫৬ জনের অফার জমা নেওয়া হয়। অন্যদিকে ১৮ অক্টোবর জি টি-র ২৫৮ জনের অফার জমা নেওয়া হবে বলে জানান শিক্ষা দপ্তরের ও এস ডি অভিজিৎ সমাজপতি।

উমাকান্ত ইংলিশ মিডিয়াম স্কুলে অফারগুলি জমা নেওয়া হয়। অফারের সঙ্গে শংসাপত্রগুলি জমা নেওয়া হচ্ছে। পরবর্তীতে এই শংসাপত্র গুলি যাচাই করা হবে। এরপর পোস্টিং — দেওয়া হবে বলে জানান তিনি। এছাড়া আরও ৩১০৮ জনের জন্য টেট বোর্ডের কাছে চাওয়া হয়েছে। টেট বোর্ড নাম দিলে তাদের উদ্দেশ্যে অফার ছাড়া হবে বলে জানান শিক্ষা দপ্তরের ও এস ডি অভিজিৎ সমাজপতি।



## রাজ্যে করোনার সংক্রমণ বৃদ্ধি ২৪ ঘন্টায় নতুন আক্রান্ত ২২

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** ত্রিপুরায় করোনা আবারও ভয়াবহ রূপ নিতে শুরু করেছে বলেই মনে হচ্ছে। দৈনিক সংক্রমনে মারাত্মক বৃদ্ধি দেখা যাচ্ছে। দৈনিক সংক্রমণ ১.৬২ শতাংশ থেকে এক লাফে বেড়ে ৪.৫২ শতাংশ হয়েছে। তেমনি সক্রিয় রোগীর সংখ্যাও বেড়ে ৭৭ হয়েছে। পরিস্থিতি যেদিকে এগিয়ে চলেছে, প্রশাসনের আবারও কঠোর হওয়ার তাগিদ অনুভব হচ্ছে। কারণ, মানুষ এখন বেপরোয়া হয়ে গেছেন। কিন্তু, করোনার ভয়াবহতা এত সহজে ভুলে যাওয়া উচিত হবে বলে মনে হচ্ছে না।

গত ২৪ ঘন্টায় করোনার নমুনা পরীক্ষা অনেকটা কম হলেও সংক্রমিতের খোঁজও অনেক বেশি মিলেছে। গত ২৪ ঘন্টায় ২২ জনের দেহে করোনার সংক্রমণ পাওয়া গেছে। ফলে, বর্তমানে করোনা আক্রান্ত সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে হয়েছে ৭৭। ২ জন সুস্থ হয়েছেন এবং মৃত্যুর কোন খবর নেই। এদিকে, জেলাভিত্তিক দৈনিক সংক্রমণে আবারও গোমতী জেলা সকলকে পিছনে ফেলে এগিয়ে গেছে।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে, গত ২৪ ঘন্টায় রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৪৮৭ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, রেপিড অ্যান্টিজেনে ২২ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। ফলে, দৈনিক সংক্রমণের হার বর্তমানে বেড়ে দাঁড়িয়েছে ৪.৫২ শতাংশ। গত ২৪ ঘন্টায় ২ জন সুস্থ হয়েছেন।

ফলে, বর্তমানে ত্রিপুরায় করোনায় আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ৭৭ জন। প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ১০৭৮৮৪ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ১০৬৮০২ জন সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। রাজ্যে বর্তমানে ☛ ৬ এর পাতায় দেখুন

## তেলিয়ামুড়ায় স্কুলছাত্রকে ফিল্মি কায়দায় অপহরণ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৪ অক্টোবর।।** তেলিয়ামুড়ার শান্তিনগর গ্রাম থেকে শুক্রবার সাত সকালে এক নাবালক ছাত্রকে মারতি গাড়ি করে অপহরণ করা হয়। বুদ্ধিমত্তার জেরে ওই নাবালক অপহরণকারীদের চোখে ধুলো দিয়ে আত্মরক্ষা করতে সক্ষম হয়েছে। ষষ্ঠ শ্রেণীতে পড়ুয়া এক নাবালক অপহরণ হয়ে যাওয়ার খবরে গোটা তেলিয়ামুড়া এলাকা জুড়ে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়।

যদিও ঘটনার কয়েক ঘন্টার মধ্যেই ওই নাবালককে পাওয়া যায় তেলিয়ামুড়া রেল স্টেশন চত্বরে। ঘটনা তেলিয়ামুড়া শান্তিনগর গ্রামে শুক্রবার সাত সকালে। এদিকে ওই নাবালক সঞ্জিত দেবনাথ এবং তার মার বক্তব্য থেকে জানা যায়, সঞ্জিত দেবনাথ শুক্রবার সকালে ঘুম থেকে উঠে ঘর থেকে বের হয়। ওই সময় সঞ্জিতের মা বাড়ির বিভিন্ন ☛ ৬ এর পাতায় দেখুন

## ধর্ষণের মামলায় গ্রেফতার বাইখোড়া থানার কনস্টেবল

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৪ অক্টোবর।।** বাইখোড়া থানার কর্তব্যরত কনষ্টেবল মঙ্গল সাহা প্রথম স্ত্রী ও এক পুত্র সন্তানরেখে গোপনে দ্বিতীয় বিয়ে করে বেশ আমেজের সঙ্গে সংসার করছিলেন। পরবর্তী সময় মঙ্গল সাহা দ্বিতীয় বিয়ে করা স্ত্রীকে অস্বীকার করাতে বাইখোড়া থানায় মামলা করতে আসে।

কিন্তু মহকুমার পুলিশ আধিকারিক নিরুপম দত্ত অভিযুক্তকে বাঁচানোর জন্য কেইস নিতে বাইখোড়া থানার ওসিকে বারণ করে দেন বলে অভিযোগ। পরবর্তী সময় অসহায় মহিলা বিলোনিয়া জেলা ও দায়রা আদালতে অভিযুক্তের বিরুদ্ধে ধর্ষণের মামলা দায়ের করেন। কোর্টের আদেশ পেয়ে বৃহস্পতিবার বাইখোড়া থানা থেকে কর্মরত কনষ্টেবল মঙ্গল সাহাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পরবর্তী সময় মহকুমা পুলিশ আধিকারিক ☛ ৬ এর পাতায় দেখুন




CMYK

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৯ ◻ সংখ্যা ০৯ ◻ ১৫ অক্টোবর ২০২২ ইং ◻ ২৮ আশ্বিন ◻ শনিবার ◻ ১৪২৯ বঙ্গাব্দ

## দায়িত্ব ও কর্তব্য পরিপূরক

দায়িত্বজ্ঞানহীনতাই সমাজে বিশৃঙ্খলার সৃষ্টি করিতেছে। সরকারি বেসরকারি সব ক্ষেত্রে দায়িত্বশীল মানুষের অভাব দেখা দিয়াছে। জাহাজের উপর গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পিত থাকে তাহারা সেই দায়িত্ব যথাযথভাবে পালন করিতেছেন না। স্বাভাবিক কারণেই সরকারের পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়িত হইতেছে না। জনগণ ইহার দায় সরকারের ঘাড়ে চাপাইতেছে। স্বচ্ছ প্রশাসন গড়িয়া তুলতে হইলে প্রথমে স্বচ্ছ নাগরিক গড়িয়া তুলিতে হইবে। অন্যথায় নীতিবাক্য প্রয়োগ করিয়া সমাজে স্থিতিশীলতা বজায় রাখা সম্ভব হইবে না। দায়িত্ববোধ ও কর্তব্য পরায়ণ মানুষের দ্বারা সুস্থ সুস্থ সমাজ ব্যবস্থা গড়িয়া ওঠে। যাহারা দায়িত্ববান তাহারা নিজ দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করিয়া থাকেন। কিন্তু বর্তমান সমাজ ব্যবস্থায় একাংশের মানুষ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন নয় কিংবা দায়িত্বহীন।এই ধরনের মানসিকতার ফলে সমাজে নানা বিশৃঙ্খলতার সৃষ্টির হইতেছে। বিষয়টির অন্তর্নিহিত অর্থ অনুধাবন করিতে না পারিলে সুস্থ সমাজ ব্যবস্থা গড়িয়া তোলা সম্ভব হইবে না।যে কোনও সামাজিক অথবা রাজনৈতিক বড়সড় ইস্যু হাজির হইলে সম্মিলিতভাবে আমাদের উচ্চকিত প্রতিবাদের ধরন দেখিলে মনে হয়, আমরা সকলেই বুঝি একটি আদর্শ সমাজ, আদর্শ সরকার, আদর্শ পরিবেশ চাই। ফেসবুকে আলোচনা দেখিয়া মনে হয় চারদিকে কত সৎ, আদর্শবান, নীতিনিষ্ঠ, ডিসিপ্লিনড মানুষ আছেন। তাহা হইলে চারপাশে এত নীতিহীনতার ছড়াছড়ি কেন? উন্নত সমাজ গড়িয়া উঠুক এজন্য আমাদের উদ্বেগের অন্ত নাই। কিন্তু সেজন্য আমরা নিজেরা কতটা উদ্যোগী? কী কী করিয়াছি অথবা করছি সামাজিক কোনও ইতিবাচক উৎকর্ষ নির্মাণে? নাকি শুধুই নানারকম ঘটনার নিরাপদ প্রতিবাদ করিয়া দায়িত্ব শেষ? আমরা নিজেরা নিজেদের ডিউটিগুলো ঠিকভাবে পালন করিতেছি তো? চেনাজানা লোকগুলো কি আমাদের আদৌ সিরিয়াসলি নিতেছে? নাকি আমরা নিজেরাই নিজেদের প্রতি মুগ্ধতায় আচ্ছন্ন?

যে ডাক্তাররা রোগীকে নানারকম টেস্ট করিতে দিয়ে ডায়াগনস্টিক ক্লিনিক থেকে নিয়ম করিয়া কমিশন নিয়া থাকেন, তাঁহারাও নাকি দুর্নীতি আর অনিয়মের বিরুদ্ধে সরব। যে শিক্ষক স্কুলের ক্লাসের থেকে বেশি মনোযোগী হইয়া নিখুঁতভাবে পড়ান ব্যক্তিগত টিউশনে, তিনিও নাকি সমাজের অন্যায়ের প্রতিবাদে সরব। যে সরকারি কর্মচারী পরিষেবা দেওয়ার জন্য পাবলিকের থেকে বিনিময়ে কিছু পাইয়া থাকেন, তিনি অত্যন্ত কঠোর ভাষায় সমালোচনা করেন জনপ্রতিনিধিদের আচরণে। ইনকাম ট্যাক্স ফাঁকি দেওয়ার জন্যই যাঁহারা ট্যাক্স কনসালট্যান্টকে অতিরিক্ত কিছু টাকা দিয়া থাকেন, তাঁহারাই আবার কেন্দ্র অথবা রাজ্য সরকারের ব্যর্থতা নিয়ে নাতিদীর্ঘ ভাষণ দেন ব্যক্তিগত আলাপচারিতায়। যে ঠিকাদার বিকেলে বন্ধুদের আড্ডায় রাজনীতিকে চরম আক্রমণ করেন, তিনিই সকালে টেন্ডার পাওয়ার জন্য কোনও নেতা অথবা ইঞ্জিনিয়ারিং বিভাগের অফিসারকে ঘুষ দিয়া আসেন। অথচ অসংখ্য সৎ ডাক্তার, সৎ শিক্ষক, সৎ সরকারি কর্মচারী, সৎ প্রফেশনাল, সৎ ব্যবসায়ী, সৎ ইঞ্জিনিয়ার আছেন। কিন্তু যাঁহাদের জন্য এসব পেশা অথবা আইডেন্টিটির বদনাম হয়, তাঁদের বিরুদ্ধে খুব কম মানুষই মুখ খোলেন। আমার পাড়ায় কিংবা কর্মস্থলে অথবা সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে যদি অনিয়ম, অন্যায়, দুর্নীতি দেখিতে পাই, আমরা সচরাচর নিঃশব্দে সেগুলি থেকে নিজেকে সরাইয়া রাখি। আমাদের চারপাশে ঘটে চলা ছোট ছোট অন্যায়, দুর্নীতির কতবার অফিসিয়ালি প্রতিকারের পথে যাই? প্রতিবাদ মানে ফিজিক্যাল এবং আনুষ্ঠানিক প্রতিবাদ। ফেসবুকে নয়। যাই না কেন? কারণ, আইডেন্টিফাই হয়ে যেতে আমাদের ভয় লাগে। যদি প্রভাবশালীরা আমাদের উপর অত্যাচার করে তখন কে দেখিবে? এটা একটি কারণ। দ্বিতীয় কারণও কম তাৎপর্যপূর্ণ নয়। সেটি হইল ঝামেলায় না ঢোকা। এড়াইয়া যাওয়া। আমার কী দরকার ওসবের মধ্যে প্রবেশ করিয়া চিহ্নিত হইয়া যাওয়া? এটা সামাজিক দায় এড়িয়ে যাওয়া নয়? যাতায়াতের পথে আমরা পাবলিক প্লেসে দল বাধিয়া আড্ডাধারীদের অশালীন ভাষা হজম করি নিজেকে বাঁচাইয়া। অটো, বাস, টোটো ইত্যাদি পাবলিক ট্রান্সপোর্টের কর্মীদের দুর্বিনীত ব্যবহার মানিয়া নেই। সম্মিলিতভাবে প্রতিবাদ করি না। কারণ, তাহাদের পিছনে রাজনৈতিক দল আছে। কিন্তু পাবলিকও যদি সম্মিলিতভাবেই প্রতিবাদ করে, তাহলে রাজনীতিও ভয় পাইবে। আমরা সেই উদ্যোগগুলি নিই না। আর তাই আমাদের চারপাশেই কিন্তু বড় অপরাধের বীজগুলি বাড়িতে থাকে। একক প্রতিবাদের যুগ শেষ। কিন্তু সম্মিলিত প্রতিবাদের উদ্যোগেও কেন ভাটা পড়িছে?

আমরা বাচিয়া নিয়াছি সহজ পথ। সোশ্যাল মিডিয়া। সেখানে মিডিয়া, সরকার, রাজনীতির বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করা যায়। অনেকে একসঙ্গে প্রতিবাদ করা হইলে আর পৃথকভাবে চিহ্নিত হওয়ার ভয় নাই। ফেসবুকের প্রতিবাদের গুরুত্ব নাই? অবশ্যই আছে। কিন্তু সেই প্রতিবাদগুলি স্বল্পমেয়াদি। কোনও একটি ঘটনার প্রতিবাদের ৪৮ ঘণ্টার মধ্যে আলোচনায় চলে আসে অন্য কোনও ইস্যু। কথা বলতে ভালোবাসা আজকের সমাজ একটি ইস্যুতেই দীর্ঘদিন থেকে যাওয়ার ক্ষমতা হারিয়েছে। সরকার দায়িত্ব পালন করিতেছে না। মিডিয়া কর্তব্য পালনে ব্যর্থ। প্রশাসন অযোগ্য। এই অভিযোগগুলি তো সারা বছর ধরিয়াই করা হয়। কিন্তু সুনাগরিক হিসেবে আমাদের দায়িত্বটা ঠিক কী? আমরা নিজেরা কতটা সামাজিক কর্তব্যপালনে সৎ ও নিয়মনিষ্ঠ? সুযোগ পেলে কাজে ফাঁকি দিই? ঘুষ দিয়া কাজ আদায় করি? কোনওরকম অন্যায় সুযোগ সুবিধা নিইনি কখনও? স্বজনপোষণ করি? প্রকৃতপক্ষে সুনাগরিক রায় দেশকে সঠিক পথে পরিচালিত করিতে পারেন। সেই কারণেই ছোটবেলা থেকে প্রত্যেকটি ছেলেমেয়েকে সুনাগরিক হিসাবে করিয়া তুলিবার জন্য শিক্ষক-শিক্ষিকাদের পাশাপাশি অভিভাবকদের যথাযথ দায়িত্ব পালন করা উচিত। এই দায়িত্বটুকু সঠিকভাবে পালন করিতে পারিলে ভবিষ্যৎ সমাজ ব্যবস্থা বিশৃঙ্খলা মুক্ত থাকিবে।

## মালিতে বাস বিস্ফোরণে ১১ জন হত, ৫৩ জন জখম

বামাকো (মালি), ১৪ অক্টোবর (হি.স.) : মালিতে বাসে বিস্ফোরণে অন্তত ১১ জন হত ও ৫৩ জন আহত হয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। বৃহস্পতিবার মধ্য মালিতে একটি যাত্রীবাহী বাসে বিস্ফোরণের ঘটনা ঘটে। একটি বিস্ফোরক যন্ত্রের সঙ্গে বাসটির সংঘর্ষ হয়েছে বলে দাবি করা হয়েছে। মালির নিরাপত্তা আধিকারিকদের মতে, বৃহস্পতিবার বিকেলে মোপ্তি এলাকার বান্দিয়াগাড়া এবং গোন্ডকার মধ্যের রাস্তায় বিস্ফোরণটি ঘটে। এলাকাটি জিহাদিদের কেন্দ্রস্থল। বিস্ফোরণের শিকার সবাই সাধারণ নাগরিক। উল্লেখ্য, এক দশকেরও বেশি সময় ধরে মালি সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীগুলোর তৎপরতা দমনে লড়াই করে আসছে। মালিতে জিহাদি বিদ্রোহীরা এ পর্যন্ত হাজার হাজার মানুষকে হত্যা করেছে। এছাড়াও হাজার হাজার নাগরিককে তাদের বাড়িঘর থেকে উচ্ছেদ করা হয়েছে।

## ডেরা সাচা প্রধান গুরমিত রাম রহিম সিং ৪০ দিনের প্যারোল মঞ্জুর

চণ্ডীগড়, ১৪ অক্টোবর (হি.স.) : ডেরা সাচা সৌদা প্রধান গুরমিত রাম রহিম সিংয়ের ৪০ দিনের জন্য প্যারোল মঞ্জুর করা হয়েছে বলে শুক্রবার সরকারি সূত্রে জানা গিয়েছে। বর্তমানে স্বঘোষিত গুরু রাম রহিম হরিয়ানার সুনারিয়া জেলে কারাগারে সাজা কাটাচ্ছেন। আগামী ৩ নভেম্বর আদমপুর উপনির্বাচনের ঠিক আগে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। ডেরা প্রধান এর আগে জুন মাসে এক মাসের প্যারোলে জেল থেকে বেরিয়ে এসেছিলেন। এর আগে, ফেব্রুয়ারিতে তাকে তিন সপ্তাহের প্যারোলে দেওয়া হয়েছিল। সিরসায় তার আশ্রমে দুই মহিলা শিষ্যকে ধর্ষণের দায়ে তার ২০ বছরের কারাদণ্ডের আদেশ দিয়েছিল আদালত। ২০১৭ সালের আগস্টে পঞ্চকুলার একটি বিশেষ সিবিআই আদালত তাকে দোষী সাব্যস্ত করেছিল। ২০০২ সালে ডেরা ম্যানেজার রঞ্জিত সিংকে হত্যার ষড়যন্ত্রের জন্য তিনি আরও চারজনের সঙ্গে দোষী সাব্যস্ত হন। ডেরা প্রধান এবং অন্য তিনজনকে ২০১৯ সালে দোষী সাব্যস্ত করা হয়েছিল ১৬ বছরেরও বেশি সময় আগে একজন সাংবাদিক হত্যার জন্য।

# কোয়ান্টাম কম্পিউটার কি সাইবার দুনিয়াকে বদলে দেবে?

**অসীম সুর চৌধুরী**

কোয়ান্টাম পদার্থবিদ্যার কথা তো আমরা একশ বছর আগে থেকেই শুনেছি কিন্তু "কোয়ান্টাম কম্পিউটার' এর নামটা ইদানীং বেশ শোনা যাচ্ছে এখনকার প্রচলিত কম্পিউটারের থেকে এই কোয়ান্টাম কম্পিউটার যে কত দ্রুত কাজ করে তা বোঝানোর জন্য নীচের উদাহরণটাইত্ত যথেষ্ট। নয়, তবে কোয়ান্টাম কম্পিউটারের গতিকে রকেটের সাথে তুলনা করা যেতে পারে। এই কম্পিউটার খুব কঠিন ও জটিল সমস্যা অতি অল্প কম্পিউটারের কয়েকশো বছর লেগে যেতে পারে। এই কারণে এটা বানাবার জন্য পৃথিবী বিখ্যাত কম্পিউটার কোম্পানিগুলো ঝাপিয়ে পড়েছে। কিন্তু কিভাবে কাজ করে এই কোয়ান্টাম কম্পিউটার? আমাদের এখনকার কম্পিউটারের সাথে এর পার্থক্য কোথায়? এইসব প্রশ্নের উত্তর জানতে গেলে অবশ্যই আমাদের কোয়ান্টাম পদার্থবিজ্ঞানের অল্প স্বল্প জ্ঞান থাকা দরকার, কারণ এর ধর্মকে অনুসরণ করেই ওই কম্পিউটারের উৎপত্তি।

***কোয়ান্টাম পদার্থবিদ্যার কিভাবে শুরু ঃ-*** চিরাচরিত (নিউটনিয়) পদার্থবিদ্যার সাহায্যে দৈনন্দিন জীবনের নানা ঘটনা আমরা নির্ভুলভাবে বর্ণনা করতে পারি। বন্দুক ছোঁড়ার পর গুলিটা কোথায় গিয়ে পড়বে কিংবা রকেট কখন মহাকাশের বিশেষ জায়গায় পৌছাবে তা জানার জন্য চিরাচরিত পদার্থবিদ্যাই যথেষ্ঠ। কিন্তু আমরা দুনিয়াটাকে যতোটা সহজ ভাবি, ততোটা কিন্তু নয়। দেখা গেছেপদার্থের ক্ষুদ্রতম অংশ পরমানুর মধ্যে থাকা ইলেকট্রন, প্রোটন ইত্যাদির ধর্ম ও আচার আচরন ব্যাখ্যা করতে ওই নডঢানয় পদার্থবিদ্যার অনেক সূত্রই খাটে না। এটা প্রথম ধরা পড়ল ১৯০০ দশকের প্রথম দিকে। আলো ও তড়িৎ চুম্বকীয় দিয়ে ব্যাখ্যা করা যাচ্ছে না। এর প্রায় একশ বছর আগে ১৮০২ সালে ব্রিটিশ বিজ্ঞানী "থমাস ইয়ং তার বিখ্যাত "ডাবল স্লিট" পরীক্ষা করেছিলেন। লম্বাকৃতি চেরা দুটো ছিদ্রের মধ্যে আলো পাঠিয়ে প্রমাণ করেন যে আলো হচ্ছে তরঙ্গের স্রোত, কনিকা দিয়ে গঠিত নয়। বিজ্ঞানী ইয়ং এর এই মতবাদ একশ বছর পর্যন্ত সবাই মেনে নিয়েছিল। কিন্তু বাধ সাধলেন জার্মান বিজ্ঞানী ম্যাক্স প্লাঙ্ক"। ১৯০০ সালে তিনি কৃষ্ণবস্তু থেকে নির্গত কম্পারে শক্তি বর্ণনা করতে গিয়ে দেখলেন যে আলো বা তড়িৎচুম্বকীয় রশ্মি যদি তরঙ্গ হয়, তবে তা ব্যাখ্যা করা যাচ্ছে না ১৯০৫ সালে বিশ্ববিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইনের "ফটো তড়িৎ ক্রিয়া" আবিষ্কার ম্যাক্স প্লাঙ্কের সমস্যার সমাধান করে দেয়। এই পরীক্ষায় দেখা যায় কোনও ধাতব পদার্থের উপর আলো পড়লে তা থেকে ইলেকট্রন নির্গত হয়। কিন্তু আলো যদি শুধু তরঙ্গ হবে তাহলে তো ধাতব থেকে ইলেকট্রন বের হওয়ার কথা নয়। এই পরীক্ষা থেকে আইনস্টাইন যে সিদ্ধান্তে উপনীত হলেন তা হল, আলো কোনও নিরবিচ্ছিন তরঙ্গ নয় বরং ক্ষুদ্র ক্ষুদ্র শক্তির প্যাকেট নিয়ে গঠিত যার নাম "কোয়ান্টাম"। পরবতীকালে মা "ফোটন" নামে পরিচিতি পায়। খুব দ্রুত একের পর এক প্যাকেট নির্গত হয় বলে আমরা আলোর একটা নিরবিচ্ছিন্ন ধারা দেখি, যাকে আমরা আলোর রশ্মি বলি। অনেকটা সিনেমার ছবির মতো। অনেকগুলো স্থির ছবিকে খুব দ্রুত পর্দায় ফেলা হয়, আর আমরা চলন্ত ছবির দৃশ্য অনুভব করি। আইনস্টাইন আরো বললেন, আলোক শক্তি তরঙ্গ একথা যেমন ঠিক আবার তা কণা ও, অর্থাৎ একই সঙ্গে তরঙ্গ ও কণা। আলোর দ্বৈত ধর্মের ধারণার সূত্রপাত তখন থেকেই। আলোক-তড়িৎ ক্রিয়ার এই অবিষ্কার আইনস্টাইনকে ১৯২১ সালে নোবেল পুরস্কার এনে দেয়। তাছাড়া এই "আবিষ্কারের ফলে পদার্থবিজ্ঞানের এক নতুন অধ্যায় "কোয়ান্টাম বলবিদ্যা"র ভিত আরো শক্তিশালী হয়েছে। এইভাবে ১৯০০ সাল থেকে ১৯২৭ সাল পর্যন্ত পৃথিবী বিখ্যাত অনেক পদার্থ বিজ্ঞানী যেমন ম্যাক্স প্রাক, নিলবোর, আলবার্ট আইনস্টাইন, ওয়ার্নার হাইজেনবার্গ, ডি-বরগলি, এর্ডিন শ্রোডিঙার, ম্যাক্সবর্ন প্রমুখদের নানা মতবাদ কোয়ান্টাম পদার্থ বিদ্যাকে সমৃদ্ধ করেছে।

***দেখলে আছেনা দেখলে নেই*** ১৯০৯ সালে ব্রিটিশ বিজ্ঞানী জি.আই. টেলর" আবার একশ বছর আগেকার থমাস ইয়ং, এর ডাবল স্লিট পরীক্ষাটা নতুন করে করলেন। টেলর সাহেব দেখলেন, একটি মাত্র ফোটনকে ওই লম্বাকৃতি চেরা ছিদ্র দুটো দিয়ে পাঠালে তা কনার মতো আচরণ করে। কিন্ত অনেকগুলো ফোটন বা ফোটনের স্রোত পাঠালে তখন তা তরঙ্গের ধর্ম প্রদর্শন করে। এই পরীক্ষার ফলে পাকাপাকি ভাবে আলোর দ্বৈত চরিত্রের কথা প্রমাণিত হয়ে গেল। কিন্ত পরবর্তীকালে বিজ্ঞানীরা হতবাক হয়ে দেখলেন যে, শুধু আলো বা ফোটন নয়, ইলেকট্রনও একই রকম দ্বৈত ধর্মের প্রকাশ করে। বিজ্ঞানীরা আলোর (ফোটন) বদলে ইলেকট্রন দিয়ে ওই "ডাবল স্লি" পরীক্ষাটা চালাচ্ছিলেন। এতদিন সবাই জানতো ইলেকট্রন হচ্ছে কণিকার স্রোত, কখনওই তরঙ্গ নয়। কিন্তু বিজ্ঞানীরা রীতিমতো হতোভম্ভ হয়ে গেলেন যখন দেখলেন, ডাবল প্লিট" এর ছিদ্র দিয়ে ইলেকট্রন আত পাঠালে তা তরঙ্গের মতো আচরণ করছে। এছাড়া আরও একটা অদ্ভুতুরে ব্যাপার তারা লক্ষ্য করলেন। যদি ওই ইলেকট্রনগুলোকে তখন ইলেকট্রন গুলোতে আর তরঙ্গের বৈশিষ্ট্য পাওয়া যায় না বদলে সেই সময় তারা কণিকার মতো আচরণ করে। কিন্তু ওই একই পরীক্ষাতেই ইলেকট্রনগুলোকে যদি দেখার চেষ্টা না করা হয়, তবে তারা তখন তরঙ্গের ধর্ম পালন করে। অর্থাৎ "দেখলে আছে, আর না দেখলে নেই"। শুনতে কল্পবিজ্ঞানের মতো হলেও, ব্যাপারটা পরীক্ষিত সত্যি। ভাগ্যিস এই ধর্মটা ইলেকট্রন ও ক্ষুদ্রাতিক্ষুদ্রকণাদের মধ্যে সীমাবদ্ধ রয়েছে। আমাদের চারপাশের বড় বস্তুগুলোর এই ধর্ম থাকলে কি হতো? গাছপালা, মানুষ, বাড়িঘর ইত্যাদি যাই হোক না কেন দেখলে তাদের অস্তিত্ব আছে আর না দেখলে ভ্যানিস। বিশ্ববন্দিত বিজ্ঞানী আইনস্টাইনও এই ব্যাপারটা হজম করতে পারেনি। এই ব্যাপারে তার বিখ্যাত উক্তিটি হল, "আমি ভাবতে চাই, টাদের দিকে না তাকালেও চাদ তার নিজের জায়গায় থাকবে।"

***ইলেকট্রনের 'সুপার পজিসন" অবস্থা*** ঃ- ইলেকট্রন একই সঙ্গে কিভাবে তরঙ্গ কনিকার ধমচ্ছ পালন করে সে ব্যাপারে জার্মান বিজ্ঞানী ম্যাক্স বর্ণ চমৎকার ব্যাখ্যা দিয়েছেন। তিনি বললেন যে, ইলেকট্রন তরঙ্গের সমীকরণ, সম্ভাবতার সঙ্গে সম্পর্কযুক্ত। তরঙ্গ যেখানে বড় থাকবে সেখানে তরঙ্গ ছোট সেখানে কম সম্ভাবনা। তাই ইলেকট্রনটা কোথায় আছে তা নির্দিষ্ট করে বলা যাবে না। অদ্ভুদ হলেও ব্যাপারটা সত্যি। পরমাণুর কক্ষপথে কোথায় ইলেকট্রনটা আছে, আমরা শুধু তার সম্ভাবনার কথা বলতে পারবো কিন্তু নির্দিষ্ট করে বলা মুশকিল সে কোথায় আছে। এই ব্যাপারে সবচেয়ে গ্রহণযোগ্য মতবাদ দেন বিজ্ঞানী 'হাইজেনবার্গ' ও 'নীলস্রের'। তারা বললেন, 'যতক্ষণ না আমরা ইলেকট্রন কোথায় রয়েছে দেখার চেষ্টা করবো ততক্ষণ ইলেকট্রন একই সাথে একই সময়ে সরজায়গায় উপস্থিত থাকবে। ধর্মগ্রন্থে যেমন বলা আছে 'ঈশ্বর সর্বত্র বিরাজমান', তেমন আর কি ব্যাপারটা শুনতে অবাস্তব মনে হলেও সত্যি। কোয়ান্টাম পদার্থবিদ্যার 'অনিশ্চয়তাবাদ' তত্ত্ব অনুসারে, ইলেকট্রন যখন নিউক্লিয়াসের চারদিকে ঘোরে, তখন কক্ষপথের কোনও নির্দিষ্ট জায়গায় না থেকে যে কোনও জায়গায় থাকতে পারে। একে বলা হয় 'সুপার পজিশন' অবস্থা ভেঙে



পড়বে এবং যে কোনও একটা জায়গায় সে অবস্থান করবে। এই অনুতুরে কাণ্টা বিশ্বাস করতে কষ্ট হলেও সত্যি বলে প্রমাণিত।

***কোয়ান্টাম কম্পিউটারের ধারণা কিভাবে এল ঃ-*** ১৯৮০ সালে আমেরিকার পদার্থবিজ্ঞানী পল বেনিয়ফ" প্রথম কোয়ান্টাম কম্পিউটারের ধারণা দেন। এর পরে পরেই আর এক আমেরিকান পদার্থবিদ "রিচার্ড ফেইনম্যান" ও রাশিয়ান গণিতজ্ঞ "ইউরি মানিন,আরও ভালো করে এর ব্যাখ্যা করেন। তাদের মতে, ইলেকট্রন' বা "ফোটন" এর ওই "সুপার পজিশন" অবস্থানটা যদি আমরা কম্পিউটারের ক্ষেত্রে ব্যবহার করি তবে তার গতি হাজার গুন বেড়ে যাবে। তবে কোয়ান্টাম কম্পিউটারের গণনা পদ্ধতি বা "আযালগোরিদম" সাধারণ কম্পিউটারের থেকে আলাদা। ১৯৯৪ সালে আমেরিকার গণিতজ্ঞ পিটার উইলসটন শোর; প্রথম কোয়ান্টাম কম্পিউটারে ব্যবহারের জন্য এর "অ্যালগোরিদম" তৈরি করেন। ১৯৯৬ সালে ভারতীয় বংশদ্ভূত আমেরিকান বিজ্ঞানী "লভ কুমার গ্রোভার" এই নিয়ে গেল, যার ফলে এর গতি প্রচুর বেড়ে যায়। এই গ্রোভারের আযালগোরিদম ব্যবহার করেই পৃথিবীর প্রথম কোয়ান্টাম কম্পিউটার আবিষ্কার হয় ১৯৯৮ সালে। দুই (২) কিউবিটের এই কম্পিউটার তৈরির কৃতিত্ব তিনজন আমেরিকানের। এরা হলেন আইজ্যাক চুয়াংগ, নেইল গারশেনফিল্ড এবং মার্ক কুবিনী। প্রথম জন ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার, পরের জন অধ্যাপক এবং শেষের ভদ্রলোক কম্পিউটার ইঞ্জিনিয়ারিংএ পারদর্শী। এই কোয়ান্টাম কম্পিউটার ভবিষ্যতে বড় বাণিজ্যিক সাফল্য দিতে পারে, এটা চিন্তা করে আই বি এম, গুগুল, ইনটেল, মাইক্রো সফট ইত্যাদি কম্পিউটার জগতের দৈতরা এটা বানাতে ঝাঁপিয়ে পড়ল। ২০১৯ সালের জানুয়ারি মাসে প্রথম বাণিজ্যিক ভাবে ব্যবহার যোগ্য কোয়ান্টাম কম্পিউটার তৈরি করে বিখ্যাত আইবিএম কোম্পানি। ২০ কিউ বিট-এর এই কম্পিউটারের নাম ছিল "কিউ সিস্টেম ওয়ান। এরপর এরা ২০২১ সালে আরো শক্তিশালী ১২৭ বিটের ঈগল" বানিয়ে তাক লাগিয়ে দিল। এদিকে আর এক কম্পিউটার দৈত্য গুগুল" ও পিছিয়ে নেই। এদের তৈরি ৭২ কিউ বিটের " ব্রিস্টেলেক ওয়ান ২০১৮ সালের মার্চে আত্মপ্রকাশ করে। এছাড়া "ইনটেল; এর ট্র্যাঙ্গেল লেক" আর "মাইক্রোসফট" এর "অ্যাজিউর কোয়ান্টাম", এই কোয়ান্টাম কম্পিউটার বানানোর দৌড়কে আরও প্রতিযোগিতাময় করে তুলেছে। কোয়ান্টাম কম্পিউটার কিভাবে কাজ করে আমাদের সাধারণ কম্পিউটার কাজ করে বাইনারি পদ্ধতিতে। এইক্ষেত্রে মাত্র দুটোই সংখ্যা থাকে, '০' (শুন্য) ও '১' (এক)। যে কোনও তথ্যকে এরা ০? অথবা '১', এ পরিবর্তিত করে নেয়। কম্পিউটারের মধ্যে যে হাজার হাজার "ট্রানজিস্টর" থাকে তারা সুইচের মতো কাজ করে। বন্ধ হলে '০', আর চালু থাকলে '১',। এই "০, ও '১', সংখ্যা দুটোকে বলা হয় বাইনারি "বিট"। কম্পিউটার যে কোনও অক্ষর বা সংখ্যাকে প্রকাশ করে এই "বিট? (০ বা ১) এর সাহায্যে। অপরপক্ষে কোয়ান্টাম কম্পিউটারের কাজ কারবারে মুখ্য ভূমিকা নেয়। "কোয়ান্টাম বিট" বা "কিউ বিট"। কিন্তু এই "কিউ বিট" কি? সাধারণ কম্পিউটারের "বিট" এর ক্ষেত্রে হয় '০' নতুবা '১' হবে কিন্তু দুটোই একসঙ্গে ব্যবহার করা যায় না। তবে "কিউবিট" এর ক্ষেত্রে তিনটে অবস্থা দেখা যায়। এই ক্ষেত্রে '০' হতে পারে অথবা '১'? হতে পারে, আবার একই সঙ্গে '০', এবং '১'? উভয়ই হতে পারে। এই শেষের আবস্থাটাকে বলা হয় "সুপার পজিশন'। কিন্তু একই সঙ্গে একই সময়ে '০', এবং '১'? কিভাবে হতে পারে? একটা সহজ সরল উদাহরণ দেওয়া যাক। ধরা যাক ক্রিকেট খেলার টস হচ্ছে। যখন পয়সাটা উপর দিকে ছোঁড়া হয়। তখন হয় 'হেড' অথবা 'টেল' দু-অবস্থাতেই থাকে। কারণ পয়সাটা উপর দিকে ঘুরতে থাকলে আমরা নির্দিষ্ট করে বলতে পারবো না যে সেটা "হেড' না 'টেল'। ফলে পয়সাটা একই সাথে "হেড" না "টেল"। ফলে পয়সাটা একই সাথে "হেড" ও "টেল" দু-অবস্থাতেই আছে। এটাকেই বলা যেতে পারে 'সুপার পজিশন'। কিন্তু যখন পয়সাটা থেমে যাবে তখন হেড বা টেল এর মধ্যে যে কোনও একটা অবস্থা আমরা দেখতে পাবো।

কিন্তু কোয়ান্টাম কম্পিউটারের ওই 'সুপার পজিশন' বৈশিষ্ট্যটা কিভাবে কাজে লাগানো যাবে? উদাহরণ হিসাবে একটা ধাঁধার কথা বলা যেতে পারে। যেটা আমরা ছোটবেলা থেকে খেলছি। এই ধাধাটা "ভুল ভুলাইয়া" নামেও পরিচিত। এখানে অনেকগুলো রাস্তা একে বেঁকে রয়েছে। এর মধ্যে একটি মাত্র রাস্তায় গেলে আপনি আপনার বাড়িতে পৌঁছাবেন। বাকি রাস্তাগুলো মাঝ পথে বন্ধ, ফিরে আসতে হবে। আপনি কি করবেন? প্রথমে যে কোনও একটা পথ বেছে নিয়ে যাত্রা শুরু করবেন। সেই পথ ভুল হলে আবার ফিরে এসে অন্য পথে যাবেন। এই ভাবে আপনি চেষ্টা করে যাবেন। এবং একসময় সঠিক পথ খুঁজে পেয়ে বাড়ি পৌঁছে যাবেন। এই সব করতে গিয়ে আপনার প্রচুর সময় নষ্ট হবে। এই বেশি সময় লাগার ব্যাপারটা আমাদের এখনকার কম্পিউটারের সঙ্গে তুলনা করা যেতে পারে। আবার উপরের ধাঁধাটার সমাধান খুব কম সময়ে হতে পারে, তবে একটু অন্যভাবে। ধরা যাক, আপনার অনেকগুলো কার্বনকপি তৈরি হয়েছে, আর তারা আলাদা আলাদা পথে আপনার বাড়ির দিকে যাওয়ার চেষ্টা করছে। ফলে খুব অল্প সময়ে আপনার কোনও একটা কার্বনকপি ওই বাড়িতে পৌঁছে যাবে। কোয়ান্টাম কম্পিউটারও ঠিক এইভাবেই কাজ করবে তার ভিতরের ইলেকট্রন বা ফোটনের সুপার পজিশন? বৈশিষ্ট্য ব্যবহার করে।

এই একই কারণে একটা "ফাইল" খুঁজতে কোয়ান্টাম কম্পিউটার, কোনও সাধারণ কম্পিউটারের থেকে কয়েকশ গুন কম সময় নেবে। এক্ষেত্রে সাধারণ কম্পিউটার প্রতিটা ফাইলকে আলাদা আলাদা ভাবে পরীক্ষা করবে ও নাম মেলাবে এবং অবশেষে সঠিক ফাইলটা খুঁজে পাবে কিন্তু কোয়ান্টাম কম্পিউটার একই সঙ্গে ও একই সময়ে সবগুলো ফাইলকে পরীক্ষা করে আমরা যে ফাইলটা চাই সেটা নিমেষে খুঁজে দেবে। কারণ কিউবিট কেই সঙ্গে '০ ও ১,' উভয় অবস্থাতেই থাকতে পারে।

***কীভাবে বানানো হয়?ঃ-*** কোয়ান্টাম কম্পিউটার বানানো খুবই জটিল বিষয়। এর "কিউবিট" তৈরি করতে পরমাণুর ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ যেমন ইলেকট্রন, ফোটন বা নিয়ক্রিয়াস ব্যবহার করা হয়। সাধারণতঃ এক বিশেষ ধরনের সার্কিটে পরমাণুর ওই ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশগুলো বসিয়ে কিউবিট বানানো হয়। তবে বানাবার পর খুব তীক্ষিভাবে নজর রাখতে হবে যে ওই ইলেকট্রন, ফোটন ইত্যাদিরা যেন 'সুপার পজিশন' অবস্থায় থাকে। না হলে কিউবিট ঠিক ঠাক কাজ করবে না এবং ভুল-ভাল তথ্য দেবে। কিউ বিট সুপার পজিশন অবস্থায় রাখতে গেলে খুবই সতর্কতা অবলম্বন করতে হয়। তাপমাত্রা রাখতে হবে হিমাঙ্কের অনেক নীচে। তাই কিউবিটের সার্কিটটা বানানোর পর তা তরল হিলিয়াম এর মধ্যে ঢুকিয়ে পরমশুন্য তাপমাত্রার কাছাকাছি রাখা হয়। মাইনাস (-) ২৭৩ ডিগ্রি সেন্টিগ্রেট তাপমাত্রাকে বলা হয় "পরমশূন্য তাপমাত্রা" ।

***তথ্যের গোপনীয়তা কি থাকবে না? ঃ-*** এখনকার সাধারণ কম্পিউটার ব্যবস্থায় তথ্যের গোপনীয়তা রক্ষা করা অন্যতম প্রধান বিষয়। একে বলা হয় এএনক্রিপশন' বা "সাংকেতিক লিপি"। এই পদ্ধতিতে কোনও তথ্যকে ওলট পালট করে দুর্বোধ্য করে তোলা হয় যাতে এর অর্থ অন্য কারো পক্ষে বোঝা সম্ভব না হয়। এক প্রান্ত থেকে আরেক প্রান্তে এই সাংকেতিক বার্তা এমন ভাবে পাঠানো হয় যাতে মাঝপথে কেউ এটা পেলেও পাঠোদ্ধার করতে পারবে না। এই ব্যাপারটাকে বলা হয় এন্ড টু এন্ড এনক্রিপশন। এর ফলে এখনকার কম্পিউটারের তথ্যভাণ্ডার সুরক্ষিত থাকে। কিন্তু কোয়ান্টাম কম্পিউটার এখনকার এই "এন্ড টু এন্ড এনক্রিপশন' কে নিমেষেই ভেঙে ফেলতে পারবে তার সুপার পজিশন ক্ষমতাকে কাজে লাগিয়ে। আমাদের প্রতিদিনের অনলাইন শপিং, ব্যাঙ্কিং, সামাজিক মাধ্যমে যোগাযোগ ইত্যাদি সবই এনক্রিপশন এর সাহায্যে সুরক্ষিত থাকে। কিন্তু কোয়ান্টাম কম্পিউটারের যুগে তা আর থাকবে না। সব সুরক্ষা ভেঙে গেলে কি হবে? যে যে দেশের কাছে গোপনীয় তথ্য, প্রতিরক্ষা ব্যবস্থার খুঁটিনাটি চুরি করে নিতে পারবে। তাই ভবিষ্যতে উন্নত কোয়ান্টাম শক্তিশালী হয়ে উঠবে। ঝুড়ি ঝুড়ি ক্ষেপনাস্ত্র ও পরমাণু বোমা থাকলেও কিছুই হবে না। তবে বিজ্ঞানীরা বলছেন এখনই এত আতঙ্কিত হওয়ার কিছু নেই। সুখবর হচ্ছে, বিশ্বের ক্ষমতাশালী দেশগুলো ইতিমধ্যেই তাদের সাধারণ কম্পিউটারের গোপন তথ্যগুলো এমনভাবে দিয়েও ভেঙে ফেলা খুব কঠিন হবে। সাধারণ কম্পিউটার মূলত খুব বিশাল কোনও বিষয়ে ব্যবহারের পক্ষে উপযোগী। একটা উদাহরণ দিলে ব্যাপারটা পরিষ্কার হবে। মাত্র ১০টা কিউবিট দিয়ে যে পরিমাণ তথ্য সংরক্ষণ করা যাবে তা এখনকার কম্পিউটারের ১৬০০০ বিট-এর সমান। আর ৫০০ কিউ বিট-এ যা তথ্য ধরবে তা হল মহাবিশ্বে যত পরমাণু রয়েছে তার থেকেও বেশি। এর থেকেই বোঝা যাচ্ছে একে আমরা কত ব্যাপক পরিসরে কাজে লাগাতে পারি। তাই খুব বিশাল কাজ যেমন ফল দেবে। তাছাড়া এর ব্যাপক খরচের কারণে সাধারণ ক্ষেত্রে এটা ব্যবহার করা অসম্ভব ব্যাপার।

আমরা প্রতিদিন যে চিরাচরিত ল্যাপটপ, ডেস্কটপ ইত্যাদি কম্পিউটার গুলো ব্যবহার করি, তাকে কিছু রুটিন কাজ থাকে। যেমন, ইমেল পাঠানো, স্পেডসিট বানানো, ডেস্কটপ পাবলিশিং ইত্যাদি। এই কাজগুলো আমাদের সাধারণ কম্পিউটার খুবই দক্ষতার সাথে করতে পারবে। কম্পিউটার খুবই দক্ষতার সঙ্গে করতে পারে। কোয়ান্টাম কম্পিউটার এই জায়গা দখল করতে পারবে না। তাই এই মুহুর্তে এটাই বলা যায় যে আমাদের বাড়ির বা অফিসের কম্পিউটারগুলো অকেজো হয়ে যাওয়ার সম্ভাবনা নেই।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# আজ ঘোষণা হতে পারে গুজরাট ও হিমাচলপ্রদেশের নির্বাচনের নির্ঘন্ট

নয়াদিল্লি, ১৪ অক্টোবর (হি.স.) : আজ শুক্রবার বেলা তিনটে নাগাদ হিমাচলপ্রদেশ ও গুজরাট বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করতে পারে নির্বাচন কমিশন। শুক্রবার বিকেল ৩টায় সাংবাদিক সম্মেলন ডেকেছে নির্বাচন কমিশন।

গুজরাট এবং হিমাচল প্রদেশ বিধানসভা নির্বাচন-২০২২-এর নির্ঘন্ট শুক্রবার ভারতের নির্বাচন কমিশন (ইসিআই) ঘোষণা করতে পারে। ১৮২-সদস্যের গুজরাট বিধানসভায় ম্যাজিক ফিগার হল ৯২। রাজ্যের ক্ষমতাসীন বিজেপি ২০১৭ সালের বিধানসভা নির্বাচনে ৯৯টি আসনে জয়লাভ করে ক্ষমতা ধরে রাখতে সক্ষম হয়েছিল এবং কংগ্রেস ৭৭টি আসনে জয়ী। গুজরাটের চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী রাজ্য নির্বাচন কমিশন সম্প্রতি ৪.৯০ কোটিরও বেশি ভোটারের তালিকা প্রকাশ করেছে। পুরুষ ভোটার ২.৫৩ কোটি, মহিলা ভোটারের সংখ্যা ২.৩৭ কোটি। চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী তৃতীয় লিঙ্গের ১৪১৭ জন ভোটার রয়েছে। ১৮ থেকে ১৯ বছর বয়সী ৪.৬১ লক্ষ ভোটার রয়েছে যার মধ্যে ২.৬৮ লক্ষ পুরুষ এবং ১.৯৩ লক্ষ মহিলা। তালিকা অনুযায়ী ৪ লাখেরও বেশি প্রতিবন্ধী ভোটার রয়েছে। হিমাচল প্রদেশের জন্য ৫৩.৮৮ লক্ষেরও বেশি ভোটার যার মধ্যে প্রায় ১৬.৩৯ লক্ষ নতুন ভোটার চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে আসন্ন বিধানসভা নির্বাচনে তাদের ভোট দেবেন। মোট ভোটারের মধ্যে প্রায় ২৭.৮০ লক্ষ পুরুষ এবং ২৭.২৭ লক্ষ মহিলা। কমিশন অনুসারে, রাজ্যের সুলাহ কেন্দ্রে সবচেয়ে বেশি ভোটার রয়েছে (১০৪৪৮৬) এবং লাহৌল এবং স্পিতি কেন্দ্রে সবচেয়ে কম ভোটার রয়েছে (২৪৭৪৪)।



ইন্ডিয়ান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক-এর উদ্যোগে রক্তদান ও অঙ্গদান শিবির অনুষ্ঠিত হয়েছে শুক্রবার আগরতলায়। ছবি নিজস্ব।

# নতুন টেট পরীক্ষার জন্য শুক্রবার বিজ্ঞপ্তি জারি করে প্রক্রিয়া শুরু

কলকাতা, ১৪ অক্টোবর (হি. স.) : বিতর্ক এবং মামলার আবহেই প্রথম থেকে পঞ্চম শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য নতুন টেট পরীক্ষার জন্য শুক্রবার বিজ্ঞপ্তি জারি করল পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ।

শুক্রবার দুপুরে নির্দেশিকার বলা হয়েছে, এদিনই বিকেল চার”টে থেকে শুরু হবে প্রাথমিকের টেটের আবেদন পত্র দেওয়ার প্রক্রিয়া। আগামী ৩ নভেম্বর রাত ১২টা পর্যন্ত দেওয়া যাবে আবেদনপত্র জমা। ন্দ্রন্দ্রন্দ্র.ন্দ্রত্নত্নদ্মত্র.দ্রন্ত্ব পোর্টাল থেকেই অনলাইনে আবেদন করা যাবে টেটের জন্য। নির্দেশিকা জারি করল প্রাথমিক শিক্ষা পর্ষদ। ১১ ডিসেম্বর নেওয়া হবে প্রাথমিকের টেট। এ দিন ফের নির্দেশিকা দিয়ে জানানো হল ৩ নভেম্বর পর্যন্ত দেওয়া যাবে আবেদন পত্র।

ওই সময়সীমার মধ্যেই টেট পরীক্ষায় বসার জন্য আবেদন করা যাবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। আগামী ১১ ডিসেম্বর প্রথম থেকে পঞ্চম শ্রেণিতে ১১ হাজার শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদন জানানো যাবে বলে উল্লেখ করা হয়েছে।

গত ২৯ সেপ্টেম্বর প্রাথমিক স্কুলে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকের নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেছিল পর্ষদ। তার পর আরও দু'দফায় সংশোধিত হয় সেই বিজ্ঞপ্তি। আর সেই সঙ্গেই বাড়তে থাকে বিতর্ক। ২৯ সেপ্টেম্বরের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ডিএলএড (ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন)-এর পাশাপাশি বিএড (ব্যাচেলর অব এডুকেশন) যোগ্যতাসম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারবেন। যা নিয়ে আপত্তি তুলে হাই কোর্টে মামলা করেন কয়েক জন টেট পরীক্ষার্থী।

মামলাকারীদের অভিযোগ, ডিএলএড ডিগ্রি শুধু মাত্র টেট পরীক্ষার জন্য কাজে লাগে। আর বিএড প্রয়োজন হয় স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)-এর মাধ্যমে শিক্ষক নিয়োগের যে কোনও পরীক্ষায়। অর্থাৎ, প্রাথমিক স্কুলের শিক্ষকের জন্য দরকার ডিএলএড ডিগ্রি। আর উচ্চ প্রাথমিক (ব্যতিক্রম স্নাতক ডিএলএড), মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজন বিএড ডিগ্রি। মামলাকারীদের বক্তব্য, প্রাথমিক স্কুলের পরীক্ষায় যদি বিএড-রা ঢুকে যায়, তবে প্রতিযোগিতা আরও বাড়বে। আর বঞ্চিত হবেন ডিএলএড ডিগ্রিধারীরা।

গত বুধবার পর্ষদের তরফে টেটের যোগ্যতা নিয়ে একটি সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রাথমিকে টেট পরীক্ষার্থীদের মধ্যে যাঁরা এলিমেন্টারি এডুকেশনে দু'বছরের ডিপ্লোমা পর্যায়ের শিক্ষার্থী তাঁরাও আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবেন। পাশাপাশি, এলিমেন্টারি এডুকেশনে চার বছরের ব্যাচলার্স ডিগ্রি পর্যায়ের পড়ুয়ারাও প্রথম থেকে পঞ্চম শ্রেণিতে শিক্ষক নিয়োগের পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন।

যদিও ২৯ সেপ্টেম্বর প্রকাশিত নির্দেশিকায় বলা হয়েছিল, ওই দুই পর্যায়ে ডিপ্লোমা বা ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবেন। তা ছাড়া আরসিআই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যাঁরা দু'বছরের ডিএড কোর্স বা এনসিটিই স্বীকৃত কোনও প্রতিষ্ঠানে দু'বছরের ডিএলএড কোর্সের চূড়ান্ত দফার পরীক্ষা দিয়েছেন, তাঁরা প্রথম থেকে পঞ্চম শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য আবেদন করতে পারবেন বলে বলা হয়েছিল ওই নির্দেশিকায়।

# সন্ত্রাসবাদে আর্থিক সহায়তা মামলায় পুঞ্চ থেকে একজনকে গ্রেফতার করল এনআইএ

নয়াদিল্লি, ১৪ অক্টোবর (হি.স.) : সন্ত্রাসবাদে আর্থিক সহায়তা মামলায় জাতীয় তদন্ত সংস্থা (এনআইএ) পুঞ্চ মান্ডির নিয়ন্ত্রণ রেখা বরাবর ডান্না গ্রামে অভিযান চালিয়ে একজনকে গ্রেফতার করেছে। তাকে জেরা করছে এনআইএ।

শুক্রবার সকালে এনআইএ সন্ত্রাসবাদে আর্থিক সহায়তা মামলায় একটি খবর পাওয়ার পরে নিয়ন্ত্রণ রেখার কাছে একটি গ্রামে অভিযান চালায়। এখান থেকে মহম্মদ জামাল নামে এক ব্যক্তিকে আটক করে এনআইএ। একাধিক মামলায় তাকে জিজ্ঞাসাবাদ করছে তদন্তকারী সংস্থা। সূত্রের খবর, অভিযুক্ত কিছুদিন আগে পাকিস্তানে গিয়েছিল। এরপর থেকে তার কর্মকাণ্ড সন্দেহজনক বলে মনে করা হচ্ছে। এরপর থেকে জামালের ওপর অনেকদিন ধরেই নজর রাখছিল এনআইএ। অভিযান চলাকালীন, তদন্তকারী সংস্থা অভিযুক্তদের কাছ থেকে ফোন এবং অন্যান্য নথি উদ্ধার করেছে। অভিযুক্তকে মান্ডি থানায় জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। বলা হচ্ছে, ড্রোনের মাধ্যমে অস্ত্র ও মাদক ফেলার ঘটনায় পুঞ্চের অনেক জায়গায় এনআইএও ব্যবস্থা নিয়েছে।

# জ্ঞানবাপী মসজিদ চত্বরের 'শিবলিঙ্গের' বয়স জানতে পরীক্ষার আবেদন খারিজ বারাণসী আদালতে

বারাণসী, ১৪ অক্টোবর (হি.স.) : জ্ঞানবাপী মসজিদ চত্বরে পাওয়া 'শিবলিঙ্গে'র কার্বন ডেটিং পদ্ধতিতে বয়স নির্ধারণের আর্জিতে সায় দিল না বারাণসী জেলা আদালত। মসজিদ চত্বরে ওজুখানায় শিবলিঙ্গের উপস্থিতি দাবি করে তার বয়স জানার জন্য 'কার্বন ডেটিং' পরীক্ষার যে আবেদন জানানো হয়েছিল সিনিয়র বিচারক অজয়কুমার বিশ্বেশ শুক্রবার তা খারিজ করে বলেন, ''শিবলিঙ্গের অস্তিত্ব খোঁজার জন্য জ্ঞানবাপী চত্বরে কোনও রকম বৈজ্ঞানিক অনুসন্ধানের কাজ করা যাবে না।'' বারাণসী জেলা আদালতে বৈজ্ঞানিক পরীক্ষার আবেদনের বিরোধিতা করেছিল 'অঞ্জুমান ইন্তেজামিয়া (জ্ঞানবাপী) মসজিদ কমিটি'।

বিচারক বিশ্বেশ তা মেনে নিয়েছেন। প্রসঙ্গত, ২০২১ সালের অগস্টে পাঁচ হিন্দু মহিলা জ্ঞানবাপীর 'মা শৃঙ্গার গৌরী' এবং মসজিদের অন্দরের পশ্চিমের দেওয়ালে দেবদেবীর মূর্তির অস্তিত্বের দাবি করে তা পূজার্চনার অনুমতি চেয়ে যে মামলা দায়ের করেছিলেন তারই প্রেক্ষিতে মসজিদের অন্তদের ভিডিয়ো সমীক্ষা করার নির্দেশ দিয়েছিলেন বারাণসীর নিম্ন আদালতের বিচারক রবিকুমার দিবাকর। এর পরেই গত ২২ সেপ্টেম্বর হিন্দু পক্ষের তরফে প্রাপ্ত নমুনাগুলির কার্বন ডেটিং পরীক্ষার আবেদন জানানো হয়।

সেই সমীক্ষা ও ভিডিয়োগ্রাফির কাজ শেষ হওয়ার পরে গত ২০ মে সুপ্রিম কোর্টের নির্দেশে মামলার শুনানির দায়িত্ব পায় বারাণসী জেলা আদালত। পর্যবেক্ষক দলের ভিডিয়োগ্রাফির রিপোর্টে মসজিদের ওজুখানার জলাধারে শিবলিঙ্গের মতো আকৃতির যে কাঠামোর খোঁজ মিলেছে, সেটি আসলে ফোয়ারা বলে মুসলিম পক্ষ দাবি করে। অন্য দিকে, হিন্দুপক্ষের তরফে প্রাপ্ত নমুনাগুলির কার্বন ডেটিং পরীক্ষার আবেদন গত ২২ সেপ্টেম্বর জানানো হয়।

## ছত্তিশগড়ের অম্বিকাপুরে ৪.৮ মাত্রার ভূমিকম্প

রায়পুর, ১৪ অক্টোবর (হি.স.) : শুক্রবার সকালে ছত্তিশগড়ের অম্বিকাপুরের কাছে ৪.৮ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে বলে ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে। ভূমিকম্পটি অম্বিকাপুরের ৬৫ কিলোমিটার পশ্চিম উত্তর-পশ্চিমে সকাল ৫.২৮ মিনিটে অক্ষাংশ ২৩.৩৩ এবং ৮২.৫৮ দ্রাঘিমাংশে হয়েছিল। ভূমিকম্পের গভীরতা ছিল মাটির নিচে ১০ কিলোমিটার। এই ভূ-কম্পনে এখনও পর্যন্ত কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

## অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার নিরাপত্তা জেড প্লাসে উন্নীত করল কেন্দ্র

নয়াদিল্লি, ১৪ অক্টোবর (হি.স.) : কেন্দ্রীয় সরকার সাম্প্রতিক পর্যালোচনার পরে অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার নিরাপত্তাকে জেড-প্লাসের শীর্ষ বিভাগে উন্নীত করেছে। শুক্রবার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রে জানা গিয়েছে, ৫৩ বছর বয়সী মুখ্যমন্ত্রী এখন পর্যন্ত উত্তর-পূর্ব রাজ্যগুলিতে তাঁর নিরাপত্তার জন্য কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ) ভিআইপি সুরক্ষায় জেড ক্যাটাগরির নিরাপত্তা পেতেন। সাম্প্রতিক নিরাপত্তা পর্যালোচনার পর সিআরপিএফকে স্বরাষ্ট্র মন্ত্রক তাঁর নিরাপত্তা সর্বভারতীয় ভিত্তিতে জেড প্লাস-এর শীর্ষ বিভাগে উন্নীত করতে নির্দেশ দিয়েছে।

## টিকা পেলেন ৫.৯৩-লক্ষাধিক প্রাপক, ভারতে ২১৯.২১-কোটি টিকাকরণ সম্পন্ন

নয়াদিল্লি, ১৪ অক্টোবর (হি.স.) : কোভিড টিকাকরণ অভিযানের আওতায় ২১৯.২১-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে ভারতে। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৫ লক্ষ ৯৩ হাজার ৯৬৩ জন প্রাপক, ফলে ভারতে শনিবার সকাল আটটা পর্যন্ত ২১৯.২১-কোটির বে শি টিকাকরণ সম্পন্ন হয়েছে। মোট টিকা প্রাপকের সংখ্যা-২১৯,২১,৬৮,১৩৪ জন।

ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৩ অক্টোবর সারা দিনে ভারতে ২,৩৭,৯৫২ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। পরীক্ষিত ২,৩৭,৯৫২ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ২,৬৭৮ জন। দেশে গত ২৪ ঘন্টায় করোনা থেকে সুস্থ হয়ে উঠেছেন ২৫৯৪ জন। সুস্থতার হার ৯৮.৭৬ শতাংশ। দেশের মোট অ্যাকটিভ করোনা রোগীর সংখ্যা মোট আক্রান্তের ০.০৬ শতাংশ। দৈনিক পজিটিভিটি রেট ১.১৩ শতাংশ।



ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের নতুন চেয়ারপার্সন হলেন হিমানী দেববর্মা। ছবি নিজস্ব।


## বিজ্ঞপ্তি

এতদ্বারা ত্রিপুরা রাজ্যে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বসবাসকারী ভারতীয় নাগরিক যাহারা শ্রী শ্রী মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গনে অনুষ্ঠিতব্য দেওয়ালী মেলা ও প্রদর্শনী-২০২২ উপলক্ষে মেলা প্রাঙ্গনে দোকান খোলার জন্যে ভিটি নিতে ইচ্ছুক, তাহাদের অবগতির জন্য জানানো যাতেছে যে, দোকান ভিটি পাওয়ার জন্য "দরখাস্ত" নিম্ন লিখিত সুচি ও শর্তানুসারে গ্রহণ করা হবে।

**দোকান ভিটি বিলির সুচি এবং শর্তাবলী**

১) ভিটি পাওয়ার জন্যে আবেদনকারী সাদা কাগজে দরখাস্তের সঙ্গে সচিত্র পরিচয়পত্র হিসাবে **ভোটার ID Card / আধার কার্ড** জমা দিতে হবে। আবেদনকারী একাধিক আবেদনপত্র জমা দিতে পারবেন, তবে প্রতিটি আবেদনপত্র জমা দেওয়ার সময় মং- ৫০/- (পঞ্চাশ টাকা) অ-ফেরতযোগ্য মূল্যের একটি করে কুপন প্রতিটি আবেদন পত্রের জন্যে সংগ্রহ করতে হবে। আবেদনপত্র জমা নেওয়া এবং কুপন বিক্রয়ের জন্য মাতাবাড়ী আর .ডি ব্লকে কাউন্টার খোলা হবে। আগামী **১৭/১০/২০২২ ইং থেকে ২০/১০/২০১২ ইং পর্যন্ত সকাল ১০টা থেকে সন্ধ্যা ৫.৩০ মিনিট পর্যন্ত** এই কাউন্টারে আবেদন জমা দেওয়া এবং কুপন সংগ্রহ করা যাবে। ব্যাক্তি একাধিক কুপন সংগ্রহ করতে পারবেন কেবলমাত্র একটি দোকান ভিটির জন্য। একজন ব্যাক্তি একাধিক কুপনের বিনিময়ে যদি একাধিক ভিটি পেয়ে থাকেন, তবে একটি রেখে বাকিগুলি মেলা কতৃপক্ষকে ফেরতদিতে হবে। আবেদনকারী কিসের দোকান খোলার জন্য ভিটির আবেদন করেছেন তাহা স্পষ্ট করে আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।

২) লটারীর মধ্যমে প্রাপ্ত ভিটি কেবলমাত্র সংশ্লিষ্ট আবেদনকারীই ব্যবহার করিতে পারিবেন। কোনভাবেই অন্য কোন ব্যক্তির নিকট হস্তান্তর করিতে পারিবেন না। যদি কোন ব্যাক্তি অন্যকাউকে দোকান ভিটি হস্তান্তর করে থাকেন, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভিটির বন্দোবস্ত বাতিল বলে গণ্য হবে এবং ঐ ভিটি মেলা কমিটির অধীনে চলে আসবে এবং মেলা কমিটি লটারীর মাধ্যমে নুতন কাউকে এই ভিটি বন্টন করবেন। সেক্ষেত্রে পূর্ববর্তী প্রাপকের প্রদেয় টাকা ফেরত দেওয়া হবেনা।

৩) দোকান ভিটি বন্টনের জন্য লটারী অনুষ্ঠিত হবে **২১/১০/২০২২ ইং সকাল ১০ টায়** মাতাবাড়ী আর .ডি ব্লক প্রাঙ্গনে এবং ঐদিনই দোকান ভিটি প্রাপকগন দোকান ভিটির ভাড়া কমিটির নিকট প্রদান করবেন। যদি ঐদিনই **বিকাল ৫.৩০ মিনিটের** মধ্যে ভিটির ভাড়ার টাকা জমা না করা হয় তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভিটি পুন:লটারীর মাধ্যমে বন্টন করা হবে।

৪) কমিটির নিকট দোকান ভিটি ভাড়া টাকা জমা দেওয়ার পর কমিটি যে রশিদ প্রদান করিবেন সেই রশিদ ভিটি ভিলি কমিটির নিকট দেখিয়ে ২২/১০/২০২২ ও ২৩/১০/২০২২ ইং এর মধ্যে দোকান ভিটি বুঝিয়া নিতে হবে।

৫) দোকান ভিটি তৈরী, বিদ্যুতসংযোগ ইত্যাদি ভিটি প্রাপক নিজেই করিবেন, ইহাতে মেলা কমিটির কোন দায় থাকিবে না।

৬) দেওয়ালি মেলার দোকান ভিটির স্থান এবং দোকানের বিশদ বিবরণ নিম্নে দেওয়া হলো :

| ক্রমিক নং | ভিটির স্থান | দোকানের বিবরণ | ভিটির পরিমাপ ও ধার্য্যকৃত রেইট | |
|---|---|---|---|---|
| ক. | মাতাবাড়ি পুরাতন স্কুল মাঠের পশ্চিমাংশ (নুতন পেড়া দোকানের পাশে) | লোহা সামগ্রী--- | 8'X10' @Rs.20/- per Sqft. | |
| খ. | এগ্রিকালচার মার্কেটের উত্তরাংশে | শাঁখা ---<br>স্টেশনারী সামগ্রী---<br>কাঁশ-পিতল সামগ্রী--- | 7'X6' @Rs.20/- per Sqft.<br>10'X9' @Rs.20/- per Sqft.<br>10'X9' @Rs.20/- per Sqft. | |
| গ. | কল্যান সাগরের দক্ষিন পাড় | স্টেশনারী এবং খেলনা সামগ্রী--- | 9'X8'<br>7'X10'<br>8'X8'<br>8'X10'<br>7'X8' | @Rs.15/- per Sqft. |
| ঘ | কল্যান সাগরের পশ্চিমপাড়ের উত্তরাংশ | হোটেল--- | 10'X16' @Rs.15/- per Sqft. | |
| ঙ | কল্যান সাগরের উত্তর পশ্চিমাংশ | রেস্টুরেন্ট ও অন্যান্য খাবার --- | 12'X12'<br>13'X10'<br>12'X10'<br>6'X7'<br>10'X10' | @Rs.15/- per Sqft. |
| চ | জাতীয় সড়কের লে-বাই থেকে ঐ সড়কের দুইপাশ হয়ে লোকনাথ মন্দির পর্যন্ত | আসবাসপত্র ---- | 15'X10' | @Rs.10/- per Sqft. |
| | | আসবাসপত্র ও অন্যান্য--- | 10'X8' | |
| | | বুট-বাদাম শুখনো খাবার সামগ্রী----- | 8'X10' | |
| | | মাছের ধরার জাল ও পানের দোকান | 10'X8' | |
| ছ | জাতীয় সড়কের লোকনাথ মন্দির থেকে ঐ সড়কের দুইপাশ হয়ে মন্দির টিলা পর্যন্ত | বুট-বাদাম শুখনো খাবার সামগ্রী----- | 9'X5' @Rs.10/- per Sqft. | |
| জ | কল্যান সাগরের পূর্বপাড় | জুতা---------------<br>কাপড় ---------------<br>খেলনা ও অন্যান্য সামগ্রী -- | 12'X10' @Rs.10/- per Sqft.<br>12'X8' @Rs.10/- per Sqft.<br>8'X5' @Rs.10/- per Sqft. | |
| ঝ | মাতাবাড়ী স্কুল বাউন্ডারী সংলগ্ন জাতীয় সড়কের পূর্বাংশ | জিলিপি ------<br>অন্যান্য ------- | 10'X5' @Rs.10/- per Sqft.<br>9'X5' @Rs.10/- per Sqft. | |
| ঞ | রেল স্টেশান রোড হইতে চন্দ্রসাগরের উত্তর পাড় পর্যন্ত (জাতীয় সড়কের উভয় পাশে) | বুট বাদাম ও অন্যান্য শুখনো খাবার সামগ্রী ---- | 9'X5'<br>8'X5' | @Rs.10/- per Sqft. |

ICA-D-1190/22

(Govekar Mayur Ratilal, IAS)
District Magistrate & Collector
Gomati District, Udaipur
(Secretary & Savait)
Mata Tripura Sundari Temple Trust

# • কাজের সন্ধান •

## আগরতলায় অনলাইনে পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের অধীনে ৯৯০ চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** এসএসসি'র ওয়েবসাইটে লগঅন্ করে একবার রেজিস্ট্রেশন করিয়ে নিলে পরবর্তী সময়ে এসএসসি-র যে-কোনও বিজ্ঞাপন অনুযায়ী খুব সহজেই আবেদন করা যায়। সম্প্রতি বিজ্ঞাপন অনুযায়ী অনেকে আবেদন করতে গিয়ে সমস্যায় পড়ছেন বলে ফোনে এ বিষয়ে অনেকে জানতে চেয়েছেন। বিশেষ করে কেন্দ্রীয় সরকারের অধীনে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদে ডিপ্লোমা বা ডিগ্রি পাশদের প্রচুর সংখ্যক চাকরির খবরও বেরিয়েছে। মূল খবর — কেন্দ্রীয় মন্ত্রকের অধীন সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। এসএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ৯৯০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিএসসি, বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ অক্টোবর, ডিসেম্বরে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

কোনও বিজ্ঞপ্তির প্রেক্ষাপটে অনলাইনে চাকরির দরখাস্ত পাঠানো সহজ হলেও, অপেক্ষা করতে নেই। শেষ তারিখের যত আগে সম্ভব, আবেদন করে নিতে হয়। এসএসসি পরীক্ষার দরখাস্ত পাঠাতে গিয়ে আগে অনেকেই সমস্যায় পড়ছেন। প্রয়োজনীয় সহযোগিতা নিয়ে আবেদন করুন। ডিপ্লোমা, বিএসসি, বিই, বিটেক যে-কোনও একটিতে পাশ হলেই আবেদন করা যাবে, নম্বরের আধিক্য থাকলে নিশ্চয়ই অগ্রাধিকার পাবেন। এবারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় সরকারের সারা দেশের বিভিন্ন দপ্তর বা অফিসগুলোতে বিশেষ করে আইএমডি বা ইন্ডিয়া মেটিওরোলোজিক্যাল দপ্তরে সায়েন্টিক অ্যাসিস্ট্যান্ট নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট ইন ইন্ডিয়া মেটিওরোলোজিক্যাল ডিপার্টমেন্ট এগজামিনেশন - ২০২২-এর মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য অবজেক্টিভ টাইপের কম্পিউটার ভিত্তিক একটি এবং মূল পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বরে। দিনক্ষণ এখনও চূড়ান্ত হয়নি, ডিসেম্বর মাসের যে-কোনও দিন পরীক্ষা হতে পারে। তবে তা অবশ্যই ১৫ দিন আগে জানিয়ে দেওয়া হবে এসএমএস ও কল লেটারের মাধ্যমে। নির্দিষ্ট সময়ে কল লেটার ডাউনলোড করে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে।

অন্তত ডিপ্লোমা, বিএসসি, বিই, বিটেক পাশ তরুণ-তরুণীরা ১৮-১০-২০২২ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হলে আবেদন করতে পারেন। দূরশিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষা ব্যবস্থায় যাঁরা পাশ করেছেন তাঁরা সংশ্লিষ্ট সময়কালে কোর্সটি ডিইসি-ইগনুর স্বীকৃত হলে আবেদন করতে পারবেন। এবারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। যোগ্যতা, বয়স সবই অর্জন করতে হবে ১৮-১০-২০২২ তারিখের মধ্যে। তফশিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা/বিবাহবিচ্ছিন্না/ আইনত আলাদা মহিলা প্রভৃতি প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। যেমন, ওবিসি-দের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩৩ বছর, এসসি/এসটি-দের জন্য ৩৫ বছর, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪০ বছর। সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদের মাইনে হবে ৭ম পে কমিশনের পে ম্যাট্রিক্স পে লেভেল-৬ অনুযায়ী। এছাড়া, অতিরিক্ত হিসেবে অন্যান্য ভাতাও রয়েছে। পদগুলো নন্-গ্যাজেটেড, নন্-মিনিস্টেরিয়াল, গ্রুপ-বি ক্যাটেগরির।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ্অন করে। চিরাচরিত পদ্ধতিতে অর্থাৎ অফলাইনে দরখাস্ত পাঠানোর পদ্ধতি ওঠে গেছে। অনলাইনে দরখাস্ত করতে হলে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্জাম-ফি লাগবে না। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ১৮ অক্টোবরের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ১৮ অক্টোবর। এককথায়, অনলাইনে দরখাস্ত পাঠানোর জক্কিঝামেলা কম, খরচও কম হয়। দরখাস্তে ভুল হওয়ার সম্ভাবনা কমে যায়, ডকুমেন্টস জেরক্স করে পাঠাতে হয় না, কল লেটার প্রাপ্তির ব্যাপারে পুরোপুরি নিশ্চিত হওয়া যায়। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

প্রার্থীবাছাই হবে স্টাফ সিলেকশন কমিশনের সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট ইন ইন্ডিয়া মেটিওরোলোজিক্যাল ডিপার্টমেন্ট এগজামিনেশন - ২০২২-এর মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য অবজেক্টিভ টাইপের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বরে। দিনক্ষণ এখনও চূড়ান্ত হয়নি, ডিসেম্বর মাসের যে-কোনও দিন পরীক্ষা হতে পারে। তবে তা অবশ্যই ১৫ দিন আগে জানিয়ে দেওয়া হবে এসএমএস ও কল লেটারের মাধ্যমে। নির্দিষ্ট সময়ে কল লেটার ডাউনলোড করে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে। প্রশ্নপত্র হবে দুটি পার্টে ২০০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। প্রথম পার্টে থাকবে ৪টি পেপার। প্রতিটিতে ২৫ করে মোট ১০০ নম্বরের। ২য় পার্টে থাকবে ১০০ নম্বর। মোট সময় দুই ঘন্টা বা ১২০ মিনিট। স্ক্রাইবার অর্থাৎ লিখনসহকারী নেওয়া দৃষ্টি প্রতিবন্ধীরা নির্দিষ্ট কিছু সময় যেমন ৩০ মিনিট অতিরিক্ত পাবেন। অর্থাৎ, তাঁদের জন্য সময় আড়াই ঘন্টা। বিষয়গুলি হল জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, জেনারেল অ্যাওয়্যারনেস এবং ফিজিক্স/ কম্পিউটার সায়েন্স এন্ড আইটি/ ইটিই ইত্যাদি। জেনারেল ইংলিশ ছাড়া সব প্রশ্নই হবে ইংরিজি-হিন্দিতে দ্বিভাষিক। সব পেপারেই আলাদা-আলাদা ভাবে সফল হতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতিটি ভুলের জন্য ০.২৫ নম্বর অর্থাৎ ৪টি ভুলের জন্য ১ নম্বর খোয়াতে হবে।

কম্পিউটার ভিত্তিক লিখিত পরীক্ষার ফল বেরোলে সফল প্রার্থীরা তার দেড়-দু' মাসের মধ্যেই ইন্টারভিউর ডাক পাবেন। ইন্টারভিউর দিন-তারিখও পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষাকেন্দ্র হবে ত্রিপুরার প্রার্থীদের জন্য আগরতলায়। তবে অনলাইনে ফর্ম ফিলাপের সময় পছন্দমত তিনটি পরীক্ষাকেন্দ্র উল্লেখ করতে হবে। অন্যান্য রাজ্যের পরীক্ষাকেন্দ্র পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। যে অঞ্চলে আবেদন করবেন কেবল সেখানকার যে-কোনও একটি পরীক্ষাকেন্দ্র বাছতে হবে।

নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে অর্থাৎ ইন্টারনেটের মাধ্যমে দরখাস্ত পাঠিয়ে দেওয়া অনেক শ্রেয়। দরখাস্ত সাবমিট হয়ে গেলে রেজিস্ট্রেশন কপির প্রিন্ট আউট নিজের কাজে রাখবেন। তা কিন্তু আবার কোথাও পাঠাতে হবে না। যোগ্য প্রার্থীদের অ্যাডমিট কার্ড অর্থাৎ অ্যাডমিশন সার্টিফিকেট অনলাইনে দেওয়া হবে। যথাসময়ে এঁদের ওয়েবসাইট থেকে তা ডাউনলোড করে নিতে পারবেন।

## অনলাইনে আবেদন ও সাক্ষাৎকারের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে তিন শতাধিক চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ব্যাঙ্কে চাকরি বিশেষ করে ব্যাঙ্ক অফ বরোদায় ইন্টারভিউর মাধ্যমে নিয়োগের জন্য সারা দেশে প্রচুর পরীক্ষা কেন্দ্র রয়েছে। উচ্চশিক্ষিত কর্মপ্রার্থীদের জন্য এটি একটি দারুন সুযোগ বলা যায়। অনলাইনে আবেদন, অনলাইনে পরীক্ষা। বি.ও.বি. অর্থাৎ ব্যাঙ্ক অফ বরোদায় ম্যানেজারের বিভিন্ন পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্তজমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৩৪৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ পাশ, বয়স ঃ ২৩-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

ব্যাঙ্ক অফ বরোদায় চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ০১-১০-২০২২-এ ২৩ থেকে ৪০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, ইত্যাদি যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে কিছু সংখ্যক পদ। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও সংরক্ষিত কিছু শূন্যপদ। যেমন মোট শূন্যপদ ৩৪৬-এর মধ্যে এসসি'র জন্য ৫০টি, এসটি'র জন্য ২৫টি, ওবিসি'র জন্য ৯২টি এবং ইডব্লিওএস-এর জন্য ৩৩টি পদ সংরক্ষিত। এছাড়া, ১৪৬টি পদ অসংরক্ষিত। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্যও সংরক্ষিত রয়েছে ১২টি পদ। পদের নাম, পদের সংখ্যা, আবশ্যকীয় যোগ্যতা, কাকিরিজ্ঞান ইত্যাদি বিস্তারিত পাবেন এঁদের ওয়েবসাইটে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইনে পরীক্ষা অথবা ইন্টারভিউর মাধ্যমে। ত্রিপুরার প্রার্থীদের জন্য আগরতলা অথবা গুয়াহাটি পরীক্ষা কেন্দ্র রয়েছে। সারা দেশ জুড়ে এমন বেশ কটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। তবে কে কোথায় পরীক্ষা বা ইন্টারভিউ দিতে আগ্রহী, তা আগে থেকে অনলাইনে ফর্ম ফিলাপের সময় উল্লেখ করে দিতে হবে। পরীক্ষার তারিখ এখনও স্থির হয়নি। পরীক্ষার পরিবর্তে সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ হলে যথাসময়ে কল লেটারের মাধ্যমে বিস্তারিত জানানো হবে। কল লেটারের মধ্যে দিনক্ষণ, স্থান সমস্ত কিছুই উল্লেখ করা থাকবে। দরখাস্ত করতে হবে কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ২০ অক্টোবরের মধ্যে। অর্থাৎ, অনলাইনে আবেদনের শেষ তারিখ ২০ অক্টোবর। তার আগে নিজের একটি স্থায়ী বৈধ ইমেল আইডি ছাড়াও তৈরী রাখতে হবে নিজের পাসপোর্ট মাপের রঙিন ফটোর ও স্বাক্ষরের স্ক্যান করা ইমেজ। কিভাবে করবেন তাও বিশদ নির্দেশ সহ বিস্তারিত জানতে পারবেন এঁদের ওয়েবসাইটে। দরখাস্তে সেই স্বাক্ষর ও ছবি আপলোড করতে হবে। পরীক্ষার নির্ধারিত ফি অনলাইনে অর্থাৎ মাস্টার কার্ড, ভিসা কার্ড, ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে মেটানো হয়ে গেলে অবশ্যই ই-রিসিপ্টের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, সেটি পরীক্ষার হলে দাখিল করতে হবে। সমস্ত রসিদই পরীক্ষার হলে দাখিল করতে হবে, ফলে এসবেরই একটা করে বাড়তি জেরক্স নিজের কাছে রেখে দেওয়া ভালো। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অন্য কোনও উপায়ে পরীক্ষার ফি জমা দেওয়ার কোনও পদ্ধতি নেই।

অনলাইনে দরখাস্ত করতে হলে সাইটে গিয়ে 'রিক্রুটমেন্ট' লিঙ্কে ক্লিক করবেন। খুবই সাবধানে ফর্ম পূরণ করবেন, কোনও রকম ভুল হওয়া থেকে বিরত থাকবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। তুলনামূলক বিচারে অনলাইনে ফর্ম ফিলাপের পাশাপাশি, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়ার সুবিধা অধিক। এতে জক্কি-ঝামেলাও কম, কল লেটার প্রাপ্তির ব্যাপারে ১০০ ভাগ নিশ্চিতও হওয়া যায়। বলা বাহুল্য, ফটো, সই ইত্যাদি আপলোড করে দরখাস্ত সাবমিট করা হয়ে গেলে রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন। তাই সাবমিট করার পর দরখাস্তের একটা প্রিন্ট-আউটও নিয়ে রাখবেন। এই দরখাস্ত কোথাও পাঠাবেন না।

শূন্যপদগুলো হলো ঃ— ক্রমিক নং (১) ঃ পদের নাম ঃ সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার ঃ শূন্যপদ ৩২০টি (এসসি - ৪৭, এসটি - ২৪, ওবিসি - ৮৬ এবং ইডব্লিওএস - ৩১টি পদ সংরক্ষিত। এছাড়া, ১৩২টি পদ অসংরক্ষিত)। বয়স - ২৪ থেকে ৪০ বছর। ক্রমিক নং (২) ঃ পদের নাম ঃ ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার ঃ শূন্যপদ ২৪টি (এসসি - ৩, এসটি - ১, ওবিসি - ৬ এবং ইডব্লিওএস - ২টি পদ সংরক্ষিত। এছাড়া, ১২টি পদ অসংরক্ষিত)। বয়স - ২৩ থেকে ৩৫ বছর। ক্রমিক নং (৩) ঃ পদের নাম ঃ গ্রুপ সেলস হেড ঃ শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়স - ৩১ থেকে ৪৫ বছর। ক্রমিক নং (৪) ঃ পদের নাম ঃ অপারেশনস্ হেড-ওয়েল্থ) ঃ শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়স - ৩৫ থেকে ৫০ বছর। শিক্ষাগত যোগ্যতা - যে-কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএ/বিকম/বিএসসি/ বিই/ বিটেক/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, পিজি, বা এমবিএ পাশ বা নির্দিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে বাড়তি সুবিধা পাবেন। বয়সের ক্ষেত্রে অবশ্যই সংরক্ষিত ক্ষেত্রে নিয়ম অনুযায়ী ছাড় রয়েছে। উল্লেখ্য, আগ্রহী প্রার্থীরা অবশ্যই আবেদন করার আগে বিজ্ঞপ্তির বিস্তারিত দেখে বয়স, অভিজ্ঞতা ও যোগ্যতার মাপকাঠি মিলিয়ে আবেদন করবেন।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ডিআরডিও),**
শূন্যপদ ঃ ৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **অফিসার (সেন্ট্রাল ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **টেকনিক্যাল, এডমিন, লাইব্রেরিয়ান (আইআইটি),**
শূন্যপদ ঃ ১৫৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২৭-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ইউজিটি, জিটি (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ৩১৬৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক/ গ্র্যাজুয়েটের পর টেট পাশ আবশ্যক,
বয়স ঃ ১৮-৪০ বছর (বিশেষ ও সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর,
ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেন্দ্রীয় মন্ত্রক),**
এসএসসি পরীক্ষার মাধ্যমে
শূন্যপদ ঃ ৯৯০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিএসসি, বিই, বিটেকপাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ অক্টোবর,
ডিসেম্বরে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় সরকার),**
শূন্যপদ ঃ ৮১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি (সিভিল) পাশ,
বয়স ঃ ২১-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজার, অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৩৪৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ পাশ,
বয়স ঃ ২৩-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **প্রজেক্ট ইঞ্জিনিয়ার, প্রজেক্ট অ্যাসোসিয়েট (সি-ড্যাক),**
শূন্যপদ ঃ ৫৩০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **প্রজেক্ট স্টাফ (অসামরিক বিমান),**
শূন্যপদ ঃ ৭৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএসসি, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেড এপ্রেন্টিস (ইন্ডিয়ান অয়েল),**
শূন্যপদ ঃ ১৫৩৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক - ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ অক্টোবর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এ.এস.আই, হেড কনস্টেবল (সিআইএসএফ),**
শূন্যপদ ঃ ৫৪০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর,
র‌্যালী, লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **নন-টিচিং স্টাফ (কেন্দ্রীয় সংস্থা),**
শূন্যপদ ঃ ৭৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল ক্যাটারিং),**
শূন্যপদ ঃ ৮০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৫-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (শিপ-ইয়ার্ড),**
শূন্যপদ ঃ ৩৫৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজার (কেন্দ্রীয় নিগম),**
শূন্যপদ ঃ ৬২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমবিএ পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **প্রফেসর (আইআইটি),**
শূন্যপদ ঃ ৫৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিএইচডি পাশ,
বয়স ঃ ২১-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ অক্টোবর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o-ooo-o--o--o

## ইন্ডিয়ান অয়েলে চাকরির লক্ষ্যে ১৫৩৫ এপ্রেন্টিস, অনলাইনে আবেদন

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড বা আই.ও.সি.এল-এ এপ্রেন্টিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক - ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

মহারত্ন, মিনিরত্ন ইত্যাদি কর্পোরেট সেক্টরগুলোতে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড বা আই.ও.সি.এল-এ বিশেষ করে ইস্টার্ণ রিজিওন বা পূর্বাঞ্চলে প্রায় সব কয়টি রাজ্যে টেকনিক্যাল এবং নন্-টেকনিক্যাল ট্রেডে এপ্রেন্টিস হিসেবে ১৫৩৫ জনকে বাছাইয়ের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়েছে। আইওসিএল-এ ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩০-০৯-২০২২-এর হিসেবে ১৮ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। সরকারি নিয়মানুসারে এসসি, এসটি, ওবিসি এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষণ যেমন থাকবে, তেমনি তাঁদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন রাজ্য ও ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন 'আই.ও.সি.এল'-এর ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। পূর্বাঞ্চলের রাজ্যগুলোর জন্য বিশেষ করে ৯টি রিফাইনারি ডিভিশনের জন্য সাধারন প্রার্থী এবং ক্যাটেগরি ভিত্তিক নির্দিষ্ট আসন রয়েছে, সংরক্ষিত হিসেবে। এভাবেই রাজ্যওয়ারি বা ডিভিশন ভিত্তিক বিস্তারিত বিভাজন ও বিন্যাস দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে।

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য আবেদন করতে পারবেন। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে রাজ্যভিত্তিক বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন আইওসিএল-এর ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ঃ আইওসিএল/ জিআর/ পি/ এপিপি/ ২০২২-২৩, তারিখ ২৪ সেপ্টেম্বর, ২০২২।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে ২৩ অক্টোবরের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২৩ অক্টোবর। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার 'ই-রিসিপ্ট' ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই' বা 'হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। নিয়োগের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ও ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৭০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ২০-৩০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৬ নভেম্বরে। সময় দুই ঘন্টা। মেধাভিত্তিক প্রার্থিবাছাই পদ্ধতি তথা লিখিত পরীক্ষার বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে। ফল প্রকাশ ২১ নভেম্বর। ডকুমেন্টস ভেরিফিকেশন ২৮ নভেম্বর থেকে ৭ ডিসেম্বর। তবে আবেদনকারী প্রার্থীদের নিয়মিত এঁদের ওয়েবসাইটে নজর রাখতে বলা হয়েছে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কমবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ডিআরডিও-তে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় **অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* আইআইটি-তে **টেকনিক্যাল, এডমিন, লাইব্রেরিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২৭-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় শিক্ষা দপ্তরে **ইউজিটি, জিটি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩১৬৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক/ গ্র্যাজুয়েটের পর টেট পাশ আবশ্যক, বয়স ঃ ১৮-৪০ বছর (বিশেষ ও সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ অক্টোবর, ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীন **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। এসএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ৯৯০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিএসসি, বিই, বিটেকপাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ অক্টোবর, ডিসেম্বরে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় সরকারের অধীনে **ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি (সিভিল) পাশ, বয়স ঃ ২১-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **ম্যানেজার, অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৪৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ পাশ, বয়স ঃ ২৩-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় প্রতিরক্ষা বা সি-ড্যাকে **প্রজেক্ট ইঞ্জিনিয়ার, প্রজেক্ট অ্যাসোসিয়েট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৩০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* অসামরিক বিমানে **প্রজেক্ট স্টাফ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএসসি, বিই, বিটেক পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ অক্টোবর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইন্ডিয়ান অয়েলে **ট্রেড এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক - ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* সিআইএসএফ-এ **এ.এস.আই, হেড কনস্টেবল** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৪০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর, র‌্যালী, লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় সংস্থায় **নন-টিচিং স্টাফ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* রেল ক্যাটারিং বিভাগে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্যে অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৫-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* শিপ-ইয়ার্ডে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৫৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় নিগমে **ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমবিএ পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* আইআইটি-তে **প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিএইচডি পাশ, বয়স ঃ ২১-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ অক্টোবর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

# কংগ্রেস এবং দেশের জন্য প্রয়োজনীয় পরিবর্তন আনতে পারবেন না খাড়গে: শশী থারুর

ভোপাল, ১৪ অক্টোবর (হি.স.) : কংগ্রেস এবং দেশ উভয়ের জন্য যে পরিবর্তন প্রয়োজন তা তারা আনতে পারবেন না মল্লিকার্জুন খাড়গে। শশী থারুর শুক্রবার ভোপালে থাকার সময় এখানে কংগ্রেস অফিসে দলীয় পদাধিকারীদের একটি সভায় এমন ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, ২০১৪ এবং পরবর্তী ২০১৯ লোকসভা নির্বাচনে কংগ্রেস ১৯ শতাংশ ভোট পেয়েছিল। আর কতদিন আমরা এই অবস্থায় থাকব? এর একমাত্র প্রতিকার হল আমাদের জনগণকে দেখাতে হবে যে কংগ্রেস দল আবার একটি আকর্ষণীয় দল হয়ে উঠছে। তিনি বলেন, আজ আমরা শ্রমিকদের জিজ্ঞেস করছি আপনারা কী চান? আমরাও সাড়া দেওয়ার সুযোগ পাচ্ছি।

কংগ্রেসের জাতীয় সভাপতি পদে ভোট হওয়ার কথা ১৭ অক্টোবর। এ জন্য সভাপতি পদের দুই প্রার্থী শশী থারুর এবং মল্লিকার্জুন খাড়গে নির্বাচনী প্রচারে ব্যস্ত রয়েছেন। এই প্রসঙ্গে শুক্রবার ভোপালে পৌঁছেছেন শশী থারুর। বিমানবন্দর থেকে তিনি সরাসরি রাজ্য কংগ্রেস অফিসে পৌঁছে রাজ্য সভাপতি কমল নাথ সহ সিনিয়র নেতা এবং রাজ্য কংগ্রেস প্রতিনিধিদের সাথে আলোচনা করেন।

তিনি কংগ্রেস প্রতিনিধিদের বলেন, আমাদের লক্ষ্য দলকে শক্তিশালী করা। দল পরিবর্তনের চেষ্টা চলছে। সব কাজে কর্মীদের অংশগ্রহণ থাকতে হবে। তিনি বলেন, সোনিয়া গান্ধী অনেক কাজ করেছেন। সিনিয়র নেতাদের সঙ্গে কর্মীদের সরাসরি যোগাযোগ রাখতে হবে। পিসিসি প্রতিনিধি হিসেবে আপনি চেয়ারম্যান নির্বাচন করার সুযোগ পেয়েছেন। এটা একটা বড় দায়িত্ব। আমাদের সামনে অনেক চ্যালেঞ্জ রয়েছে এবং আমরা সেগুলো মোকাবেলা করতে প্রস্তুত। তিনি বলেন, আমরা নির্বাচন প্রক্রিয়ায় খুশি এবং আমরা চাই নির্বাচন অনুষ্ঠিত হোক এবং কর্মীরা সভাপতি নির্বাচন করুক।



সিপিআইএমএল এর রাজ্য সম্মেলন শুক্রবার অনুষ্ঠিত হয়েছে আগরতলায়। ছবি নিজস্ব।

# সাংবাদিক মানব গুহকে গ্রেফতারের প্রতিবাদ শুভেন্দু অধিকারীর

কলকাতা, ১৪ অক্টোবর (হি. স.) : সাংবাদিক মানব গুহকে গ্রেফতারের প্রতিবাদ জানালেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। একটি পোর্টালের সম্পাদক মানব বেশ কিছুদিন ধরে রাজ্য প্রশাসনের নানা অব্যবস্থা ও দুর্নীতির অভিযোগ নিয়ে খবর করছিলেন। বৃহস্পতিবার তাঁকে পুলিশ গ্রেফতার করে।

শুভেন্দুবাবু টুইটারে শুক্রবার লিখেছেন, "১৩ বছর আগে ২০০৯-এ ঝাড়গ্রামের সাঁকরাইল থানায় হামলা চালায় মাওবাদীরা। কার্যত থানার দখল নেওয়ার পরে দু'জন পুলিশকর্মীকে হত্যা করে তারা, সরকারি অস্ত্রশস্ত্র লুট করে ও অপহরণ করে ওসি অতীন্দ্রনাথ দত্তকে। দু'দিন পর লালগড়ের ভুলাগাড়ার জঙ্গলে তাঁকে 'যুদ্ধবন্দি' ঘোষণা করে (ওসির বুকে কাগজ মাড়িয়ে) মুক্তি দেওয়া হয়।

আপনারা ভাবছেন যে হঠাৎ করে এই পুরনো কথা আলোচনা করছি কেন? এই কারণে করছি কারণ তখন এই বিষয়ে খবর ছাপার জন্যে অথবা 'যুদ্ধবন্দি' ওসির ছবি ক্যামেরাবন্দি করার জন্যে কিন্তু সংবাদমাধ্যমের কোনো প্রতিনিধিকে গ্রেফতার হতে হয় নি অথবা কোনো সাংবাদিকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয় নি। সম্প্রতি কোজাগরী পূর্ণিমার রাতে লক্ষ্মী পুজোর সময় মোমিনপুরে তাণ্ডব চালানোর পরে এক বিশেষ সম্প্রদায়ের দুষ্কৃতীরা (একাংশ, যাদের কুকীর্তির জন্য পুরো সম্প্রদায় কে কালিমালিপ্ত হতে হয় প্রায়শই) প্রত্যন্ত জঙ্গলমহলে নয়, একেবারে খাস কলকাতা শহরের মধ্যস্থলে অবস্থিত একবালপুর থানার দখল নিয়ে নেয়। মেরুদণ্ডহীন মমতা-পুলিশ নিরাপদ আশ্রয়ের খোঁজে থানা থেকে পালায়।

অথচ এই খবরটি জনসমক্ষে তুলে ধরার জন্য ও এই সংক্রান্ত ভিডিও গুলি শেয়ার করার 'অপরাধে' গ্রেফতার করা হয় সোশ্যাল মিডিয়া সাংবাদিক মানব গুহ কে।আমি রাজ্যের বিরোধী দলনেতা, এই বিষয়ে আমার অবস্থান স্পষ্ট করে জানাচ্ছি, যে সকল সোশ্যাল মিডিয়া সাংবাদিক যেমন মানব গুহ অথবা ওনার মতোই অন্যেরা যেমন পৌলমী নাগ, যাঁরা সরকারের রক্তচক্ষু উপেক্ষা করে, চোখে চোখ রেখে সততার সঙ্গে সাংবাদিকতা করছেন এবং এমন সব খবর জনগণের সামনে উপস্থাপন করছেন যা মূল ধারার সংবাদমাধ্যম করতে সাহস পায় না, তাদের প্রতি আমার সমর্থন সর্বদা বজায় থাকবে। ওনাদের লড়াই কে আমার কুর্নিশ জানাই ও ওনাদের প্রতি আমার সক্রিয় সমর্থন সর্বদা অটুট থাকবে।"

# দিল্লিতে ছট পূজা উদযাপনের জন্য আপ সরকার ২৫ কোটি টাকা বরাদ্দ

নয়াদিল্লি, ১৪ অক্টোবর (হি.স.) : দিল্লি সরকার এবছর শহরের ১১০০টি জায়গায় ছট পূজার আয়োজন করবে এবং বিহার এবং পূর্ব উত্তর প্রদেশে ব্যাপক জনপ্রিয় উৎসব উদযাপনের সুবিধার্থে ২৫ কোটি টাকার বরাদ্দ অনুমোদন করেছে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল।

শুক্রবার কেজরিওয়াল বলেন, এ বছর ২৮-৩১ অক্টোবরের মধ্যে পালিত হবে উৎসবের সময় লোকেরা সূর্য দেবতার পূজা করে। তিনি বলেন, দিল্লি সরকার জনগণ যাতে একটি আনন্দের সঙ্গে উদযাপন করে এবং তা নিশ্চিত করার জন্য সমস্ত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। দিল্লির রাজস্ব মন্ত্রী কৈলাশ গেহলট ৬ অক্টোবর ছট পূজার প্রস্তুতি নিয়ে একটি পর্যালোচনা বৈঠক করেছেন। বুরারি বিধায়ক সঞ্জীব ঝা, বিভাগীয় কমিশনার এবং দিল্লির সমস্ত জেলা ম্যাজিস্ট্রেট বৈঠকে উপস্থিত ছিলেন।

# অনন্তনাগ এনকাউন্টারে শহিদ আর্মি অ্যাসাল্ট ডগ জুমকে শ্রদ্ধা

শ্রীনগর, ১৪ অক্টোবর (হি.স.) : শুক্রবার সেনাবাহিনী শহিদ আর্মি অ্যাসল্ট ডগ জুমের প্রতি শ্রদ্ধা জানাল। সন্ত্রাসবাদীদের দুটি বুলেটে সে শহিদ হয়। লেফটেন্যান্ট জেনারেল এডিএস আউজলা, জিওসি চিনার কোরের চিনার ওয়ার মেমোরিয়াল, বিবি ক্যান্টে এক অনুষ্ঠানে চিনার কোরের সকল পদমর্যাদার পক্ষ থেকে বীর যোদ্ধার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

গত ১০ অক্টোবর অনন্তনাগে এনকাউন্টারের সময় সেনাবাহিনীর সাহসী আক্রমণকারী কুকুর জুম শুধুমাত্র সন্ত্রাসবাদীদের সঠিক অবস্থান সনাক্ত করতেই নয়, একজন সন্ত্রাসবাদীকে খতম করার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। এসময় তিনি দুটি গুলিবিদ্ধ হলেও আহত জুম দ্বিতীয় লুকিয়ে থাকা সন্ত্রাসবাদীকে সনাক্ত করে। সেখান থেকে ফিরে এসে অতিরিক্ত রক্তক্ষরণে অজ্ঞান হয়ে যায় জুম। তাকে অ্যাডভান্স ফিল্ড ভেটেরিনারি হাসপাতাল ভর্তি করা হলেও বৃহস্পতিবার মারা যায়।

প্রসঙ্গত, সেনাবাহিনীর আক্রমণকারী কুকুর জুম ছিল চিনার ওয়ারিয়র্সের একটি অমূল্য সদস্য। তার ২ বছর বয়স হওয়া সত্ত্বেও জুমের বেশ কয়েকটি অভিযানের অভিজ্ঞতা ছিল। সেই অভিযোনে সে তার শক্তি এবং সাহসের সঙ্গে নিজেকে আলাদা করেছিল।

# উত্তরাখণ্ডের তুষারধসে মৃত বাঙালি পর্বতারোহীর দেহ উদ্ধার

উত্তরকাশী, ১৪ অক্টোবর (হি.স.) : উত্তরাখণ্ডে ভয়াবহ তুষারধসের কবলে পড়া এক বাঙালি পর্বতারোহীর দেহ উদ্ধার হয়েছে। উত্তরকাশীর নেহরু পর্বতারোহণ ইনস্টিটিউটের দুই প্রশিক্ষণার্থী এখনও নিখোঁজ। উদ্ধার হওয়া প্রশিক্ষণার্থী পর্বতারোহীর নাম গৌরব বিশ্বাস। বেস ক্যাম্প থেকে পর্বতারোহীর মৃতদেহ আজ শুক্রবার সেনাবাহিনীর হেলিকপ্টারের মাধ্যমে মাতলি হেলিপ্যাডে নিয়ে যাওয়া হয়েছে। দ্রৌপদীর ডান্ডা চূড়ায় আরোহণের সময় তুষারধসে আগেই প্রাণ গিয়েছে ২৬ জন পর্বতারোহীর। উদ্ধার হওয়া প্রশিক্ষণার্থী পর্বতারোহী উত্তর ২৪ পরগনার বাসিন্দা। দ্রৌপদী কা ডান্ডা টু-তে তুষারধসে নিহত ২৬ পর্বতারোহীর মরদেহ এখনও পর্যন্ত পরিবার-পরিজনের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। আজ আবহাওয়া অনুকূলে থাকা অবস্থায় উদ্ধার অভিযান চলাকালীন মাতলি হেলিপ্যাডে আনা হয় গৌরবের মৃতদেহ। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# একদিনে করোনা আক্রান্ত ১৬৬

কলকাতা,১৪ অক্টোবর (হি. স.): ফের করোনা আক্রান্তের সংখ্যা পেরোলো ১৫০। গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ১৬৬। শুক্রবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে।

স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত হয়েছেন ১৬৬ জন। যার জেরে মোট আক্রান্তের সংখ্যা ছাড়িয়ে ২১,১৬,৬৮৬ করোনা আক্রান্ত হয়ে একদিনে মৃত্যু হয়েছে ১ জনের। যার জেরে মোট মৃতের সংখ্যা বেড়ে ২১,৫২০। একদিনে সুস্থ হয়ে উঠেছে ২৫৯। ফলে মোট সুস্থ হয়ে উঠছেন ২০,৯৩,৭৫৩। ফলে সুস্থতার হার বেড়ে ৯৮.৯২ শতাংশ। একদিনে করোনা পরীক্ষা হয়েছে ০৬,৮১১। যার জেরে মোট করোনা পরীক্ষার সংখ্যা বেড়ে ২৬,৫৮৫,৫২১।

# দুর্নীতির অভিযোগে চাকরি হারানোদের পাশে বিকাশ রঞ্জন

কলকাতা, ১৪ অক্টোবর (হি. স.) : এসএসসি-র নিয়োগে দুর্নীতির অভিযোগে এখন তোলপাড় হচ্ছে গোটা রাজ্য। অভিযোগ উঠছে, টাকার বিনিময়ে চাকরি পাওয়ার। এবার যাঁরা চাকরি হারাচ্ছেন, তাঁদের আইনি সাহায্যের আশ্বাস দিলেন বিশিষ্ট আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য।

আদালতের নির্দেশে অনেকেই ইতিমধ্যে চাকরি হারিয়েছে। সম্প্রতি স্কুল সার্ভিস কমিশন থেকে হলফনামা জমা দেওয়া হয়েছে আদালতে। তাতে ২০ জনকে চাকরি থেকে বরখাস্ত করার কথা জানানো হয়েছে। এর পাশাপাশি আরও ১৮৩ জনের ব্যতিক্রমী নিয়োগের কথাও তুলে ধরেছে।

এই মামলায় দুর্নীতির পর্দা সরাতে বিশেষ উদ্যোগী হয়েছিলেন বিকাশ রঞ্জন। তাহলে এবার কেন দোষীদের পাশে তিনি দাঁড়াচ্ছেন? বিকাশ বাবুর কথায়, "এরা প্রতারণার শিকার"। 'ঘুষ দেওয়া' আর 'ঘুষ নেওয়া' সমান অপরাধ বলেও মনে করেন না তিনি। তাঁর কথায়, "যাঁদের চাকরি বাতিল হয়েছে, তাঁরাও প্রতারণার শিকার। তাঁদের অভিযোগ করা উচিত। তাঁরা যদি আসেন, আমার কাছে সাহায্য চান, আমি সাহায্য করব। যাঁরা এত বড় প্রতারণার শিকার হলেন, তাঁদের টাকা ফেরতের জন্য বিভিন্ন পথ অবলম্বন করা দরকার।" এক্ষেত্রে ঘুষ দেওয়া অপরাধ মনে করছেন না বিকাশ বাবু। তিনি বলেন, "একটি বেকার ছেলে, সে তাঁর পরিবারকে রক্ষা করার জন্য, সরকারের যেটি প্রাথমিক কর্তব্য কাজের সুযোগ করে দেওয়া তা করতে পারেনি। তখন তাঁকে প্রলোভন দেওয়া হয়েছে তুমি টাকা দাও, চাকরি পাবে। ঘুষ দেওয়া আর ঘুষ নেওয়া সমান যাঁরা বলেন, তাঁরা বিকৃত ব্যাখ্যা করেন।" তাঁর সংযোজন, "একটা অসহায় মানুষ, যে ক্ষুধার্ত তাঁকে যদি বলা হয়, তোমায় আমি খাবার দেব, তুমি আমার এই কাজটি করে দাও। সে সেই কাজটি করলে, তা আমি অপরাধ বলে মনে করি না। প্রেক্ষিতটি বিচার করতে হবে। সবচেয়ে বড় অপরাধী, যাঁরা টাকা নিয়ে চাকরি দিয়েছেন। ঘৃণ্যতম অপরাধ। এদের খুঁজে বের করে যথাযথ শাস্তি দেওয়া উচিত। এমন শাস্তি দেওয়া উচিত, মানুষ দেখে ভয় পেয়ে যাবে।"

# কালচিনি চা বাগান থেকে বিপুল পরিমাণ চোরাই সেগুন কাঠ বাজেয়াপ্ত

কালচিনি, ১৪ অক্টোবর (হি. স.) : আলিপুরদুয়ারের কালচিনি চা বাগান থেকে বিপুল পরিমাণ চোরাই সেগুন কাঠ বাজেয়াপ্ত করা হল। শুক্রবার ভোরে কাঠগুলি বাজেয়াপ্ত করা হয়েছে।

গোপন সূত্রে খবর পেয়ে কালচিনি থানার পুলিশ ও বক্সা ব্যঘ্র প্রকল্পের অধীন হ্যামিল্টনগঞ্জ রেঞ্জের বনকর্মীরা শুক্রবার ভোরে যৌথ অভিযান চালিয়ে কালচিনির মেচপাড়া চা বাগানের পাকা লাইনে ১০টি বড় চোরাই সেগুন কাঠের গুঁড়ি বাজেয়াপ্ত করেন। ঘটনার পরই দুষ্কৃতীরা পলাতক। তাদের খোঁজ চলছে। কালচিনি থানার পুলিশ জানিয়েছে, এই ধরনের অভিযান লাগাতার চলবে।


**PRESS NOTICE INVITING e-TENDER NO: e-PT-34/EE/RD/TLM-DIV/2022-23, Dt.11.10.2022.**

The Executive Engineer, R.D. Teliamura Division, Khowai Tripura invites online percentage rate e-tender in two bid system in Tripura PWD form-7 from eligible bidders up to **3.00 P.M** on **25/10/2022** for **02 (Two) nos.** works. For details visit website- https://tripuratenders.gov.in and contact **03825-262095/8731074766.** Any subsequent corrigendum will be available in the website only.

**Sd/- Illegible**
**Executive Engineer**
**R.D. Teliamura Division**
**Teliamura, Khowai Tripura**

**ICA-C-2538/22**

**NOTICE INVITING TENDER (NIT)**

PNIT No.: 27/EE/PWD(R&B)/STB/2022-23 dated: 30-09-2022

The Executive Engineer, PWD(R&B) Santirbazar Division, Santirbazar South Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:

**1. Name of work:** Improvement of road from NH-08 to Mahamuni Buddha Mandir and BB road via Santirbazar Motor Stand, Mahamuni, Kalacherra (L=4.875) under RIDF XXVIII of NABARD.
**2. Estimated Cost:** Rs. 3,80,09,544.00
**3. Bid Fee: Rs. 8,000.00**
**4. Last date & time for online Bidding: 20-10-2022 up to 3:00 PM**

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal **https://tripuratenders.gov.in**

For & on behalf of Governor of Tripura
Sd/illegible
Executive Engineer, PWD(R&B)
Santirbazar Division,
Santirbazar South Tripura.

ICA-C-2542-22

সংখ্যালঘু কল্যাণ দপ্তর
ত্রিপুরা সরকার

সংখ্যালঘু কল্যাণ দপ্তরের বেগাম হজরত মহল ন্যাশনাল স্কলারশিপ স্কিম সম্পর্কিত বিজ্ঞপ্তি
২০২২-২৩

ভারত সরকারের সংখ্যালঘু কল্যাণ সম্পর্কিত মন্ত্রক ২০২২-২৩ শিক্ষাবর্ষে বেগাম হজরত মহল ন্যাশনাল স্কলারশিপ স্কিমের অধীনে স্কলারশিপ প্রাপ্তির জন্য সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যথা মুসলিম, শিখ, জৈন, বৌদ্ধিস্ট, খ্রিস্টান এবং পার্শি সম্প্রদায়ভুক্ত ছাত্রীদের উক্ত প্রকল্পে www.scholarships.gov.in ওয়েবসাইটে online আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আবেদন করার সময়সীমা ও যোগ্যতাবলি ঃ

১) বেগাম হজরত মহল ন্যাশনাল স্কলারশিপ-এর আবেদন করা যাবে আগামী ১৫ই অক্টোবর, ২০২২ ইং পর্যন্ত।

২) দরখাস্তকারীকে চূড়ান্ত বার্ষিক পরীক্ষায় ৫০ শতাংশ বা ততোধিক নম্বর অবশ্যই পেতে হবে।

৩) বিস্তারিত বিবরণের জন্য www.scholarships.gov.in ওয়েবসাইটে login করতে হবে।

বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/কলেজ/বিদ্যালয়সমূহের জন্য

Online আবেদনপত্র Institute Level Verification করার জন্য সময়সীমা বেগাম হজরত মহল ন্যাশনাল স্কলারশিপ-এর জন্য আগামী ৩১ অক্টোবর, ২০২২ ইং পর্যন্ত।

স্বাক্ষর অস্পষ্ট
অধিকর্তা

ICA/D/1186/22

সংখ্যালঘু কল্যাণ দপ্তর, ত্রিপুরা সরকার।

KRISHI VIGYAN KENDRA NORTH TRIPURA, PANISAGAR
Department of Agriculture, Govt. of Tripura
P.O. Panisagar, District: North Tripura, Pin – 799260
E-mail: kvknorthtripuraa@gmail.com Tele/Fax No. (03822)-261 043

**No.F.4(12)/KVK/N/PNS/CCINM/FD/2022-23/295 Date: 13/10/2022**

**Registration for Training**

KVK North Tripura, Panisagar will organize "15-days Certificate Course on Integrated Nutrient Management for fertilizer dealers (First batch only for 30 numbers) of North Tripura and Unakoti Districts only under Self-finance mode (100%)" during 2022-23 tentatively, from 26th October, 2022. Interested dealers of both North and Unakoti districts (only) are requested to nominate themselves through submitting the following documents to Shri Santanu Das, SMS (Agronomy) at KVK office (office hours of all working days) within 05:00 PM of 20th October, 2022 positively.

**1. Hard copy of duly filled application.**
**2. Recent passport photograph (two copies).**
**3. Self-attested copy of Madhyamik or equivalent pass certificate.**
**4. Self-attested copy of dealership license.**
**5. Self-attested copy of any Photo Identity Card.**

After selection, the dealers will be grouped through whatsapp and further instruction (submission of demand draft, commencement of classes, course curriculum etc.) will be informed through the whatsapp group only. Candidates will be selected as first come first serve basis only.

**Sd/-**
**Senior scientist & Head**
**KVK North Tripura, Panisagar**

**ICA/D-1196/22**

**WALK-IN INTERVIEW FOR GUEST/VISITING LECTURERS**

Applications are invited in plain paper for Walk-In-Interview for the engagement of Guest/Visiting Lecturers in the following subjects:

**Bengali, English, Political Science, History, Education, Zoology, Botany, Human Physiology, Kokborok, Commerce, Geography, Economics, Physical Education, NCC, Library Science, EVS & Disaster Management, Human Rights & Gender Studies, and IT & Computer Science.**

Candidates willing to attend the said interview are requested to bring their original certificates and submit self-attested photocopy of credentials at the office of the Principal-In-Charge, Swami Vivekananda Mahavidyalaya, Mohanpur, Tripura, on **18th October, 2022, from 11 a.m. to 3 p.m.**

**Terms & Conditions:**

1. At least 55% marks in Master's Degree (50% in case of SC/ST/PH & PhD Candidates).
2. Candidates with NETISLET/PhD shall be given preference.
3. Guest Lecturers a1eady engaged in this institution from the previous academic year need not face the interview, but they will have to submit application to show their willingness for the engagement.
4. Engagement will be made on merit basis taking into account the API score and interview and by way of maintaining the reservation policy of the State Government.
5. The engagement will be purely on temporary basis with an honorarium of Rs. 500 per class.
6. Maximum 180 nos. of classes will be allotted to each GuestNisiting Lecturer.
7. No TA/DA is admissible for attending the interview.

**Sd/- (Smt. Anita Majumder)**
**Principal I/C**
**Swami Vivekananda Mahavidyalaya**
**Mohanpur, West Tripura**

**ICA/D-1200/22**

**NOTIFICATION**

In Continuation to the earlier Notification F.14-336(1)/TW/Stipend/OTFS/2022-23/24851 dated. 05/09/2022 regarding the **One Time Financial Support (OTFS)** for economically weaker meritorious ST students pursuing different professional and other courses in Government recognised Institutes colleges, the Tribal Welfare Department, Govt. of Tripura hereby extends date for online applications from Eligible and Interested ST students through Web Application portal https://www.twscholarship.com for the year 2022-23. The link of the same will be available at the Departmental website of Tribal Welfare Department (https://twd.tripura.gov.in).

**Target number of seats for the year 2022-23: 500 nos. (Subjected to variation)**

**Starting Date for submission of Application: 06th September 2022.**

**Extension of Last Date for submission of Application: 3ist October 2022.**

**(Dr. Vishal Kumar, IAS)**
**Director, Tribal Welfare**
**Govt. of Tripura.**

**ICA-D-1198/22**




সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন আত্মসমর্পণকারী জঙ্গীদের একটি সংগঠন। ছবি নিজস্ব।

# আগর ভিত্তিক শিল্প স্থাপনে ঋণ প্রদানের আগে কদমতলা সফর করলেন বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** এলিমেন্ট প্রজেক্ট নিয়ে ত্রিপুরায় এসেছেন বিশ্বব্যাংকের কর্মকর্তারা। ত্রিপুরার আগর সেক্টরে বাণিজ্যের বিশাল সুযোগ রয়েছে। শুক্রবার উত্তরের কদমতলার আগর অঞ্চলের বেশ কয়েকটি আগর বাগান পরিদর্শন করেন তারা। উত্তর ফুলবাড়িতে অবস্থিত ত্রিপুরার সবচেয়ে বড় আগর ইন্ডাস্ট্রিটি পরিদর্শন করেন। এলিমেন্ট প্রজেক্টের মাধ্যমে বিশ্বব্যাংকের কাছ থেকে ঋণ নেবে ত্রিপুরার সরকার।

তাই বিশ্ব ব্যাংকের কর্মকর্তারা ঘুরে যান কদমতলার আগর অঞ্চল। কিভাবে আগর গাছ জন্মায়, কাঠ ও উৎপাদিত সুগন্ধি তেলের বাণিজ্য কিভাবে হয় সেই বিষয়গুলি সম্পর্কে অবগত হন তারা। বর্তমানে ত্রিপুরা থেকে কি পরিমাণে আগর অয়েল, আগর উড, চিপস বহি রাজ্য যাচ্ছে ব্যবসায়ীদের কাছ থেকে তার সম্পূর্ণ বিবরণ নেন। আগর ব্যবসায়ীরাও নানা সুবিধা অসুবিধার কথাগুলি তাদের সামনে তুলে ধরেন। ত্রিপুরা থেকে বহিরাষ্ট্রে আগর রপ্তানি করতে সাইটিজ পেপার পাওয়া যাচ্ছেনা। ত্রিপুরায় কোন টেস্টিং ল্যাব নেই, মার্কেটিং এর সমস্যা রয়েছে। তবে এই প্রতিনিধি দলের সাথে থাকা এডিশনাল পিসিসিএফ প্রবীণ অগরওয়াল তাদের জানান ধীরে ধীরে সমস্ত প্রক্রিয়া গুলি হয়ে যাবে। তবে বিশ্বব্যাংকের প্রতিনিধিরা আগরের ব্যবসাকে ভালো ব্যবসা হিসাবে উল্লেখ করেছেন।

# অসমে সুপারী রপ্তানী করার ক্ষেত্রে সমস্যা নিরসনের দাবীতে চাষীদের সড়ক অবরোধ বাগবাসায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** রাজ্যের সুপারি চাষিরা তাদের উৎপাদিত সুপারি প্রতিবেশী রাজ্য আসামে নিয়ে যাওয়ার ক্ষেত্রে জটিল সমস্যার সম্মুখীন হয়েছেন। এ বিষয়ে প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেও কোন প্রতিকার না পেয়ে শেষ পর্যন্ত তারা পথ অবরোধ আন্দোলনের শামিল হন। স্থায়ী সমাধান চেয়ে সকাল সাড়ে আটটা থেকে উত্তর জেলার বাগবাসা থানাধীন নোওয়াগাঙ্গ বাজার এলাকায় জাতীয় সড়ক অবরোধ করেন রাজ্যের সুপারী চাষীরা। চাষীদের উৎপাদিত সুপারী বৈধ কাগজপত্র দিয়েও দীর্ঘদিন যাবৎ অসম রাজ্যে প্রবেশ করতে দিচ্ছে না অসম পুলিশ। এ মর্মে রাজ্যের সুপারী ব্যবসায়ীরা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক থেকে শুরু করে কৃষি দপ্তরের ডিরেক্টরের সাথে দেখা করে বিষয়টি লিখিত আকারে অবগত করেন। কিন্তু দীর্ঘ কয়েক মাস অতিবাহিত হলেও সমাধান সূত্র বের না হওয়ায় অবশেষে বাধ্য হয়ে তাঁরা পথ অবরোধে শামিল হন।

অবরোধকারীদের বক্তব্য যতক্ষণ পর্যন্ত তাদের দাবি পূরণ না হবে, ততক্ষণ পর্যন্ত তাদের আন্দোলন জারি থাকবে। ঘটনাস্থলে আধাসামরিক বাহিনী সহ বাগবাসা ও পানিসাগর থানার পুলিশ গিয়ে অবরোধ প্রত্যাহার করার জন্য চেষ্টা চালিয়েছেন।

# কল্যাণপুরে বিলেতি মদের দোকানে চোরের হানা

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১৪ অক্টোবর।।** কল্যাণপুর বিলেতি মদের দোকানে নিশী কুটুমবের হানা।আবারো চুরির ঘটনা সংঘটিত হলো কল্যাণপুরে। এবার চুরির ঘটনার সংঘটিত হয় কল্যাণপুর বিলেতি মদের দোকানে। প্রাপ্ত খবরে জানা যায় বৃহস্পতিবার রাতে কোন এক সময় কল্যাণপুর থানা এলাকার বাজার কলোনি শ্মশানঘাট সংলগ্ন বিলিতি মদের দোকানে নিশি কুটুম্বের দল হানা দেয়। অভিযোগ রীতিমতো দোকান ঘরের টিন কেটে চোরের দল হানা দেয়। নিয়ে যায় বিভিন্ন ব্র্যান্ডের মদ। খবর পেয়ে ঘটনাস্থলে আজ অর্থাৎ শুক্রবার সকালে ছুটে যায় কল্যাণপুর থানার পুলিশ। গোটা ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। প্রসঙ্গত গত বছরও এই বিলিতি মোদের দোকানে চুরি হয়েছিল কিন্তু পুলিশ কোন চোরকে গ্রেফতার করতে পারেনি। তাহলে প্রশ্ন হচ্ছে এবার কি চোরকে গ্রেফতার করতে পারবে পুলিশ সেই প্রশ্নই ঘুরপাক খাচ্ছে জনমনে। চুরির ঘটনায় গোটা কল্যাণপুর এলাকার জনমনে চাঞ্চল্য দেখা দিয়েছে। কল্যাণপুর থানা থেকে বেশি দূরে নয় এই দোকান। প্রশ্ন হচ্ছে কারা এমন করল বা এর পেছনে কি রহস্য লুকিয়ে রয়েছে। সবটাই বেরিয়ে আসবে পুলিশি তদন্তের মধ্য দিয়ে।

# ইন্ডিয়ান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক-এর উদ্যোগে রক্তদান ও অঙ্গদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** ইন্ডিয়ান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক-এর উদ্যোগে শুক্রবার অনুষ্ঠিত হয় এক রক্তদান ও অঙ্গদান শিবির। রাজধানীর আইজিএম হাসপাতালে এই শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক ডাক্তার দিলীপ কুমার দাস, এজিএমসি-র মেডিকেল সুপার সঞ্জীব দেববর্মা সহ অন্যান্যরা। এইদিনের শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে বিধায়ক ডাক্তার দিলিপ কুমার দাস বলেন ইন্ডিয়ান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক যে উদ্যোগ গ্রহণ করেছে, এইটা একটা শুভ উদ্যোগ। ডাক্তাররা সারাদিন মানুষের সেবা করেন। তার পাশাপাশি তারা নিজেদের রক্ত দিয়ে সমাজের সেবা করছেন। সমাজের পক্ষে এই ঋন শোধ করা কঠিন।

# আরও এক চাকরিচ্যুত শিক্ষকের মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** প্রয়াত হলেন আরও এক চাকুরিচ্যুত শিক্ষক। বৃহস্পতিবার জিবি হাসপাতালে মৃত্যুর কোলে ঢলে পড়েন চিন্ময় কলই। চিন্ময় কলই চাকরি হারানোর পর থেকে মানসিকভাবে ভেঙে পড়েছিলেন এবং বিভিন্ন রোগে আক্রান্ত হন তিনি। এ পর্যন্ত ১৪২ জন চাকরিচ্যুত শিক্ষক প্রয়াত হয়েছেন। খবর পেয়ে ছুটে যায় তিপ্রা মথার সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মন এবং চাকরিচ্যুত শিক্ষক শিক্ষিকারা।

# টমটমের সাথে সংঘর্ষে গুরুতর আহত বাইক চালক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** টমটম ও বাইকের মধ্যে সংঘর্ষের জেরে আহত হল এক যুবক। ঘটনা খোয়াই জেলা হাসপাতাল সংলগ্ন এলাকায়। ঘটনার বিবরণে জানা যায় এক যুবক বাইক নিয়ে খোয়াই শহরের দিকে আসছিল। বাইকের সামনে ছিল একটি টমটম। বাইকে থাকা যুবক টমটমটিকে ওভারটেক করার সময় আচমকা অপর একটি টমটম বাইকের সামনে এসে পড়ে। এতে বাইক ও টমটমের মধ্যে সংঘর্ষ ঘটে। ফলে অল্প বিস্তর আহত হয় বাইক চালক। সাথে সাথে আহত বাইক চালককে নিয়ে যাওয়া হয় খোয়াই জেলা হাসপাতালে। পরবর্তী সময় খোয়াই জেলা হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ঐ যুবককে ছেড়ে দেওয়া হয়।

# ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের নতুন চেয়ারপার্সন হলেন হিমানী দেববর্মা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন হিসাবে দায়িত্ব গ্রহণ করলেন হিমানী দেববর্মা। তিনি বিদায়ী চেয়ারপার্সন নিলিমা ঘোষের স্থলাভিষিক্ত হয়েছেন। শুক্রবার রাজধানীর গোর্খাবস্তিস্থিত শিশু সুরক্ষা কমিশনের কার্যালয়ে বিদায়ী চেয়ারপার্সন নিলিমা ঘোষ দায়িত্ব বুঝিয়ে দেন নব নিযুক্ত চেয়ারপার্সন হিমানী দেববর্মার হাতে। হিমানী দেববর্মার হাতে দায়িত্ব বুঝিয়ে দেওয়ার পর বিদায়ী চেয়ারপার্সন নিলিমা ঘোষ জানান ওনাকে চেয়ারপার্সনের পদ থেকে সরানো হয়নি। ওনার বয়স ৬৫ বছর হয়ে গেছে। তাই তিনি বয়স জনিত কারনে স্বেচ্ছায় শিশু সুরক্ষা কমিশনের পদ থেকে অব্যাহতি চেয়েছেন। আরও আগেই তিনি চেয়ারপার্সনের পদ থেকে অব্যাহতি চেয়েছেন। কিন্তু প্রসেসিং করতে কিছুটা সময় লেগেছে। তিনি আশা ব্যক্ত করেন শিশু সুরক্ষা কমিশনের নব নিযুক্ত চেয়ারপার্সন আগামিদিনে শিশু সুরক্ষা কমিশনের কাজকে এগিয়ে নিয়ে যাবেন।

# বর্তমান সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাবে সিপিআই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** শুক্রবার ভারতের কমিউনিস্ট পার্টির ২৪ তম পার্টি কংগ্রেস উপলক্ষে পার্টির সদর বিভাগীয় দপ্তর বীরচন্দ্র দেববর্মা স্মৃতি ভবন ও রাজ্য দপ্তর জুনু দাস ভবনে পতাকা উত্তোলন করা হয়। পরবর্তী সময় রাজ্য নেতৃত্ব ধনমনি সিং জানান, ১৯২৫ সালে ভারতবর্ষে কমিউনিস্ট পার্টির জন্ম গ্রহণ করে এবং সেই থেকে ভারতের কমিউনিস্ট পার্টি এখন পর্যন্ত ঐতিহ্য, নীতি এবং দেশবাসীর প্রতি যে সম্মান তা আন্দোলনের মাধ্যমে করে যাচ্ছে। দেশে প্রায় অধিকাংশ রাজ্যে সি পি আই দল রয়েছে এবং জনগণের স্বার্থে দল বড় ভূমিকা পালন করে চলেছে। বিশেষ করে যে পার্টি কংগ্রেস অনুষ্ঠিত হতে চলেছে তার থেকে বর্তমান সরকারের জন বিরোধী নীতির বিরুদ্ধে আগামী দিনের আন্দোলন কর্মসূচি গ্রহণ হবে বলে জানান তিনি।

# ফের জাতীয় সড়ক অবরোধের ডাক দিল আত্মসমর্পণকারী জঙ্গীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** ডিপ্রাইভ রিটার্নিং মুভমেন্ট কমিটির নাম দিয়ে সাংবাদিক সম্মেলন করে আন্দোলন কর্মসূচীর ঘোষণা। শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে ফের একবার ডিপ্রাইভ রিটার্নিং মুভমেন্ট কমিটির সাধারন সম্পাদক অমৃত রিয়াং সাংবাদিক সম্মেলন করে জাতীয় সড়ক অবরোধের হুমকী দেন। তিনি জানান ৯ দফা দাবীতে দীর্ঘ দিন যাবত তাদের আন্দোলন কর্মসূচী চলছে। কিন্তু এই দাবী পুরণে এখনো কোন সুরাহা হয়নি। তাই আগামী ৩০ অক্টোবরের মধ্যে দাবি গুলির সমাধান না হলে আগামী ৫ নভেম্বর থেকে চম্পকনগর চন্দ্র সাধুপাড়ায় অনির্দিষ্ট কালের জন্য জাতীয় সড়ক অবরোধ করবেন তারা।

# স্ত্রীর মাথা থেঁতলে খুন, পণের জন্য অত্যাচারের অভিযোগ

মালদা, ১৪ অক্টোবর (হি স)। দাবি মতো পণের টাকা দিতে পারেননি বাবা। যার জেরে প্রাণ গেল মালদার ইংরেজবাজারের বধূর। বাপের বাড়ির অভিযোগ, খুন করা হয়েছে তাঁদের মেয়েকে। অভিযোগ, ভারী বস্তু দিয়ে থেঁতলে খুন করা হয়েছে বধূকে। ঘটনার পর থেকেই পলাতক মৃতার স্বামী ও শ্বশুরবাড়ির লোকেরা। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

জানা গিয়েছে, মৃতার নাম রিংকি শীল মণ্ডল। বয়স ২৬ বছর। মালদা শহরের কৃষ্ণপল্লী নেতাজি কলোনির বাসিন্দা ছিলেন তিনি। যদুপুরের বাসিন্দা ছোটন মণ্ডলের সঙ্গে প্রণয়ের সম্পর্কে জড়িতে পড়েছিলেন তরুণী। দুই পরিবারের সম্মতিতেই তাঁদের চার হাত এক হয়। ওই দম্পতির এক সন্তানও রয়েছে। অভিযোগ, বিয়ের পর থেকেই নাকি পণের জন্য তরুণীর উপর অত্যাচার করত পরিবারের লোকেরা। মারধর করা হত।

মৃতার বাবার অভিযোগ, সম্প্রতি একটি টোটো কেনার সাধ হয় তাঁর জামাইয়ের। সেই জন্য স্ত্রীকে পণ হিসেবে ২ লক্ষ টাকা বাপের বাড়ি থেকে নিয়ে আসার জন্য চাপ দিতে থাকে। তা নিয়ে নাকি অশান্তিও চলছিল। রিংকিদেবীর উপর শারীরিক ও মানসিক নির্যাতন চলছিল। এসবের মাঝেই বৃহস্পতিবার গভীর রাতে শ্বশুরবাড়িতে ঘর থেকে উদ্ধার হয় রিংকির ক্ষত বিক্ষত দেহ।

# বিকট শব্দে থামল হাওড়াগামী ট্রেন, আতঙ্কে নামতে গিয়ে আহত কিছু যাত্রী

কলকাতা, ১৪ অক্টোবর (হি. স.) : শুক্রবার সাতসকালে ট্রেনে বিপত্তি হল। হাওড়া আসার পথে পাঁশকুড়া স্টেশনের কাছে বিকট শব্দ করে ঝাঁকুনি দিয়ে থমকে গেল হলদিয়া-হাওড়া লোকাল। ঘটনার জেরে আতঙ্কে হুড়মুড়িয়ে ট্রেন থেকে নামার চেষ্টা করেন যাত্রীরা। বেশ কয়েকজন যাত্রী জখম হয়েছেন বলে খবর।

জানা গিয়েছে, অন্যান্য দিনের মতোই শুক্রবার সকালে ৭ টা বেজে ১০ মিনিটে হলদিয়া স্টেশন থেকে হাওড়ার উদ্দেশে রওনা দেয় হলদিয়া-হাওড়া লোকাল। পাঁশকুড়া স্টেশনে ঢোকার কিছুটা আগে আচমকা বিকট শব্দ করে ঝাঁকুনি দিয়ে থমকে যায় ট্রেনটি। স্বাভাবিকভাবেই আতঙ্কিত হয়ে পড়েন যাত্রীরা। তাঁরা বুঝে উঠতে পারছিলেন না ঠিক কী হয়েছে। সঙ্গে সঙ্গে হুড়োহুড়ি করে সকলে ট্রেন থেকে নেমে যাওয়ার চেষ্টা করেন যাত্রীরা। একে একে নেমে পড়েন বহু যাত্রী। বেশ কয়েকজন যাত্রী জখম হন। যদিও কারও আঘাতই বিশেষ গুরুতর নয়।

# মেট্রো রেলের ক্ষতিগ্রস্তদের অবিলম্বে পুনর্বাসনের দাবি তথাগত রায়ের

কলকাতা, ১৪ অক্টোবর (হি স)। মেট্রো রেলের ফাটলে ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের জন্য অবিলম্বে পুনর্বাসনের দাবি তুললেন প্রাক্তন মেট্রো প্রকৌশলী তথাগত রায়।

শুক্রবার তিনি টুইটারে লিখেছেন, ''একজন প্রাক্তন মেট্রো প্রকৌশলী হিসাবে আমি মনে করি যে মদন দত্ত লেনের ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের জন্য অবিলম্বে প্রয়োজনীয়তা হল তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করা। তারপরে ক্ষতিপূরণ। এর সঙ্গে রাজনীতি মেশানো, টিএমসি পার্টির মধ্যে ফাটলের কথা বলা ইত্যাদি শুধু বোকামিই নয়, অমানবিকও।''

প্রসঙ্গত, শুক্রবার ভোরবেলায় মদন দত্ত লেনের বেশ কয়েকটি বাড়িতে বড় বড় ফাটল দেখা দেয় বলে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। আতঙ্কে বাড়ি ছেড়ে বাইরে বেরিয়ে আসেন বাসিন্দারা। তারপরই তাঁরা ইস্ট-ওয়েস্ট মেট্রো কর্তৃপক্ষের বিরুদ্ধে এলাকায় বিক্ষোভ দেখাতে শুরু করেন। ঘটনাস্থলে মেট্রো আধিকারিকরা এসে পৌঁছন। তাঁদের ঘিরে বিক্ষোভ দেখান বাসিন্দারা। তাঁদের এলাকায় ঢুকতে বাধাও দেওয়া হয়। ঘটনাস্থলে মোতায়ান করা রয়েছে পুলিশবাহিনী।

# 'দুর্নীতি' মামলায় সৌমেন্দুকে ফের কাঁথি থানায় তলব

পূর্ব মেদিনীপুর, ১৪ অক্টোবর (হি স)। 'দুর্নীতি' মামলায় শুভেন্দু অধিকারীর ভাই সৌমেন্দুকে ফের কাঁথি থানায় তলব করা হয়েছে শুক্রবার। তার আগে নতুন করে একটি নোটিস পেলেন কাঁথি পুরসভার প্রাক্তন চেয়ারম্যান তথা অধুনা বিজেপি নেতা সৌমেন্দু অধিকারী।

পুলিশ সূত্রে খবর, ২০১৯ সালে একটি আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ দেখতে ইংল্যান্ডে গিয়েছিলেন শিশির-পুত্র। খরচ করেছিলেন প্রায় সাড়ে ১৮ লক্ষ টাকা। কিন্তু সৌমেন্দু তখন কাঁথি পুরসভার চেয়ারম্যান। ভাতা পেতেন মাত্র সাড়ে ৬ হাজার টাকা। প্রশ্ন, তা হলে কী ভাবে এত অর্থব্যয় করে বিদেশযাত্রা করলেন? সেই সংক্রান্ত তথ্য জানতে সৌমেন্দুকে নোটিস পাঠিয়েছে কাঁথি থানা। সামান্য সরকারি ভাতায় কী ভাবে লক্ষ লক্ষ টাকা খরচ করে বিনোদনের জন্য বিদেশে গেলেন, তা নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে তাঁকে।

এ নিয়ে কাঁথি থানার পুলিশের তরফে একটি নোটিস গিয়েছে অধিকারী বাড়ি 'শান্তিকুঞ্জে'। উল্লেখ্য, কাঁথি পুরসভার ৪ নং ওয়ার্ডের তৎকালীন এবং বর্তমান কাউন্সিলর আলেম আলি খান, জাভেদ আখতার এবং রামচন্দ্র পণ্ডারাও ছিলেন সৌমেন্দুর সঙ্গে।উল্লেখ্য, একই সঙ্গে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকেও একটি নোটিস পাঠিয়েছে তমলুক থানা। তাঁর বিরুদ্ধে জনসভায় বিতর্কিত মন্তব্যের অভিযোগ উঠেছে।

# দেশে দৈনিক করোনা সংক্রমণ ফের আড়াই হাজারের বেশি

নয়াদিল্লি, ১৪ অক্টোবর (হি.স.) : স্বস্তি কাটিয়ে পরপর তিনদিনই দেশে আড়াই হাজারের বেশি দৈনিক করোনা সংক্রমণ। বাড়ছে অ্যাকটিভ রোগীর সংখ্যাও। শুক্রবার দেশের কোভিড বুলেটিনে নজর রাখলেই বৃহস্পতিবারের তথ্য-পরিসংখ্যানের সঙ্গে তফাৎ চোখে পড়বে।শুক্রবার দেশের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের তরফে দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন ২৬৭৮ জন। যা বৃহস্পতিবার ছিল প্রায় ২৮০০। এই মুহূর্তে অ্যাকটিভ করোনা রোগীর সংখ্যা ২৫,৫৮৩, যা আগের দিন আরও খানিকটা কম ছিল। আর এই ঊর্ধমুখী অ্যাকটিভ কেস চিন্তায় রাখছে স্বাস্থ্যমহলকে।দেশে গত ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়ে উঠেছেন ২৫৯৪ জন। সুস্থতার হার ৯৮.৭৬ শতাংশ। বৃহস্পতিবারও এই হার ছিল একই। দেশের মোট অ্যাকটিভ করোনা রোগীর সংখ্যা মোট আক্রান্তের ০.০৬ শতাংশ। দৈনিক পজিটিভিটি রেট ১.১৩ শতাংশ, সাপ্তাহিক হিসেবে এই হার ১.০৭ শতাংশ। স্বাস্থ্যমন্ত্রকের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় প্রায় ৫ লক্ষ ৯৪ হাজার ডোজ দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত সবমিলিয়ে ২১৯ কোটি ২১ লক্ষের বেশি টিকার ডোজ পেয়েছেন দেশবাসী। চলছে বুস্টার ও প্রিকশন ডোজদানের পালা।

# বাংলাদেশে গরু পাচারের চেষ্টা, বিএসএফের গুলিতে মৃত্যু গরু এবং পাচারকারীর

শিলিগুড়ি, ১৪ অক্টোবর (হি স)। গরু পাচার করতে গিয়ে বিএসএফের গুলিতে প্রাণ গেল এক পাচারকারীর। পাশাপাশি গরুটিরও গায়ে একটি গুলি লাগে। অকুস্থলে সেটি লুটিয়ে পড়ে।

রাতের অন্ধকারে সীমান্ত এলাকায় গুলির এই ঘটনায় এলাকায় উত্তেজনা দেখা দিয়েছে।শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্গত ফাঁসিদেওয়া ব্লকের চটহাট অঞ্চলের মুড়িখাওয়া এলাকার ঘটনা। অন্ধকারে গুলি লেগে একটি গরু মারা যায়। গুরুতর জখম হয়েছে আরও একটি গরু। শুক্রবার সকালে এই ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শনে যান বিএসএফের উচ্চপদস্থ আধিকারিকরা। ঘটনাস্থলে গিয়েছে ফাঁসিদেওয়া থানার পুলিশ। উত্তেজনা প্রশমন করতে এখন গোটা গ্রামে ঘিরে রয়েছে বিএসএফ এবং পুলিশ।এলাকার পঞ্চায়েত সদস্য সামসুল হক জানান , "আমাদের ওই গ্রামে ঢুকতে দিচ্ছে না। মনে হয় মুড়িখাওয়া গ্রামের বা আশপাশের এলাকার ছেলে। তবে রাতে গোলাগুলির শব্দে আমরা ভয় পেয়ে গিয়েছিলাম।"

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# দিচ্ছেন মথায়

● **প্রথম পাতার পর**

মথা যোগ দিয়েছেন। সম্প্রতি বিজেপি বিধায়ক পদে ইস্তফা দিয়ে বুর্বুমোহন ত্রিপুরাও তিপরা মথা দলে যোগ দিয়েছেন।ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রতন চক্রবর্তী বলেন, নিয়ম মেনেই ধনঞ্জয় ত্রিপুরা বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়েছেন। সমস্ত কিছু পরীক্ষা-নিরীক্ষার পর তাঁর পদত্যাগ পত্র গ্রহণ করা হয়েছে। আজ থেকেই তিনি বিধায়ক থাকছেন না। অধ্যক্ষ বলেন, ব্যক্তিগত কারণে বিধায়ক পদে থাকতে চাইছেন না ধনঞ্জয় ত্রিপুরা।প্রসঙ্গত, ত্রিপুরা বিধানসভায় বর্তমানে চারটি আসন শূন্য রয়েছে। বৃষকেতু দেববর্মা, বুর্বুমোহন ত্রিপুরা, বিপ্লব কুমার দেব এবং ধনঞ্জয় ত্রিপুরার আসন শূন্য হয়েছে। বিপ্লব কুমার দেব রাজ্যসভার সাংসদ নির্বাচিত হওয়ায় বিধায়ক পদ থেকে পদত্যাগ করেছেন। বাকি তিনজন বিধায়ক পদ থেকে পদত্যাগ করে তিপরা মথা দলে যোগ দিয়েছেন। রাজনৈতিক মহলে জোর গুঞ্জন শুরু হয়েছে, চলতি মাসে আরও একজন আইপিএফটির বিধায়ক বিধানসভার সদস্যপদ থেকে ইস্তফা দিয়ে তিপরা মথা দলে নাম লেখাতে চলেছেন। তিনি একদা মন্ত্রিসভার সদস্য ছিলেন।

# কনস্টেবল

● **প্রথম পাতার পর**

নিরুপম দত্ত অভিযুক্তকে বাচাঁনোর প্রচেষ্টা চালিয়ে যায়। নানান প্রকারের আইনি জটিলতা দেখিয়ে মহিলাকে মামলা প্রত্যাহার করার জন্য প্রচেষ্টা চালিয়ে যায় মহকুমার পুলিশ আধিকারিক এমনটাই অভিযোগ। অবশেষে সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়ে শুক্রবার অভিযুক্ত মঙ্গল সাহাকে বিলনিয়া জেলা ও দায়রা আদালতে প্রেরণ করা হয়। সেখানে অভিযুক্তকে ১৪ দিনের জেল হেপাজতের আদেশ দেওয়া হয়েছে বলে জানা যায়। এই বিষেয় বাইখোড়া থানায় শান্তির বাজার মহকুমার সাংবাদিকরা সংবাদ সংগ্রহ করতে গেলে মহকুমার পুলিশ আধিকারিক বাইখোড়া থানার ভারপ্রাপ্ত অফিসারের নিকট ফোনে স্পষ্টভাবে জানিয়ে দেন সাংবাদিকদের কোনো প্রকার ভিডিও ফুটেজ ও কোনো প্রকার তথ্য দেওয়া যাবে না। জানা যায় অভিযুক্তের বিরুদ্ধে বাইখোড়া থানার ২০২২ এর ২৩ নং কেইসে ইউ/ এস ৪৯৪ আই পি সি ৪১৭ /৩৭৬ আই পি সি এক্টে মামলা গ্রহন করা হয়েছে। অবশেষে কোটের সিদান্তক্রমে মহকুমা পুলিশ আধিকারিক নিরুপম দত্তের সকল প্রচেষ্টা ব্যর্থ হলো।

# অপহরণ

● **প্রথম পাতার পর**


কাজে ব্যস্ত ছিলেন। এমন সময় টিআর-০৬-আইএইচ ২০২৪ নম্বরের একটি মারুতি ভ্যান গাড়ি করে কয়েকজন লোক ষষ্ঠ শ্রেণীতে পড়ুয়া নাবালক সঞ্জিত দেবনাথকে গাড়িতে করে নিয়ে চম্পট দেয়।

মারুতি ভ্যান গাড়িটি তেলিয়ামুড়া খোয়াই সড়কের ত্রিশাবাড়ি রেলস্টেশন চত্বর এলাকায় পৌঁছতেই ওই নাবালক সুযোগ বুঝে গাড়ি থেকে রেলস্টেশন চত্বরে গিয়ে বসে থাকে। এমনটাই বক্তব্য ওই নাবালক এবং তার মার। এদিকে নাবালক ছেলে অপহরণ হওয়ার কিছুক্ষণ পরেই পরিবারের লোকজন ত্রিশাবাড়ি রেলস্টেশন চত্বরে গিয়ে হাজির হয়। পরিবারের লোকজন ওই নাবালককে নিয়ে তেলিয়ামুড়া থানার দ্বারস্থ হয়। পুলিশ ঘটনাটি তদন্ত করে দেখছে। তবে এই রহস্যজনক ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

# রাজ্যে

● **প্রথম পাতার পর**

করোনা-আক্রান্তের হার হয়েছে ৪.১৫ শতাংশ। তেমনি, সুস্থতার হার বেড়ে হয়েছে ৯৯.০০ শতাংশ। এদিকে, ০.৮৭ শতাংশ হয়েছে মৃত্যুর হার। এছাড়া ত্রিপুরায় এখন পর্যন্ত ৯৩৬ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন। স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিনে আরও জানা গিয়েছে, গত ২৪ ঘণ্টায় নতুন করে পশ্চিম জেলায় ৬ জন, সিপাহিজলা জেলায় ১ জন, খোয়াই জেলায় ১ জন, গোমতী জেলায় ৮ জন, দক্ষিণ জেলায় ১ জন এবং ঊনকোটি জেলায় ৫ জন করোনায় আক্রান্ত হয়েছেন। বাকি দুই জেলায় গত ২৪ ঘন্টায় কেউ করোনায় আক্রান্ত হননি।



# ভিনু মানকড় : ৬ দলীয় গ্রুপে ১০ পয়েন্ট পেয়ে ৫ নম্বরে ত্রিপুরা

বিদর্ভ-২৫৬/৮
ত্রিপুরা-১৩৮/৭

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। পরাজয় দিয়েই আসর শেষ করলো ত্রিপুরা। গ্রুপের শেষ ম্যাচে ত্রিপুরা ভি জে ডি ম্যাথডে পরাজিত হয় ৯৫ রানে। বিদর্ভের কাছে। এবারের আসরে ত্রিপুরার এটি দ্বিতীয় পরাজয়। অনূর্ধ-১৯ ভিনু মানকড় ট্রফি ক্রিকেটে। পুনের আম্বির ডি ওয়াই পাটিল স্টেডিয়ামে বিদর্ভের গড়া ২৫৬ রানের জবাবে ত্রিপুরা ৭ উইকেট হারিয়ে ১৩৮ রান করে। আসরে ৫ ম্যাচ থেকে ত্রিপুরার পয়েন্ট ৮। শুক্রবার সকালে টসে জয়লাভ করে ত্রিপুরার অধিনায়ক আনন্দ ভৌমিক বিদর্ভকে প্রথমে ব্যাট করার আমন্ত্রণ জানান। অধিনায়কের সিদ্ধান্ত যে সঠিক তা শুরু থেকেই বুঝিয়ে দিয়েছিলেন ত্রিপুরার বোলাররা। একসময় ৩৩ রানে ৩ উইকেট হারিয়ে খাদের কিনারায় ছিলো বিদর্ভ। মহম্মদ ফায়িজ (১৬) কিছুটা সঙ্গ দেওয়ার পর রোহিত বিঙ্করের সঙ্গে জুটি বাঁধেন জগজোৎ। ওই জুটি উইকেটে সেট হয়েই পাল্টা প্রতিরোধ গড়ে তুলেন। এবং দলকে এগিয়ে নিয়ে যেতে থাকেন। ত্রিপুরার অধিনায়ক ওই জুটিকে ভাঙ্গার জন্য তাঁর বোলারদের ঘুরিয়ে ফিরিয়ে বল করিয়েও সুবিধে করতে পারেননি। পঞ্চম উইকেটে ওই জুটি ১৪৪ বল খেলে ১১৮ রান যোগ করে দলকেভালো জায়গায় নিয়ে আসেন। রোহিত ৭৯ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ৬ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৮৫ রান করেন। এরপর অসিত সিংকে সঙ্গে নিয়ে দলকে ২৫৬ রানে পৌঁছে দেন। জগজোৎ ১০৩ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৮৫ রান এবং অসিৎ ১৯ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৪ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৭ রান। ত্রিপুরার পক্ষে দ্বীপ্তনু চক্রবর্তী (৩/২৬) এবং রাজদীপ দত্ত (২/৬৭) সফল বোলার।

জবাবে খেলতে নেমে শুরু থেকেই উইকেট হারাতে থাকে ত্রিপুরা। একসময় দলীয় ৬৭ রানে ৫ উইকেট হারিয়ে চাপে পড়ে যায় ত্রিপুরা। ওই সময় ত্রিপুরা হারায় আরমান হুসেন (৩৯ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৭),দুর্লব রায় (৫১ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২৩) এবং অরিজিৎ দেবনাথকে (৩৬ বল খেলে ১২)। ওই অবস্থায় দলনায়ক আনন্দ ভৌমিকের সঙ্গে রুখে দাড়ান সপ্তজিৎ দাস। ওই জুটি ১০১ বল খেলে ৫৩ রান যোগ করেন। আনন্দ ৬৭ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ৩৪ রান করেন। সপ্তজিৎ ৬৭ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে সর্বোচ্চ ৪১ রান করেন। মন্দালোর জন্য যখন খেলা বন্ধ হয় তখনত্রিপুরা ৪৬.৪ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৩৮ রান করে। ভি জে ডি ম্যাথডে ত্রিপুরা পরাজিত হয় ৯৫ রানে। বিদর্ভের পক্ষে রাজসিং চাভন (৩/১৭), গৌরব ফারদে (২/২৬) এবং জগজৌৎ (২/৩০) সফল বোলার।

# আন্তঃ অফিস ফুটবল ফাইনালে শনিবার কৃষি ও পূর্ত দপ্তরের লড়াই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। কৃষি দপ্তর বনাম পূর্ত দপ্তরের ফুটবল ম্যাচ। আন্তঃ অফিস ফুটবল টুর্নামেন্টের খেতাবি লড়াই। একসময় আন্তঃ অফিস ফুটবল টুর্নামেন্ট মানে মাঠ কাঁপানো লড়াই ছিল। বর্তমানে অনেকের কাছেই সেটা নস্টালজিক মনে হতে পারে। তবুও হাতেগোনা চার-পাঁচটি দপ্তর নাইন-এ-সাইড খেলেও আন্তঃ অফিস ফুটবলের অস্তিত্ব টিকিয়ে রাখার চেষ্টা করছেন বলে, পরবর্তী প্রজন্মের সাপেক্ষে সংগঠক ও খেলোয়াড়রা সত্যিই ধন্যবাদার্হ। আগামীকাল বিকেল তিনটায় নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে আন্তঃ অফিস ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে কৃষি দপ্তর ও পূর্ত দপ্তর পরস্পরের মুখোমুখি হচ্ছে। পাঁচদলীয় নকআউট ফুটবল টুর্নামেন্ট। আজ শুক্রবার দ্বিতীয় সেমিফাইনালে পূর্ত দপ্তর রিক্রিয়েশন ক্লাব ৮-২ গোলের ব্যবধানে সেক্রেটারিয়েট রিক্রিয়েশন ক্লাবকে হারিয়ে ফাইনালে প্রবেশ করে। বিজয়ী দলের পক্ষে সন্তোষ কলই-এর হ্যাটট্রিক, বাবুল দেববর্মার জোড়া গোল বেশ উল্লেখযোগ্য। এছাড়া, শ্রীকান্ত দেববর্মা ও জহর দেববর্মা একটি করে গোল করেন। খেলার প্রথমার্ধে বিজয়ী দল ২-১ গোলে এগিয়ে ছিল। বিজিত সেক্রেটারিয়েট রিক্রিয়েশন ক্লাবের পক্ষে রুপম মিয়া ও পার্থ রিয়াং দুই অর্ধে দুটি গোল করেন। বৃহস্পতিবার প্রথম সেমিফাইনালে কৃষি দপ্তর ৮-০ গোলের বিশাল ব্যবধানে শ্রম দপ্তর রিক্রিয়েশন ক্লাবকে হারিয়ে ফাইনালের ছাড়পত্র পায়।

# টিসিএ-র আসন্ন নির্বাচন ঘিরে ক্রীড়া মহলে আলোচনা তুঙ্গে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। টিসিএ-র নির্বাচনকে ঘিরে জোরদার চর্চা রাজ্যের ক্রিকেট মহলে। কাদের হাতে উঠবে আগামী তিন বছরের জন্য টিসিএ-র পরিচালনার ভার! তার দিকেই তাকিয়ে রয়েছেন আপামর রাজ্যের ক্রিকেট লাভার্সরা। শুক্রবার এমবিবি স্টেডিয়ামে মনোনয়নপত্র তোলা এবং জমা দেবার শেষ দিন ছিল। এতে ২৬ জন এদিন মনোনয়নপত্র দাখিল করলেন। তার মধ্যে একটি প্যানেলও দাখিল হলো এদিন ১৬ জনের। যার মধ্যে সভাপতি, সহ-সভাপতি, সম্পাদক, সহ-সম্পাদক, কোষাধ্যক্ষ পদের জন্য বাছাই করা ৫ জন ব্যক্তিবর্গের নাম রয়েছে। বাকি ১১ জন এপেক্সের সদস্য। এই প্যানেলে সম্পাদক হিসেবে মনোনয়নপত্র দাখিল করলেন তাপস ঘোষ। যুগ্ম সম্পাদক হিসেবে জয়ন্ত দে, কোষাধ্যক্ষ হিসেবে জয়নাল দাস, সভাপতি হিসেবে তপন লোধ এবং সহ-সভাপতি হিসেবে তিমির চন্দ রয়েছেন। এবার পালা স্ক্রুটিনির। জয়লাল দাস স্পষ্ট ভাবেই মিডিয়াকে জানালেন তাদের এই প্যানেল নাকি সর্ব সম্মতি ক্রমে অর্থাৎ সকলের মতামত রয়েছে। সবশেষে তা জমা দেওয়া হয়েছে ইলেকশন কমিশনারের কাছে। প্যানেলের প্রস্তাবক হিসেবে তিনি আশাবাদী যে, এই প্যানেল-ই আগামী তিন বছরের জন্য দায়িত্ব পাবে টিসিএ-কে পরিচালনার জন্য। মজার বিষয় হলো এবার টিসিএ-র নির্বাচনে একই পদের জন্য প্রার্থী হিসেবে মনোনয়ন দিলেন কয়েকজন।

যেমন সচিব হিসেবে মনোনয়ন পেশ করলেন তিনজন। এরা হলেন সুকান্ত ঘোষ, তাপস ঘোষ এবং সুব্রত দে। যুগ্ম সচিব হিসেবে মনোনয়ন দিলেন তিনজন। তারা হলেন জয়ন্ত দে, মনীষ ঘোষ এবং সানি সাহা। কোষাধ্যক্ষ হিসেবে মনোনয়ন পেশ করলেন বাসুদেব চক্রবর্তী এবং জয়লাল দাস। সভাপতি হিসেবে মনোনয়ন জমা দিলেন কিশোর কুমার দাস ও তপন লোধ।

সহ সভাপতি হিসেবে মনোনয়ন পত্র দাখিল করলেন তিমির চন্দ ও উপানন্দ দেববর্মা। উল্লেখ্য টিসিএল নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে আগামী ২১ অক্টোবর। মোটকথা ব্যাট বল ছেড়ে ক্রিকেট এখন আলোচনার টেবিলে। তিন বছরের জন্য টিসিএ-র দায়িত্বভার কার হাতে পৌঁছে, তাই এখন দেখার বিষয়।

# অগ্নি পরীক্ষায় পাশ ঋদ্ধিমান, তবুও হার দলের

ত্রিপুরা-১১৮/৭
পাঞ্জাব-১১৯/১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। অসহায় আত্মসমর্পন করলো ত্রিপুরা। পাঞ্জাবের বিরুদ্ধে সৈয়দ মুস্তাক আলি টি-২০ ক্রিকেটে জয়পুরের জয়পুরিয়া বিদ্যালয় মাঠে ত্রিপুরা পরাজিত হয় ৯ উইকেটে। ত্রিপুরার গড়া ১১৮ রানের জবাবে পাঞ্জাব ৩০ বল বাকি থাকতে ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। এদিন শুরুতেই ৩ উইকেট হারিয়ে চাপে পড়ে যায় ত্রিপুরা। আর এর কারনেই অসহায় আত্মসমর্পন ত্রিপুরার। ত্রিপুরার অধিনায়ক ঋদ্ধিমান সাহা দুরন্ত অর্ধশতরান করলেও দলের প্রাথমিক ব্যর্থতায়ই পরাজয়ের অন্যতম কারন। শুক্রবার সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়েই সংকটে পড়ে যায় ত্রিপুরা। দলীয় ৩ রানের মধ্যে ত্রিপুরা হারায় বিক্রম কুমার দাস (২) এবং পেশাদার ক্রিকেটার সুদীপ চ্যাটার্জিকে (০)। ব্যর্থ হয়েছেন শ্রীদাম পাল (২)। এ অবস্থায় প্রথম দুই ম্যাচে ব্যর্থ দলনায়ক ঋদ্ধিমান সাহা রুখে দাঁড়ান। প্রথমে শুভম ঘোষ এবং শেষে তৃতীয় পেশাদার ক্রিকেটার দীপক ক্ষাত্রি কিছুটা সঙ্গ দেন ঋদ্ধিমানের। ওই দুজনের সঙ্গ পেয়ে দলকে খাদের কিনারা থেকে লড়াই করার মতো জায়গায় নিয়ে যান ভারতীয় দলের প্রাক্তন উইকেট রক্ষক তথা ব্যাটসম্যান ঋদ্ধিমান। শুভম ২১ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২০ রান করেন। সপ্তম উইকেটে দীপক ক্ষাত্রিকে সঙ্গে নিয়ে ২৭ বলে ৪৬ রান যোগ করেন। ঋদ্ধিমান ৫৫ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬২ রান করেন। ত্রিপুরা নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১১৮ রান করেন। দীপক ১৪ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৫ রানে এবং রাণা দত্ত ১ রানে অপরাজিত থেকে যান। পাঞ্জাবের পক্ষে সিদ্ধার্থ কাউল (৩/৩৩) এবং মায়াঙ্ক মারকান্ডে (২/২৪) সফল বোলার। জবাবে খেলতে নেমে পাঞ্জাবের দুই ওপেনার অভিষেক শর্মা এবং প্রবশিমরাম শুরু থেকেই ঝড়ো গতিতে ব্যাট করতে থাকেন। ওপেনিং জুটিতে দুজন ৬৪ রান যোগ করে দলের জয়কে সহজ করে দেন। অভিষেক ২৯ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওওভার বাউন্ডারির সাহায্যে ২৯ রান করেন। এরপর পুখরাজ মনকে সঙ্গে নিয়ে দলকে কাঙ্কিত জয় এনে দেন প্রশিরাম। পাঞ্জাব ১৫ ওভারে ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রযোজনীয় রান তুলে নেয়। প্রবশিরাম ৪৩ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৬ রানে এবং পুখরাজ ১৮ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ রানে অপরাজিত থেকে যান। ত্রিপুরার পক্ষে চিরঞ্জীৎ পাল (১/৩৭) উইকেট পেয়েছেন। ১৬ অক্টোবর ত্রিপুরা চতুর্থ ম্যাচ খেলবে হায়দরাবাদের বিরুদ্ধে।

# রাজ্যে অনৈতিক ক্রীড়া সংগঠনের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে অভিযোগ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। দেরিতে হলেও ত্রিপুরা স্পোর্টস কাউন্সিল একটি বিশেষ উদ্যোগ নিয়েছে। বিশেষ করে রাজ্যের ক্রীড়া পরিকাঠামো উন্নয়ন এবং নৈতিক স্বীকৃতি লাভের লক্ষ্যে ভারতের সর্বোচ্চ আদালত তথা সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতির উদ্দেশ্যে কলম ধরেছেন ত্রিপুরার স্পোর্টস কাউন্সিলের সচিব অমিত রক্ষিত। গত ১১ অক্টোবর, মঙ্গলবার নং এবং. ১৭০/ টিএসসি/ দেন/ ২০২২/ ১৩২৩ সেহামূলে সুপ্রিম কোর্ট অফ ইন্ডিয়ার প্রাক্তন বিচারপতি জাস্টিস এল. নাগেশ্বর রাও-এর উদ্দেশ্যে এক চিঠিতে রাজ্য ক্রীড়া পর্ষদ সচিব শ্রীরক্ষিত ত্রিপুরা স্টেট অলিম্পিক অ্যাসোসিয়েশন নামধারী সংস্থার বিরুদ্ধে অভিযোগ পেশ করেছেন। অভিযোগ পত্র তিনি লিখেছেন, রূপক দেব রায়-এর পরিচালনাধীন ত্রিপুরা স্টেট অলিম্পিক অ্যাসোসিয়েশন নামধারী সংস্থা ত্রিপুরা স্পোর্টস কাউন্সিল এবং রাজ্য সরকারের অনুমোদন ব্যতিরেকে বিগত ১৪ বছর ধরে অনৈতিকভাবে কর্মকান্ড চালিয়ে যাচ্ছে। আজ পর্যন্ত এ ধরনের অনৈতিক ত্রিপুরা স্টেট অলিম্পিক এসোসিয়েশনকে রাজ্য ক্রীড়া পর্ষদ অনুমোদন দেয় নি। এমনকি বিভিন্ন অনুমোদিত ক্রীড়া সংস্থা থেকে সময়ে সময়ে এই ত্রিপুরা স্টেট অলিম্পিক অ্যাসোসিয়েশনের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ এসেছে। সামগ্রিক বিষয়ের পরিপ্রেক্ষিতে এই অনৈতিক সংস্থা ত্রিপুরা স্টেট অলিম্পিক এসোসিয়েশনের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে শ্রীরক্ষিত বিচারপতির কাছে অনুরোধ জানিয়েছেন। পাশাপাশি ত্রিপুরার খেলোয়াররা জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে সাবলীল ভাবে খেলাধুলা করতে পারবে বলে তিনি মনে করেন। এই অভিযোগ পত্রের সঙ্গে তিনি বিভিন্ন সংস্থা প্রেরিত অভিযোগপত্রের কপিও জুড়ে দিয়েছেন। এ বিষয়ে সুপ্রিমকোর্টের প্রাক্তন বিচারপতি এখন কি ভূমিকা নেয়, তাই দেখার বিষয়।

# ব্যাঙ্গালুরুতে মহিলা টি-২০ : বৃষ্টিতে ত্রিপুরা -উ: প্রদেশ ম্যাচ পরিত্যক্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। পরিত্যক্ত হলো ম্যাচ। মুষলধারে বৃষ্টির জন্য। শুক্রবার উত্তরেপ্রদেশের বিরুদ্ধে মুখোমুখি হওয়ার কথা ছিলো ত্রিপুরা।সিনিয়র মহিলা ক্রিকেটারদের টি-২০ ক্রিকেটে। ব্যাঙ্গালুরুর আলোর ক্রিকেট আকাদেমি মাঠে ম্যাচটি হওয়ার কথা ছিলো। কিন্তু বৃহস্পতিবার রাত থেকে মুষলধারে বৃষ্টি হওয়ায মাঐঠ খেলার অনুপযুক্ত হয়ে পড়ে। আম্পায়াররা দীর্ঘ সময় অপেক্ষা করে ম্যাচটিকে পরিত্যক্ত ঘোষনা করেন। দুদলকেই দেওয়া হয় দুই পয়েন্ট করে। ফলে জয়ের হ্যাটট্রিক করা সম্ভব হয়নি ত্রিপুরার। তিন ম্যাচ খেলে ত্রিপুরার পয়েন্ট ১০। ১৬ অক্টোবর ত্রিপুরার প্রতিপক্ষ অপেক্ষাকৃত দুর্বল মিজোরাম। বড় কোনও অঘটন না হলে ওই ম্যাচ থেকেও পুরো পয়েন্ট পাবে ত্রিপুরা। এবং গ্রুপের শীর্ষে থাকার দৌড়ে থাকবে। এদিন বৃষ্টির জন্য ম্যাচটি না হওয়ায় কিছুটা সমস্যায় রাজ্যদল। আজ জয় পেলেই অনেকটা ভালো জায়গায় থাকতে পারতো।

## স্পোর্টস ক্যারাটে চ্যাম্পিয়নশীপ রবিবার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। ত্রিপুরা স্পোর্টস ক্যারাটে চ্যাম্পিয়নশীপ ১৬ অক্টোবর অনুষ্ঠিত হচ্ছে। ধলেশ্বরে প্রান্তিক ক্লাবে হবে আসর। ওইদিন সকাল ১১ টায় আসরের উদ্বোধন করবেন ক্রীড়া পর্ষদের যুগ্ম সচিব সরযূ চক্রবর্তী। উপস্থিত থাকবেন শতদল সংঘের সচিব অধীর দেবনাথ এবং উদ্যোক্তা সংস্থার সভাপতি দিব্যেন্দু দত্ত। আসরে রাজ্যের বিভিন্ন জেলা থেকে খেলোযাড়রা উপস্থিত থাকবেন। ওই দিন বিকেলেই হবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। ত্রিপুরা স্পোর্টস ক্যারাটে সংস্থার সচিব কৃষ্ণ সূত্রধর এখবর জানিয়েছেন। তিনি আসর সুষ্ঠভাবে সম্পন্ন করতে ক্রীড়ামোদী মানুষের সহযোগিতা চেয়েছেন।

## কিল্লায় ফুটবল, জয়ী জয়েং কামি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। দুর্দান্ত ম্যাচ। তাতে জয় পেলো জয়েং কামি। নূণ্যতম গোলে পরাজিত করলো থলি কামি দলকেকে। কিল্লায় অনুষ্ঠিত নাইন-এ-সাইড ফুটবল প্রতিযোগিতায়। ডিমাকোচি স্টেডিয়ামে শুক্রবার ম্যাচের শুরু থেকে দুদলের ফুটবলাররা আক্রমাত্তক ফুটবল খেলতে থাকেন। বল দখলের লড়াইয়ে একে অপরকে ছাপিয়ে যাওয়ার চেষ্টা করে শুরু থেকেই। প্রথমার্ধ গোল শূণ্য থাকার পর দ্বিতীয়ার্ধের শেষ সময়ে থলি কামি দলের রক্ষণভাগের ফুটবলারদের ভুলে ফাকায় বল পেয়ে জয়েং কামি দলকে জয় এনে দেন তাপস জমাতিয়া। শেষ পর্যন্ত তাপসের দেওয়া নূণ্যতম গোলে জয় পায় জয়েং কামি দল। খেলা পরিচালনা করেন কৃষ্ণ উদয় জমাতিয়া।

## পাওয়ার লিফটিংয়ে দুর্দান্ত সাফল্য, অমল, তোতা মিয়ার ৬টি পদক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। দুর্দান্ত সাফল্য ত্রিপুরা দলের। বিশেষ করে অমল কুমার ঘোষ এবং তোতা মিয়ার ব্যক্তিগত তিনটি স্বর্ণপদকসহ ছটি পদক জয়ের মধ্য দিয়ে ত্রিপুরা দলের নাম জাতীয় আসরে অনেকটা উজ্জ্বলতর হয়েছে। মহারাষ্ট্রের শহর বিদর্ভে অনুষ্ঠিত হচ্ছে ন্যাশনাল পাওয়ার লিফটিং ক্লাসিক চ্যাম্পিয়নশিপ ২০২২। আট সদস্য বিশিষ্ট ত্রিপুরা দল এতে অংশ নিয়েছে। রাজ্য দলের হয়ে অমল কুমার ঘোষ ও তোতা মিয়া ছয়টি পদক পেয়ে উল্লেখযোগ্য সাফল্য এনে দিয়েছে। অমল কুমার ঘোষ ব্যক্তিগত গ্রুপে চারটি ইভেন্টের মধ্যে দুটিতে স্বর্ণপদক এবং দুটিতে রৌপ্য পদক জয় করে দুর্দান্ত সাফল্যের নজির রেখেছে। এদিকে, তোতা মিয়া ব্যক্তিগত দুটি ইভেন্টে একটি স্বর্ণপদক এবং একটি ব্রোঞ্জ পদক পেয়ে রাজ্য দলের নাম উজ্জ্বল করেছে। তাদের দুর্দান্ত সাফল্যে রাজ্যের ক্রীড়ামোদী মহল উচ্ছ অভিনন্দন জানাচ্ছে।

## রাজ্য সাবজুনিয়র দাবার আসর ২৩শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। দিল্লিতে জাতীয় সাবজুনিয়র (অনূর্ধ-১৫) দাবা প্রতিযোগিতা শুরু ২০ নভেম্বর থেকে। চলবে ২৮ নভেম্বর পর্যন্ত। তাতে অংশ নেবে ত্রিপুরা। সেই লক্ষ্যে ত্রিপুরা দলের নির্বাচনী শিবির ২৩ অক্টোবর। ওইদিন সকাল ৯ টায় নেতাজি সুভাষ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের দাবা হলঘরে হবে রাজ্য দাবার আসর। বালক এবং বালিকা উভয় বিভাগে হবে আসর। অংশ নিতে ইচ্ছুক দাবাড়ুদের সাড়ে তিনশত টাকা এন্টি ফি সহ রাজ্য দাবা সংস্থায় নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে। আসরে অংশ নেওয়ার শেষ দিন ২২ অক্টোবর। উদ্যোক্তা কমিটির সচিব অভিজিৎ ঘোষ এক বিবৃতিতে এখবর জানিয়েছেন।

## সাব্রুমে ফুটবল, জয়ী লোডিং স্পোর্টস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। জয় পেলো লোডিং স্পোর্টস দল। ৪-২ গোলে পরাজিত করলো লুধুয়া প্লে সেন্টারকে। সাব্রুমের ৪০ মন্ডল যুব মোর্চার উদ্যোগে পন্ডিত দীনদয়াল স্মৃতি প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগিতা। শুক্রবার ব্রজেন্দ্রনগর স্কুল মাঠে ম্যাচের শুরু থেকে পর্যাপ্ত প্রাধান্য নিয়ে খেলতে থাকেন লোডিং স্পোর্টস দলের ফুটবলাররা। বল দখলের লড়াইয়েও ছিলো প্রাধান্য। দক্ষতা, শক্তি এবং গতি- তিন বিভাগেই বিপক্ষকে টেক্কা দেন লুধুয়া প্লে সেন্টাকে। প্রথমার্ধে ৩-১ গোলে এগিয়ে যায় লোডিং স্পোর্টস দল। লোডিং স্পোর্টস দলের পক্ষে বিপল ত্রিপুরা দুটি, উত্তম ত্রিপুরা এবং ত্রিদীপ ত্রিপুরা একটি করে গোল করেন। বিজীত দলের পক্ষে দীনবন্ধু ত্রিপুরা এবং মান্না ত্রিপুরা গোল করেন। তবে ব্যবধান আরও বাড়াতে পারতো লোডিং স্পোর্টস দল। ম্যাচটি পরিচালনা করেন চরণ মাদ্রাজি। প্রসঙ্গত: আসরের চ্যাম্পিয়ন এবং রানার্স দল সুদৃশ্য ট্রফি সহ প্রাইজমানি বাবদ যথাক্রমে পাবে ২৫ এবং ১৫ হাজার টাকা। এছাড়া থাকবে আকর্ষনীয় পুরস্কার।

## মা মানিক রেটিং দাবা জমজমাট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।। দ্বিতীয় বারের মতো আয়োজিত মা-মানিক রেটিং দাবার টুর্নামেন্ট এখন বেশ জমজমাট পর্যায়ে। খবর লেখা পর্যন্ত সময়ে তৃতীয় রাউন্ডের খেলা চলছে। ইতিমধ্যে প্রাপ্ত খবর অনুযায়ী রাজ্যের ও ভিনরাজ্যের সমব্রত ব্যানার্জি, সুশীল সূত্রধর, রুপম মুখার্জি, এলাংবাম শশীকান্ত সিং, অর্শিয়া দাশ, দিগন্ত রায়, অনিকেত নারায়ণ বিশ্বাস, মনোজ দাস, স্নেহাল রায়, পরিজ্ঞাণ চক্রবর্তী, অরিত্র চন্দ, ঈশান দাস পর পর তিন রাউন্ডে জয়ী হয়ে তিন পয়েন্ট নিয়ে এগিয়ে রয়েছে। মোট দশ রাউন্ডের খেলা। চলবে ১৮ অক্টোবর পর্যন্ত। আগামীকাল থেকে পরপর তিনদিনও একই রকম দুই রাউন্ড করে খেলা হবে। আগরতলার এনএসআরসিসি-তে বৃহস্পতিবার থেকে ৬ দিনব্যাপী এই টুর্নামেন্ট শুরু হয়েছে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com



তিপ্রা মথা দলের মহিলা সংগঠনের র‍্যালী আগরতলায়। ছবি নিজস্ব।

# রাজ্যের প্রতিটি মহাবিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ : মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** ত্রিপুরার প্রতিটি মহাবিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ত্রিপুরার ২২টি কলেজের মধ্যে ২১টি কলেজ ইতিমধ্যেই নেক-এর স্বীকৃতি পেয়েছে। কলেজগুলিতে ছাত্রছাত্রীদের ভর্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে অনলাইনে ভর্তির ব্যবস্থা করা হয়েছে। আজ কৈলাসহরে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের নবনির্মিত বিজ্ঞান ভবনের দ্বারোদঘাটন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। ২৫ কক্ষ বিশিষ্ট দ্বিতল বিজ্ঞান ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ৯ কোটি ১৭ লক্ষ ৭০ হাজার টাকা।

বিজ্ঞান ভবনের দ্বারোদঘাটন করে মুখ্যমন্ত্রী বলেন, ১৯৫০ সালে এই কলেজটি যাত্রা শুরু করেছিল। তাপস চৈতন্য মহারাজ এই কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা। ড় শচ্চিদানন্দ ধর এই কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন। ১৯৮২ সালে ত্রিপুরা সরকার এই কলেজটি অধিগ্রহণ করেছে। বর্তমানে কলেজটিতে ২,৮৮২ জন ছাত্রছাত্রী পড়াশুনা করছে। বর্তমানে এই কলেজে ১৯টি বিষয় পড়ানো হচ্ছে। ছাত্রছাত্রীরা ১৬টি বিষয়ে অনার্স নিয়ে পড়ার সুযোগ পাচ্ছে। তাঁর দাবি, ত্রিপুরায় এখন রসায়ণ এবং বাণিজ্য শাখার ইন্টিগ্রেটেড কোর্স চালু হয়েছে। মুখ্যমন্ত্রী বিএড অনুপ্রেরণা যোজনায় ছাত্রছাত্রীদের ঋণ প্রদান করা হচ্ছে। উচ্চ শিক্ষার জন্য ইতিমধ্যেই ৯৯১ জন ছাত্রছাত্রীকে ঋণ প্রদান করা হয়েছে। উচ্চ শিক্ষার জন্য রাজ্যের ছাত্রছাত্রীদের যেন বহি:রাজ্যে যেতে না হয় রাজ্য সরকার সেই লক্ষ্যে কাজ করছে। আমবাসায় একটি মেডিক্যাল কলেজ গড়েতোলার উদ্যোগ নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, পড়াশুনার সাথে সাথে খেলাধুলাকেও সমান গুরুত্ব দিতে হবে। শিক্ষক শিক্ষিকাদের সন্মান করতে হবে। রাজ্যের উন্নয়নের স্বার্থে সময়ের কাজ সময়ে শেষ করতে মুখ্যমন্ত্রী সবার প্রতি আহ্বান জানান। প্রতি ঘরে সুশাসন কর্মসূচির অঙ্গ হিসেবে অনুষ্ঠান মঞ্চে মুখ্যমন্ত্রী হীড়াছড়া চা বাগানে কর্মরত ৫ জন চা শ্রমিকের হাতে জমির পাট্টা এবং নিবেদিতা স্বসহায়ক দলের প্রতিনিধিদের হাতে ২ লক্ষ টাকার চেক তুলে দেন।মুখ্যমন্ত্রী নবনির্মিত বিজ্ঞান ভবনের ফলক উন্মোচন করে ও ফিতা কেটে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এর পর তিনি বিজ্ঞান ভবন ঘুরে দেখেন এবং ভবন প্রাঙ্গণে গাছের চারা রোপন করেন। অনুষ্ঠানে উদ্বোধনী ও সমাপ্তি সঙ্গীত পরিবেশন করে মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা।

# পুত্রবধূর অত্যাচারে অতিষ্ঠ হয়ে থানার দ্বারস্থ শ্বশুর-শাশুড়ি

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৪ অক্টোবর।।** আমাদের সমাজ ব্যবস্থায়,প্রায় সময় শুনতে পাই কিংবা গ্রাম শহরে ও ঘটে থাকে বধূ নির্যাতন, বধূ হত্যা এমনকি শ্বশুর শ্বাশুরী হাতে নিগৃহীত পুত্রবধূ। আজকাল বতর্মান ডিজিটাল সমাজে ঘটতে চলেছে ওলটো চিত্র, তারই একটি হৃদয় বিধারক ঘটনার ঘন ঘটা পাঠকের সামনে তুলে ধরছি। সংসারজীবনে সুখ শান্তি মঙ্গলের জন্য পিতা মাতা স্ত্রী পুত্র কন্যা সন্তান রেখে কর্ম সংস্থানের জন্য বিদেশে পাড়ি। কলসীমুড়া গ্রাম পঞ্চায়েতের অন্তরগত শেওরাতলী এলাকার শাহজালাল কর্ম সুত্রে বিদেশ। বাড়িতে রয়েছে পিতা মনির হোসেন এবং মাতা আয়েশা খাতুন আর পুত্রবধূ সুরমা আক্তার ও তিন বছরের শিশু সন্তান। এত সুন্দর ছোট পরিবার তার পরও পুত্রবধূর কারনে মা বাবা সংসারে পৃথক ভাবে বসবাস করছে। শুধু মাত্র পুত্রের সুখ ও শিশু জন্য ই তবু ও সন্তান যেন দুধে ভাতে থাকে।এখন অধিকাংশ সময় ই সুরমা আক্তার শাহজালাল এর স্ত্রী মোবাইল ফোনে কথা বলা এবং ফেইসবুক ওয়াটসাফ নিয়ে ব্যস্থ সংসার এবং বাচ্চা খবর পযর্ন সঠিকভাবে করেনা।এই সব বিষয়ে শ্বশুর শ্বাশুরী জিজ্ঞাসা করতে ই তেলে বেগুনে জ্বলে ওঠেন সুরমা আক্তার।তার স্বামী দশ/এগার মাস ধরে বিদেশে, সেখান থেকে টাকা পাঠচ্ছে এবং রঙ ফুর্তি করে ওঅন্যের সহিত ফোনে আলাপচারিতার দিন গুজরান করে। শ্বশুর এবং শ্বাশুরী বৌ মাকে বলেন তুমি ফোনে রাত দিন এত কথা কার সহিত বল। পুত্র বধূর সোজাসাপ্টা উত্তর কেন আমি আপনার ছেলের সঙ্গে কথা বলি।উক্ত ঘটনার সত্যতা যাচাইবাছাই করার জন্য ছেলের নিকট ফোন করেন এবং সুরমার চলন বলন ফোনের সমস্থ ঘটনা জানান। শাহজালাল মা ও বাবাকে বলেন সপ্তাহে এক দিন অথবা দু দিন ফোন করেন। নিশ্চয়ই সুরমা অন্যের সহিত ফোনে কথা বলে।এই বিষয় নিয়েই পুত্র বধূকে জিজ্ঞাসা তার পর হইতে প্রায় চার মাস ধরে সুরমা শ্বশুর এবং শ্বাশুরী উপর অত্যাচার অকথ্য ডাষায় নির্যাতন শুরু করেছেন। প্রায় সময় লাটি সোটা এবং দা দিয়ে কুপিয়ে মেরে ফেলার ও হুমকি দেয়।অসহায় আয়েশা খাতুন এবং মনির হোসেন বৃদ্ধ বৃদ্ধা জীবন বাচাঁবার জন্য কলসীমুড়া গ্রাম পঞ্চায়েতে সুষ্ঠুভাবে শালিসীর জন্য লিখিত ভাবে আবেদন করেন এমনকি উক্ত ঘটনার সমস্থ কাহিনির আর্জি জানিয়ে বাপের বাড়ী আশাবাড়ী গ্রাম প্রধান ও তার পিতা মাতাকে জানানো হয়েছে,উক্ত বিষয়ে সুরহার জন্য।তার পর ও অনেক বার গ্রামের সাহেব সর্দার গন বুঝিয়েছেন ভাল হয়ে যাওয়ার জন্য ভুল পথ থেকে সরে আসার জন্য। কিন্তু কে শুনে কার কথা বরং নিত্যদিন ঝগড়া ঝাটি গালীগালাজ বৃদ্ধি পাচ্ছে। গোপন সুত্রে জানা যায় সুরমা আক্তারের ভাইয়ের আস্কারাতেই ঐ সব অত্যাচার এবং নির্যাতনের ঘটনা বাড়ছে, যা সমাজে লজ্জায় এবং কলঙ্কজনক,অবশেষে ধহ্য এবং মান সম্মানের কথা চিন্তা করে, ও জীবন বাচার জন্য,পুত্র বধূর হাত থেকে রক্ষা পাইবার জন্য কলম চৌড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেন পুত্র বধূ সুরমা আক্তারের বিরুদ্ধে। এখন দেখার বিষয় পুলিশ প্রশাসন এবং কলসী মুড়া ও আশাবাড়ী গ্রাম পঞ্চায়েত কি পদক্ষেপ গ্রহন করে।

# জেল থেকে মুক্তি পেতেই পৃথক মামলায় ফের গ্রেপ্তার কুখ্যাত জঙ্গি জ্যাকব রাঙ্খল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** এক কুখ্যাত উগ্রবাদী জেল থেকে ছাড়া পাবার পরেই সন্ত্রাসবাদী কার্যকলাপের অপর একটি মামলায় ফের ওই উগ্রবাদীকে গ্রেপ্তার করল তেলিয়ামুড়া থানার পুলিশ। বৃহস্পতিবার রাতে বিশালগড় থানা এলাকার প্রভুরামপুর এলাকা থেকে আটক করা হয় আত্মসমর্পণকারী এক জঙ্গিকে। ধৃত উগ্রবাদীর নাম জ্যাকব রাঙ্খল। মামলায় তাকে সেন্ট্রাল জেলে রাখা হয়েছিল।

সেন্ট্রাল জেল থেকে মুক্তি পাওয়ার পরই তাকে পুনরায় অপর একটি মামলায় গ্রেফতার করা হয়। এই খবর দিয়ে তেলিয়ামুড়া থানার এস.আই রঞ্জন বিশ্বাস জানান, জ্যাকব রাঙ্খল জেল থেকে ছাড়া পেয়ে প্রভুরামপুর এলাকায় যায়। অন্যদিকে ১৯৮৬ সালের সন্ত্রাসবাদী কার্যকলাপের কারণে জ্যাকব রাঙ্খলের বিরুদ্ধে একটি মামলাও রয়েছে তেলিয়ামুড়া থানায় এবং আদালত তার বিরুদ্ধে অর্থাৎ জ্যাকব রাঙ্খলের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছিল ওই সময়। জ্যাকব রাঙ্খল জেল থেকে ছাড়া পাবার খবর তেলিয়ামুড়া থানা পুলিশ খবরে পেয়েই গত বৃহস্পতিবার রাতে বিশালগড় থানা এলাকার প্রভুরামপুর এলাকা থেকে জ্যাকব রাঙ্খলকে গ্রেফতার করে তেলিয়ামুড়া থানায় নিয়ে আসে। ওই পুলিশ অফিসার অর্থাৎ রঞ্জন বিশ্বাস সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, জ্যাকব রাঙ্খলের বিরুদ্ধে ১৯৮৬ সালে একটি মামলা রয়েছে এবং গ্রেফতারি পরোয়ানাও রয়েছে। সেই কারণেই পুলিশ কালবিলম্ব না করে জ্যাকব রাঙ্খলকে গ্রেফতার করে। শুক্রবারই ধৃত জ্যাকব রাঙ্খলকে তেলিয়ামুড়া থানার পুলিশ আদালতে প্রেরণ করে। তাছাড়া এস.আই রঞ্জন বিশ্বাস জানিয়েছেন,, রাজধানীর এন.সি.সি থানার পুলিশ গত কিছুদিন পূর্বে সন্ত্রাসী কার্যকলাপের কারণে জ্যাকব রাঙ্খল নামের ওই উগ্রবাদীকে গ্রেফতার করেছিল এবং জেলে পাঠিয়েছিল। এবার জেল থেকে ছাড়া পাবার পর জ্যাকব রাঙ্খলকে ফের গ্রেপ্তার করলো তেলিয়ামুড়া থানার পুলিশ অন্য একটি মামলায়।

# অর্পণা কর্মকার হত্যা মামলায় গ্রেপ্তার এক যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** রাজধানী আগরতলা শহরের কল্যাণী এলাকায় ড্রেনে উদ্ধার মহিলার মৃতদেহ-তদন্তে নেমে পুলিশ চাঞ্চল্যকর তথ্য প্রকাশ করল। শুক্রবার সদরের এসডিপিও অজয় কুমার দাস জানিয়েছেন, ওই মহিলার নাম অর্পণা কর্মকার ঘোষ। ৪৫বছর বয়সী ওই মহিলাকে ধর্ষণের পর খুন করা হয়েছে নর্দমার জলে ডুবিয়ে। এই ঘটনায় জড়িত মূল অভিযুক্ত সত্য নারায়ণ ঘোষকে গ্রেপ্তার করা হয়েছে। তার বাড়ি লেম্বুছড়ায়। আগামীকাল আদালতে তোলা হবে। এসডিপিও জানিয়েছেন, ওই দিন রাতে অর্পণাকে মদমত্ত অবস্থায় প্রথমে রাস্তা থেকে তুলে নিয়ে যায় সত্যনারায়ণ। তারপর কোন একটা জায়গায় আকন্ঠ মদ্যপান করানো হয় এবং ধর্ষণের পর খুন করা হয়।

# শাসক দলকে চাপে রাখতে বিভিন্ন ইস্যু নিয়ে মাঠে নামছে কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** সামনে নির্বাচন। শাসক দলকে চাপে রাখতে বিভিন্ন ইস্যু নিয়ে মাঠে নামতে চলছে কংগ্রেস। এমনই আভাষ পাওয়া গেল কংগ্রেসের নেতৃত্বদের কাছ থেকে। এমনিতেই বেকার বঞ্চনার ইস্যুতে সরগরম রাজ্য রাজনীতিতে। প্রতিশ্রুতি মোতাবেক সাড়ে চার বছরে বেকারদের কর্মসংস্থানের তেমন সুযোগ দিতে পারেনি সরকার। সেই বেকার বঞ্চনার ইস্যু নিয়ে মাঠ কাঁপাতে চাইছে কংগ্রেস। বেকারদের কর্মসংস্থান ও বেকার ভাতা চালু করা সহ আইনশৃঙ্খলা রক্ষা করার দাবিতে ডেপুটেশান প্রদান করবে যুব কংগ্রেস। আগামী আঠারই অক্টোবর মোট পাঁচ দফা দাবিতে মহকুমা শাসকের নিকট ডেপুটেশন প্রদান করা হবে সাংবাদিক সম্মেলনে জানান যুব কংগ্রেসের দক্ষিন জেলার কমিটির সহ সভাপতি সৌম্যজিৎ দেব। পাশাপাশি এই দিন যোগ দান সভাও অনুষ্ঠিত হবে বলে জানা যায়। এই দিনের কংগ্রেসের কর্মসূচিতে উপস্থিত থাকবেন প্রদেশ কংগ্রেস সভাপতি বিরজিৎ সিনহা, বিধায়ক সুদীপ রায় বর্মন সহ রাজ্য স্তরের নেতৃত্বের এক প্রতিনিধি দল। বিলোনিয়া কংগ্রেস ভবনে শুক্রবার দুপুরে আয়োজিত হয় সাংবাদিক সম্মেলন। সাংবাদিক সম্মেলনে দক্ষিণ জেলার যুব কংগ্রেসের উদ্যোগে আঠারই অক্টোবর ডেপুটেশন ও যোগদান সভার কর্মসুচির কথা তুলে ধরেন যুব কংগ্রেসের সহ-সভাপতি। পাশাপাশি সংবাদ মাধ্যমের সামনে বেকার বঞ্চনার কথা তুলে ধরে বিজেপিকে রুখতে বেকার বঞ্চনার অবসান ঘটাতে যুবক যুবতীদের কংগ্রেসের হাত শক্তিশালী করতে আহ্বান জানান। দক্ষিণ জেলার যুব কংগ্রেসের সহ সভাপতি সৌম্যজিত দেব ছাড়াও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার যুব কংগ্রেসের সভাপতি বিশাল ধর, ব্লক যুব কংগ্রেসের সভাপতি অজিত দেবনাথ সহ প্রদেশ কংগ্রেস কমিটির সহসভাপতি ভোলানাথ ধর ও প্রাক্তন বিধায়ক দিলীপ চৌধুরী।

# মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি পালন না করলে ২০শে অক্টোবর থেকে অনশনে বসবেন চাকরিচ্যুত শিক্ষকরা

নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১৪ অক্টোবর।। গত ২৮শে সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহার সাথে সাক্ষাত করেছিল ১০৩২৩ এর চাকুরীচ্যুত শিক্ষকরা। প্রতিশ্রুতি ছিল আরটিআই নিয়ে আইনি বিশেষজ্ঞদের সাথে বিস্তারিত পর্যালোচনার নিরিখে দুর্গাপূজার পরপরই পুনরায় চাকুরীচ্যুত শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করবেন মুখ্যমন্ত্রী। কিন্তু দুর্গাপূজার পর লক্ষী পুজাও শেষ। কিন্তু এখনও ডাক আসেনি মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে। এর মধ্যে গত কয়কদিনে ৩ জন চাকুরীচ্যুত শিক্ষক প্রয়াত হয়েছেন। এর মধ্যে একজন রেলের নীচে ঝাঁপ দিয়ে মর্মান্তিকভাবে আত্মহত্যা করেছেন। বাকি ২ জন পর্যাপ্ত চিকিৎসার অভাবে এবং মানসিক যন্ত্রণা থেকে অসুস্থতার কারনে মারা যান বলে দাবি চাকুরীচ্যুত শিক্ষকদের। এখন পর্যন্ত মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৪২। এমতাবস্থায় চাকুরীচ্যুত শিক্ষকরা অধৈর্য্য হয়ে পড়েছেন। সামনেই ভিলেজ কাউন্সিল নির্বাচন। এরপর তেইশের লড়াই। তাই বর্তমান সরকার যদি সদিচ্ছা নিয়ে ১০৩২৩ এর সমাধান করতে চায় তবে হাতে আর সময় নেই। যা করতে হবে তা এখনই করতে হবে। মৃত্যুর মিছিলকে দীর্ঘায়িত না করে আরটিআই মুলে সরকার যেন চাকুরীহারা শিক্ষকদেরকে স্কুলমুখী করে এই দাবী নিয়ে ১০৩২৩ এর দুটি পৃথক প্রতিনিধি দল মুখ্যমন্ত্রী ডা.মানিক সাহার সাথে সাক্ষাত করেছিলেন। কিন্তু এখনও কোনো সাড়া না পেয়ে চাকুরীচ্যুত শিক্ষকরা আজ সাংবাদিক সম্মেলন করে ১০৩২৩ এর স্থায়ী সমাধানে আগামী ২০শে অক্টোবর পর্যন্ত সময়সীমা বেঁধে দিলেন। যদি এই সময়ের মধ্যে সরকারের পক্ষ থেকে কোনো সমাধান সূত্র বের না হয় তবে বাধ্য হয়ে ২০শে অক্টোবর থেকে অনশনে বসতে চলছে ১০৩২৩ চাকুরীচ্যুত শিক্ষক সমাজ। আজ আগরতলাস্থিত একটি বিয়ে বাড়ীতে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এমনটাই জানালেন চাকুরীচ্যুত শিক্ষক সংগঠনের নেতৃত্ব প্রদীপ বণিক। তিনি জানান, ২০১৮ বিধানসভা নির্বাচনের পূর্বে সরকার পরিবর্তনের জন্য নিজেদের জীবন বাজি রেখে ত্রিপুরা রাজ্যে প্রথম বারের মতো বিজেপি সরকার প্রতিষ্ঠার জন্য উনারা অগ্রণী ভুমিকা নিয়েছিলেন। আজও উনারা ইতিবাচক মনোভাব নিয়ে সরকারের উপর ততটাই আস্থাশীল। বর্তমান সরকার চাইলে ৩০ মিনিটের মধ্যে ১০৩২৩ এর সমাধান করে দিতে পারে বলে প্রদীপ বাবুরা আশাবাদী। এদিন সাংবাদিক সম্মেলনের পূর্বে চাকুরীচ্যুত শিক্ষকরা সাংগঠনিক সভায় মিলিত হয়ে যৌথভাবে সিদ্ধান্ত গ্রহন করেন।

এদিকে চাকুরীচ্যুত শিক্ষক নেতৃত্ব প্রদীপ বণিক আরও বলেন, তৎকালীন সরকার এবং শিক্ষা দপ্তরের আমলাদের তুঘলকি সিদ্ধান্তের ফলে এখন পর্যন্ত ১৪২ জন শিক্ষক প্রয়াত হয়েছেন। এর মধ্যে প্রায় ৫০ শতাংশ জনজাতি শিক্ষক রয়েছেন। সাম্প্রতিক সময়ে তিপ্রামথা দলের সুপ্রিমোকে ১০৩২৩ এর জন্য দরদী হতে দেখা যাচ্ছে। জনজাতিদের জন্য দরদ দেখাচ্ছেন তিনি। অথচ ১০৩২৩ এর মধ্য জনজাতি অংশের শিক্ষকরাই খুব বেশী ডিপ্রেশনের স্বীকার। ১৪২ জন প্রয়াত শিক্ষকের মধ্যে ৭০ জনের অধিক জনজাতি শিক্ষক রয়েছেন। ইদানিং ৩ জন জনজাতি শিক্ষক প্রয়াত হয়েছেন। অর্থাভাবে আত্মহত্যা করেছেন। কেউ চিকিৎসার অভাবে মৃত্যু পথযাত্রী। ১০৩২৩ কে নিয়ে প্রায় রাজনৈতিক দলই খেলেছে। কিন্তু ১০৩২৩ আর এই নোংরা রাজনৈতিক খেলার অংশ হবেনা। তাই প্রদীপ বাবু ১০৩২৩ চাকুরীচ্যুত শিক্ষক সমাজের পক্ষে বর্তমান সরকার তথা মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা এবং গোটা ক্যাবিনেটের নিকট চাকুরীচ্যুত শিক্ষকদের পুনরায় বিদ্যালয়ে পাঠানোর জন্য উপযুক্ত ব্যবস্থা শীঘ্রই গ্রহন করার দাবি জানান। এদিনকার সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক নেতৃত্ব অরবিন্দ শর্মা, প্রশান্ত দেববর্মা, প্রণব দেব, বিশ্বজিৎ বণিক সহ অন্যান্যরা।

# তেলিয়ামুড়ায় গাঁজা সহ আটক এক যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** শুক্রবার তেলিয়ামুড়া থানা এলাকার হাওয়াইবাড়ি নাকা পয়েন্টে গাঁজা উদ্ধার করেছে তেলিয়ামুড়া থানার পুলিশ। তেলিয়ামুড়া থানার এস.আই বিশ্বজিৎ দাস শুক্রবার ভ্যাহিকেল চেকিং-এ বসে গাঁজা বাজেয়াপ্ত করেন হাওয়াই বাড়ি নাকা পয়েন্টে। মাত্র ৫ কেজি ৪০০ গ্রাম গাঁজা বাজেয়াপ্ত করে পুলিশ সাংবাদিকদের সামনে ফটোসেশনে ব্যাস্ত হয়ে পড়ে।

জানা যায়, তেলিয়ামুড়া থানার এস.আই বিশ্বজিৎ দাস ভ্যাহিকেল চেকিং এ বসে সন্দেহবশত একটি নম্বর বিহীন নীল রঙ্গের স্কুটিতে তল্লাশি চালিয়ে মোট তিন প্যাকেটে ৫ কেজি ৪০০ গ্রাম শুকনো গাঁজা বাজেয়াপ্ত করেন। তাছাড়া বিশ্বজিৎ দাস জানিয়েছেন, গাঁজা গুলো নিয়ে আগরতলার দিক থেকে শাশিয়া দেববর্মা নামের এক যুবক ছৈলেংটা থানার অন্তর্গত ময়নামার দিকে যাচ্ছিল। কিন্তু তেলিয়ামুড়া থানা এলাকায় আসতেই সেই গাঁজা গুলো বাজেয়াপ্ত করে পুলিশ। তেলিয়ামুড়া থানার পুলিশ পূর্বে গাঁজা বিরোধী অভিযানে নেমে বিশাল বিশাল সাফল্য অর্জন করলেও বর্তমানে তেলিয়ামুড়া থানার পুলিশ ব্যাস্ত স্বল্প পরিমাণ গাঁজা বাজেয়াপ্ত করার কাজে। ফলে গাঁজা পাচারকারীদের বর্তমানে অনেকাংশেই সুবিধে হয়েছে। কারণ পুলিশ মননিবেশ করেছে অল্প পরিমাণ গাঁজা ধরতে। আর অন্যদিকে পাচারকারীরা কোটি কোটি টাকার গাঁজা রেল ও গাড়িতে বহিঃরাজ্যে পাচার করছে তাও আবার পুলিশের চোখের সামনে দিয়ে।




# বিয়ের ছয় মাসের মধ্যেই গৃহবধূর বিষপানে আত্মহত্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** বিয়ের ৬ মাসের মাথায় বিষ পানে গৃহবধুর মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। মৃত গৃহবধূর বাড়ি অমরপুরে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় নানা কৌতুহলের সৃষ্টি হয়েছে। বিয়ের ছয় মাসের মাথায় গত সোমবার সকালবেলায় অমরপুর এলাকায় নিজ বাড়িতে বিষপান করে গুরুতর অসুস্থ হন রুমালি জমাতিয়া নামে এক গৃহবধূ। পরে গৃহবধুর পরিবারের লোকজন তাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে উদয়পুর টেপানিয়া গোমতী জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। উন্নত চিকিৎসার জন্য সেখান থেকে জিবি হাসপাতালে রেফার করা হয়। জানা যায় আজ থেকে ছয় মাস আগে আমবাসা এসবিএম অফিসে কর্মরত বিকাশ জমাতিয়া সঙ্গে সামাজিকভাবে বিয়ে হয় রোমালি জমাতিয়া নামে ২১ বছরের ওই যুবতীর সাথে। গৃহবধূর স্বামী জানান, তাদের সংসারে ছিল না কোন অশান্তি। কি কারণে তার স্ত্রী আত্মহত্যার পথ বেছে নেয় সে বিষয়ে তিনি কিছুই জানেন না। গৃহবধূর জিবি হাসপাতালে চিকিৎসা চলাকালীন বৃহস্পতিবার রাতে মৃত্যুর কোলে ঢলে পড়ে। শুক্রবার তার মৃতদেহটি ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়। গৃহবধূর মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই কান্নায় ভেঙে পড়ে তার পরিবারের লোকজনরা। পুলিশ এ ব্যাপারে অস্বাভাবিক মৃত্যুজনিত মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# কৈলাসহরে কলেজের সায়েন্স বিল্ডিং উদ্বোধনে ব্রাত্য বিরোধী দলের স্থানীয় বিধায়ক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ অক্টোবর।।** বর্তমান সরকার বিভিন্ন সরকারি প্রকল্প উদ্বোধনের ক্ষেত্রে বিরোধী দলের বিধায়ক ও জনপ্রতিনিধিদের আমন্ত্রণ না জানানোর ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে বিরোধীদল। ঊনকোটি জেলার কৈলাশহরে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের নবনির্বিত সাইন্স বিল্ডিং এর আনুষ্ঠানিক উদ্বোধন হচ্ছে শুক্রবার। উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় বিরোধী দলের বিধায়ক এবং প্রাক্তন শিক্ষামন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়নি। তাতে তীব্র অক্ষর প্রকাশ করেছে বিরোধীদল। এ সংক্রান্ত বিষয় নিয়ে ঊনকোটি জেলার কৈলাশহরে সিপিআইএম পার্টি অফিসে এক সাংবাদিক সম্মেলন করা হয়। এই সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাক্তন কাউন্সিলর অঞ্জন রায়, প্রাক্তন কাউন্সিলার কান্তীলাল দেব এবং কৈলাশহরের বিধায়ক মোহাম্মদ মোবশ্বর আলী। বিধায়ক প্রতিবাদ করে জানিয়েছেন যে, কৈলাশহরের রামকৃষ্ণ কলেজের নব নির্মিত সাইন্স বিল্ডিং এর দ্বারোদ্ঘাটন করবেন মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। ২০১৫ সালে তৎকালীন শিক্ষা মন্ত্রী তপন চক্রবর্তী এই বিল্ডিং এর শিলান্যাস করেছিলেন। তিনি বর্তমানে চন্ডিপুরের বিধায়ক। উনাকে এবং কৈলাসহর এর বর্তমান বিধায়ককেও এই অনুষ্ঠানে আমন্ত্রণ করা হয়নি। সরকার পক্ষের এ ধরনের নেতিবাচক কর্মসূচির তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়েছে বিরোধী দল সিপিআইএম।